

আল-কুরআনের
বিষয়ভিত্তিক আয়াত

দ্বিতীয় খণ্ড

ইসলামিক ফাউন্ডেশন

আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত

দ্বিতীয় খণ্ড

সম্পাদনা পরিষদ



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত (দ্বিতীয় খণ্ড)

সম্পাদনা পরিষদ

[ইসলামী প্রকাশনা প্রকল্পের আওতায় প্রকাশিত]

ইফা গবেষণা : ৬৪/২

ইফা প্রকাশনা : ২০৬৮/২

ইফা গ্রন্থাগার : ২৯৭.১২২০৩

ISBN : 984—06—0639—5

গ্রন্থস্বত্ব : ইসলামিক ফাউন্ডেশন

প্রথম প্রকাশ

নভেম্বর ২০০৩

তৃতীয় প্রকাশ (উন্নয়ন)

আগস্ট ২০১৩

ভদ্র ১৪২০

শাওয়াল ১৪৩৪

মহাপরিচালক

সামীম মোহাম্মদ আফজাল

প্রকাশক

আবু হেনা মোস্তফা কামাল

প্রকল্প পরিচালক, ইসলামী প্রকাশনা কার্যক্রম

ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন : ৮১৮১৫৩৫

মুদ্রণ ও বাঁধাই

মু. হারুনুর রশিদ

প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন : ৮১৮১৫৩৭

মূল্য : ৪২০.০০ (চারশত বিশ) টাকা মাত্র।

AL-QURANER BISHAYBHITTIK AYAT (Subjectwise Verses of the Holy quran):

Composed and edited by a group of Scholars and Published by Abu Hena Mustafa Kamal, Project Director, Islamic Publication Project, Islamic Foundation, Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka - 1207. Phone : 8181535 August 2013

E-mail : directorpubif@yahoo.com

Website : www. islamicfoundation-bd.org.

Price : Tk 420.00 ; US Dollar : 17.00

মহাপরিচালকের কথা

বিশ্বজগতের জন্য আল্লাহ্ রাক্বুল আলামীনের শ্রেষ্ঠতম উপহার ও রহমত হল, আল-কুরআন ও সাইয়েদুল মুরসালীন হযরত মুহাম্মদ (সা)। মহান স্রষ্টার নিদর্শন ও এই মহত্তম মাধ্যম না হলে মানব জাতি ন্যায়-অন্যায়ের সুস্পষ্ট সীমারেখা, সত্য-মিথ্যার পৃথকীকরণের মানদণ্ড, পারিবারিক, সামাজিক, জাতীয় ও আন্তর্জাতিক এবং ইহকালীন ও পরকালীন কল্যাণের সামগ্রিক জীবন ব্যবস্থা লাভ করতে পারত না। আল্লাহ্ তা'আলা তাঁর অশেষ করুণা ও মেহেরবানীতে বিশ্ববাসীর মঙ্গল ও হেদায়েতের জন্য চিরন্তন জীবন দর্শন আল-কুরআন নাযিল করেছেন।

পবিত্র কুরআনের অলৌকিকতা, জীবন-বিধান হিসেবে এর শ্রেষ্ঠত্ব, মানবতা প্রতিষ্ঠায় এর ভূমিকা, হযরত মুহাম্মদ (সা)-এর অনুপম জীবন চরিত মাধ্যমে সহজেই উপলব্ধ হয়। নবী করীম (সা)-এর অনুপম জীবনাদর্শে কুরআন শরীফ সুষ্ঠু ও সুচারুরূপে প্রতিফলিত হয়ে সৃষ্টিজগতের কাছে উজ্জ্বলতম উদাহরণ পেশ করেছে। পবিত্র কুরআনের প্রতিটি শব্দ, এমনকি অক্ষরগুলো পর্যন্ত যেমন সংরক্ষিত তেমনই এর আয়াতমালার ক্রমবিন্যাস, সূরার তারতীব সবই সম্পূর্ণ সংরক্ষিত। এখানে কোন আয়াত কিংবা সূরা অগ্রপশ্চাদ করার সুযোগ নেই। পবিত্র কুরআন নিজস্ব ধারায় গ্রন্থিত। গ্রন্থিত এ ধারাও বস্তুত লাওহে মাহফুযে রক্ষিত কুরআনের মূল কপিই প্রতিবিশ্ব।

আমাদের স্বাভাবিক জীবনযাত্রায় আমরা অনেক সময় নির্দিষ্ট কোন বিষয় সম্পর্কিত কুরআনের আয়াতগুলো এক স্থানে পেতে চাই। কুরআনের বিশেষজ্ঞগণের পক্ষে এ কাজটি সহজ হলেও সাধারণ পাঠকের জন্য তা নিঃসন্দেহে কঠিন। পাঠকবৃন্দের উপরোক্ত প্রয়োজন পূরণের লক্ষ্যেই “আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত” শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়। আলোচ্য গ্রন্থ সেই গবেষণা কর্মেরই মূল্যবান ফসল।

বাংলাদেশের মুসলিম সমাজের দীর্ঘ প্রতিক্ষিত এ বিষয় ভিত্তিক আয়াত সম্বলিত গ্রন্থ দৈনন্দিন জীবনে তাঁদের জিজ্ঞাসার যথাযথ জবাব পেতে অশেষ উপকারে আসবে। এ দেশের কয়েকজন বিশিষ্ট কুরআন গবেষক ও বিশেষজ্ঞের দীর্ঘদিনের প্রচেষ্টা ও পরিশ্রমের পর এ গ্রন্থ প্রকাশ করা সম্ভব হয়েছে। আল্লাহ্ তা'আলার অগণিত হাম্দ ও শুকরিয়া। আমি গ্রন্থ রচনা ও প্রকাশের সাথে সংশ্লিষ্ট সম্মানিত গবেষকগণ এবং অত্র প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের প্রতি জানাই আন্তরিক মবারকবাদ।

আল্লাহ্ তা'আলা আমাদের কুরআন প্রদর্শিত সীরাতে মুস্তাকীমে অবিচল থেকে দুনিয়া ও আখিরাতের কল্যাণ হাসিল করার তাওফীক দান করুন। আমীন!

মহাপরিচালক
সামীম মোহাম্মদ জাফর
ইসলামিক ফাউন্ডেশন



প্রকাশকের কথা

بسم الله الرحمن الرحيم

পবিত্র কুরআন আল্লাহর কালাম। মহান আল্লাহর অবিনশ্বর বাণী। এই কুরআনের প্রতিটি বক্তব্য যেমন চিরন্তন ওহী, তেমন-এর সূরা ও আয়াতসমূহের ক্রমবিন্যাস মহান আল্লাহ পাকের মনোনীত, যা নতুন করে সংস্থাপনের কোন অবকাশ নেই। পবিত্র কুরআনের এটি অন্যতম মু'জিযা যে, আজ থেকে প্রায় দেড় হাজার বছর পূর্বে খাতামুন নাবিয়ীন হযরত মুহাম্মদ মুস্তাফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেভাবে যে তারতীব ও ক্রমবিন্যাসের উপর উম্মাতের সীনায় ও হাতে রেখে গিয়েছেন আজো সেই বিন্যাসের উপর বিদ্যমান। কোথাও কোন যুগে তাতে সামান্যতম পরিবর্তনও হয়নি। আমরা বর্তমানে যে তারতীবের উপর পবিত্র কুরআন হিফয করছি ও তিলাওয়াত করছি সেই তারতীবের উপরই প্রিয়নবী (সা) পবিত্র কুরআন নিজে মুখস্থ করেছেন, প্রতি বছর তিনি হযরত জিব্রীলকে শুনিয়েছেন, সাহাবায়ে কিরামকে মুখস্থ করিয়েছেন এবং সকলে সেই তারতীবের উপরই নামাযে দাঁড়িয়ে মহান আল্লাহর সমীপে কুরআন খতম করতেন। এই কুরআন সেই মূলকপিই হবহু অনুলিপি যা 'লাওহে মাহফূযে' সংরক্ষিত। ফকীহগণ বলেছেন, পবিত্র কুরআনের এই তারতীব ওহীরই অন্তর্ভুক্ত বিধায় নতুনভাবে কুরআনের বিন্যাস বৈধ নয়।

পবিত্র কুরআনের বিষয়ভিত্তিক আয়াত শীর্ষক গ্রন্থ দ্বারা নতুন কোন বিন্যাস উপস্থাপন করা কিংবা বর্তমান তারতীবের বিকল্প তারতীব পেশ করা আমাদের উদ্দেশ্য নয়। আমাদের উদ্দেশ্য হল, সাধারণ পাঠকগণ যেন সহজে পবিত্র কুরআন থেকে নিজের প্রয়োজনীয় বিষয়টি খুঁজে জ্ঞান আহরণ করতে পারেন সে লক্ষ্যে আয়াতগুলোকে এক একটি শিরোনামের আওতায় রেফারেন্স ও অর্থসহ পেশ করা।

বর্তমান বাংলাদেশে ইসলামী সাহিত্য চর্চা পূর্বের তুলনায় অনেকগুলো অগ্যসরমান তাতে কোন সন্দেহ নেই। মহান আল্লাহর রহমত যাঁরা আলিম বা আরবী শিক্ষিত নন তাঁরাও বাঙলা ভাষায় রচিত গ্রন্থাবলী থেকে ইসলাম সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান আহরণ করে যাচ্ছেন। ইসলামী সাহিত্য চর্চার এই অনুরাগীদের অনেককে দেখা যায় যে, তাঁরা কোন বিষয় সম্পর্কে জানতে গিয়ে শুধু কোন লেখকের বই থেকেই নয় অধিকন্তু পবিত্র কুরআন তথা স্বয়ং আল্লাহ পাকের কালাম থেকে সরাসরি বিষয়টি জানার অভিলাষ পোষণ করেন। তাঁদের এ অভিলাষ ও অনুসন্ধিৎসাকে শ্রদ্ধা জানিয়ে সামান্য কিছু খিদ্মত করার লক্ষ্যে গৃহীত হয়েছিল আমাদের “আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত” প্রকল্প। দেশের খ্যাতনামা ও নির্ভরযোগ্য আলিম ও পণ্ডিতগণের শ্রম সাধনায় গ্রন্থটির চারটি খণ্ড প্রকাশিত হয়। দ্বিতীয় খণ্ডটি প্রকাশের পর এর ব্যাপক পাঠক চাহিদার কারণে এর মওজুদ শেষ হয়েছে। সম্মানিত পাঠকগণের চাহিদার প্রতি লক্ষ্য রেখে এর তৃতীয় সংস্করণ প্রকাশ করা হলো। আমাদের বিশ্বাস গ্রন্থখানার দ্বারা সর্বস্তরের মানুষ উপকৃত হবেন।

গ্রন্থখানার রচনা, মুদ্রণ ও প্রকাশনার কাজে অনেকে আমাদের আন্তরিক সহযোগিতা করেছেন। বিশেষত সম্পাদনা পরিষদের সম্মানিত খ্যাতনামা আলিম ও প্রাজ্ঞ ব্যক্তিত্বসহ তাঁদের সকলের প্রতি আমরা কৃতজ্ঞ। অত্র প্রকল্পের কর্মকর্তা-কর্মচারী এবং ইফা প্রেসের সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি ধন্যবাদ। মহান আল্লাহ আমাদের সকলকে কবুল করুন। আমীন!

আবু হেনা মোস্তফা কামাল
প্রকল্প পরিচালক,
ইসলামী প্রকাশনা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন

[The page contains several paragraphs of text in Devanagari script, which is heavily obscured by dark, irregular ink smudges and blotches. The text is mostly illegible due to the extent of the obscuring marks.]

সম্পাদকীয়

بسم الله الرحمن الرحيم

نحمده ونصلی ونسلم على رسوله الكريم

আল-কুরআন আল্লাহ তা'আলার কালাম। মানুষের রচনারীতি থেকে এর প্রকাশরীতি ও বিষয় বিন্যাস আলাদা। একারণে একজন সাধারণ পাঠকের পক্ষে তার কাঙ্ক্ষিত বিষয় বের করা সহজ নয়। কেননা একটি বিষয় নানা স্থানে এবং কোন কোন সময় বিভিন্ন বিষয় এক স্থানে বর্ণিত হয়েছে।

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ আল-কুরআনের বিষয়বস্তু সহজে চিহ্নিত করে পাঠকদের সামনে উপস্থাপন করার জন্য “আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত” প্রকল্প গ্রহণ করে। প্রকল্পের টার্গেট বাস্তবায়নের জন্য একটি সম্পাদনা পরিষদ গঠন করে। পরিষদ আল-কুরআনের বিষয়বস্তু বিভিন্ন অধ্যায়ে বিভক্ত করে, প্রতিটি অধ্যায়ে প্রয়োজন অনুযায়ী পরিচ্ছেদে বিন্যস্ত করে এবং বিষয়ভিত্তিক আয়াত চিহ্নিত করে তরজমা প্রদানের আগে, প্রথমে সূরার নাম, সূরার নম্বর, তারপর আয়াত নম্বর দেয়া। যেমন, সূরা বাকারা, ২ : ১০। ইতিপূর্বে গ্রন্থটির প্রথম খণ্ড প্রকাশিত হয়েছে। তাতে আকাইদ সম্পর্কিত বিষয়াবলীকে বিন্যস্ত করা হয়েছে। যেমন : মহান আল্লাহ, মালাইকা, কিতাবুল্লাহ, রাসূল, রিসালাত ও অহী, কিয়ামত ও আখিরাত এবং কাযা ও কাদর।

এ খণ্ডে থাকছে ইসলাম ও মুসলিম, ঈমান ও মু'মিন, কুফর ও কাফির, শিরক ও মুশরিক, নিফাক ও মুনাফিক এবং আহকাম সম্বলিত সকল বিষয়াবলী এবং বিশ্ব সৃষ্টি ও ইতিহাস। তৃতীয় খণ্ডে থাকবে, আখিয়া আলাইহিমুস সালাম, আমসাল, আহাদ ও মীসাক, কসম এবং উলুমুল কুরআন ইত্যাদি।

আল-কুরআন এমন কিতাব যার বর্ণনায় মহান আল্লাহ বিস্তারিত অথবা সংক্ষিপ্ত কোন কিছু বাদ দেন নি। তবে তা মানুষ রচিত গ্রন্থের মত নয়। এখানে মৌলিক নির্দেশনা রয়েছে, যা থেকে মানুষ প্রয়োজনীয় দিশা লাভ করতে পারে। পবিত্র কুরআনের বিষয়ভিত্তিক আয়াত সাজানোর কাজটি খুব সহজ না হলেও সম্পাদনা পরিষদের সদস্যবর্গ আন্তরিকভাবে এ মহৎ কর্ম সম্পাদনের জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন। তবুও কিছু ভুলত্রুটি থাকা অস্বাভাবিক নয়। এ ধরনের কিছু নজরে পড়লে আমরা অনুরোধ করব, ইসলামিক ফাউন্ডেশন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য। আমাদের এ কাজে ইসলামিক ফাউন্ডেশনের অত্র প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণ যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছেন, সে জন্য তাঁদেরকে শুকরিয়া জ্ঞাপন করছি।

মহান আল্লাহ আমাদের সবার কর্ম প্রচেষ্টা কবুল করুন। আমীন!

সম্পাদনা পরিষদ

সম্পাদনা পরিষদ

অধ্যাপক ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান	চেয়ারম্যান
মাওলানা এ. কে. এম. মাহবুবুল হক	সদস্য
মাওলানা মুহাম্মদ ইমদাদুল হক	সদস্য
হাফেয মাওলানা মুখলিছুর রহমান	সদস্য
ড. আ. ফ. ম. আবু বকর সিদ্দীক	সদস্য
অধ্যাপক এ. এফ. এম. আবদুর রহমান	সদস্য
মুফ্তী মাওলানা সুলতান মাহমুদ	সদস্য
মাওলানা মুহাম্মদ মুফাজ্জল হোসাইন খান	সদস্য-সচিব

সূচিপত্র

প্রথম অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

ইসলাম ও মুসলিম / ১৫

দ্বিতীয় পরিচ্ছেদ

ঈমান ও মু'মিন / ২৯

তৃতীয় পরিচ্ছেদ

শিরক ও মুশরিক / ১০০

চতুর্থ পরিচ্ছেদ

কুফর ও কাফির / ১০৭

পঞ্চম পরিচ্ছেদ

নিফাক ও মুনাফিক / ১৩০

দ্বিতীয় অধ্যায় : আহকাম

প্রথম পরিচ্ছেদ

সালাত / ১৪১

দ্বিতীয় পরিচ্ছেদ

সাওম / ১৬৩

তৃতীয় পরিচ্ছেদ

যাকাত / ১৬৫

চতুর্থ পরিচ্ছেদ

হাজ্জ / ১৬৯

পঞ্চম পরিচ্ছেদ

তাহরাত-পবিত্রতা / ১৭৯

অম্বু, গোসল ও তায়াম্মুম / ১৮১

হায়েয ও নিফাস / ১৮১

ষষ্ঠ পরিচ্ছেদ

বিবাহ / ১৮৩

তালাক / ১৮৭

ইদত / ১৮৯

মাহর / ১৯০

ঈলা / ১৯৩

রাযা'আত বা দুধ পান করান / ১৯৩

সপ্তম পরিচ্ছেদ

মদ ও জুয়া / ১৯৫

যিনা-ব্যভিচার / ১৯৬

পর্দা / ১৯৮

কিসাস ও দিয়াত / ১৯৯

[দশ]

কতল-হত্যা / ২০১
চুরির শাস্তি / ২০২
মুরতাদ ও তার শাস্তি/২০২

অষ্টম পরিচ্ছেদ

বিচার / ২০৩
আমানত / ২০৫
পোশাক / ২০৫
গণীমাতের মাল ও ফায় / ২০৬
জিহাদ ও যুদ্ধ / ২০৮
যুদ্ধের জন্য সদা প্রস্তুত থাকা / ২১০
ইয়াতীম / ২১৯
মুবাহালা / ২২১
কৃপণতা / ২২১
তাওবা / ২২২
পরামর্শের ভিত্তিতে কাজ করা / ২২৩
অপব্যয় না করা / ২২৩
করযে হাসানা / ২২৪
হিজরত / ২২৫

আল্লাহর আয়াতের বিনিময়ে তুচ্ছমূল্য গ্রহণ না করা / ২২৬

সত্য গোপন না করা / ২২৭
নিজে না করে অপরকে করতে বলা / ২২৭
সবর ও সালাতের মাধ্যমে প্রার্থনা করা / ২২৮
হালাল খাওয়া ও হারাম না খাওয়া / ২২৮
অন্যভাবে অন্যের মাল গ্রহণ না করা / ২৩৪
ঐক্যবদ্ধ থাকার নির্দেশ / ২৩৪
অমুসলিমদের সাথে মুসলিমদের বন্ধুত্ব / ২৩৫
আল্লাহ মু'মিনদের বন্ধু ও অভিভাবক / ২৩৮
পরিপূর্ণরূপে ইসলাম গ্রহণ করা / ২৩৮
অপরের উপাস্যকে গালি না দেওয়া / ২৩৯

নবম পরিচ্ছেদ

আল্লাহ ও তাঁর রাসুলের আনুগত্য করা এবং বিরুদ্ধাচারণ না করা / ২৪০

আল্লাহ ও রাসুলের প্রতি ভালবাসা / ২৪৪

আল্লাহর যিকর ও তাসবীহ / ২৪৫

আল্লাহ ও তাঁর রাসুল কোন নির্দেশ দিলে সে বিষয়ে
কোন মু'মিনের ভিন্ন সিদ্ধান্তের কোন অধিকার নেই / ২৪৬
যথাযথভাবে আল্লাহকে ভয় করা

আল্লাহ ও রাসুলের প্রতি ঈমান আনা ও জানমাল দিয়ে আল্লাহর পথে জিহাদ করা / ২৪৬

আল্লাহকে ডাকা / ২৪৮

শাফা'আত-সুপারিশ / ২৪৮

তাহিয়া-অভিবাদন / ২৪৯

ওয়াসীলা / ২৪৯

রাসুলুল্লাহ (সা)-এর প্রতি নির্দেশ / ২৪৯

রাসুলুল্লাহ (সা)-এর সঙ্গে মু'মিনদের আচরণ / ২৮৪

নবী (সা)-এর পত্নীদের সম্পর্কে / ২৮৫

রাসুলুল্লাহ (সা)-এর বিশেষ অধিকার / ২৮৭

সিরাতে মুস্তাকীম-সরল সঠিক পথ / ২৮৯

আল্লাহর কতিপয় নির্দেশ / ২৯৪

- কুরআন তিলাওয়াত ও শ্রবণ / ২৯৬
কাফির ও মুশরিকদের চুক্তি বাতিল সম্পর্কে / ২৯৭
মসজিদ প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ / ৩০০
পিতামাতা, আত্মীয় স্বজন কুফরী করলে তাদের সাথে আচরণ / ৩০২
পিতামাতার প্রতি সদ্যবহার / ৩০২
আত্মীয় স্বজনও ইয়াতীম-মিসকীনের হক্ / ৩০৪
হীনবল ও দুঃখিত না হওয়া / ৩০৪
কাফিরদের আনুগত্যের পরিণতি / ৩০৫
নর ও নারী / ৩০৫
সদ্যবহার করা / ৩০৭
মৃত্যু / ৩০৭
অহংকার না করা ও বিনয় প্রকাশ করা / ৩০৯
আল্লাহকে ভয় করা ও শয়তানের ধোঁকায় না পড়া / ৩১০
নিজকে ও নিজের পরিবার পরিজনকে জাহান্নাম থেকে রক্ষা করা / ৩১১
- দশম পরিচ্ছেদ
কারো ঘরে প্রবেশের আদব-শিষ্টাচার / ৩১২
কক্ষে প্রবেশের অনুমতি ও সেখানে আহার করা প্রসঙ্গে / ৩১৩
আহলে কিতাবের সাথে আচরণ / ৩১৪
হারাম শরীফ / ৩১৪
মুশরিকদের মসজিদে হারামে না আসার নির্দেশ / ৩১৬
মাকামে ইব্রাহীম / ৩১৬
মাশ্'আরুল হারাম / ৩১৭
বায়তুল্লাহ, বায়তুল হারাম, বায়তুল মুহাররাম, বায়তুল আতীক, আল-কা'বা / ৩১৭
মসজিদ, আল-মাসজিদুল হারাম, আল-মাসজিদুল আকসা, মসজিদে দিরার / ৩২০
চান্দ্রমাসের হিসাব / ৩২৭
দীন সম্পর্কে জ্ঞানার্জনের নির্দেশ / ৩২৮
দারিদ্র ভয়ে সন্তান হত্যা না করা / ৩২৮
ওজন ও মাপ সম্পর্কে / ৩২৯
অজানা বিষয়ের অনুসরণ না করা / ৩৩০
কোন সংবাদ যাচাই না করে গ্রহণ না করা / ৩৩০
দষ্টভরে বিচরণ না করা / ৩৩০
ভাল দিয়ে মন্দের প্রতিকার করা / ৩৩০
বিরদমান মু'মিনদের মাঝে মীমাংসা করা / ৩৩১
উপহাস ও দোষারূপ না করা এবং মন্দ নামে না ডাকা / ৩৩১
অধিক অনুমান, অপরের গোপন বিষয় অনুসন্ধান ও গীবত না করা / ৩৩২
মানুষের পরিচয় / ৩৩২
মাগফিরাত ও জান্নাতের জন্য প্রতিযোগিতা করা / ৩৩৩
গোপন পরামর্শ / ৩৩৩
মজলিসের আদব / ৩৩৪
কথা ও কাজে অসঙ্গতি / ৩৩৫
আল্লাহর সাহায্যকারী হওয়ার নির্দেশ / ৩৩৫
তাওয়াঙ্কুল / ৩৩৫
সন্তান, সম্পদ ও স্ত্রী সম্পর্কে / ৩৩৮
ভাল কাজের নির্দেশ ও মন্দ কাজ থেকে বিরত রাখা / ৩৩৯
যিহার ও পোষপুত্র / ৩৩৯
রিবা-সুদ / ৩৪১
দায়েন ও ঋণ-দেনা / ৩৪৩
মীরাস / ৩৪৪

[বার]

কসম বা শপথ / ৩৪৭
ওয়াদা ও আহাদ / ৩৪৮
ওসীয়াত / ৩৪৯
ইনফাক-আল্লাহর পথে ব্যয় / ৩৫১
শিকারের জন্তু ও শিকার / ৩৫৭

তৃতীয় অধ্যায় : সৃষ্টি

প্রথম পরিচ্ছেদ
বিশ্ব সৃষ্টি / ৩৫৯
দ্বিতীয় পরিচ্ছেদ
মানুষ ও জিন্ সৃষ্টি / ৩৮৪

চতুর্থ অধ্যায় : ইতিহাস

প্রথম পরিচ্ছেদ
জাতি ও জনগোষ্ঠি / ৩৯৫
বনী ইসরাঈল / ৩৯৫
কাওমে নূহ / ৪৫২
কাওমে আদ / ৪৫৮
কাওমে সামূদ / ৪৬১
কাওমে লূত / ৪৬৬
আয়কাবাসী / ৪৬৮
রানী বিলকীস / ৪৬৯
দাব্বাতুল আরদ / ৪৭৩
মাদইয়ানবাসী / ৪৭৩
রোম জাতি / ৪৭৪
সাবাবাসী / ৪৭৪
ফির'আওন / ৪৭৬
বিভিন্ন কাওম / ৪৮২
ইয়াহূদী / ৪৮২
নূহ, লূত ও ফির'আওনের স্ত্রী এবং মারইয়াম / ৪৮৩
কাওমে আদ, ইরাম ও সামূদ ইত্যাদি / ৪৮৫
কুরাইশ / ৪৮৬
আবু লাহাব ও তার স্ত্রী / ৪৮৬
দ্বিতীয় পরিচ্ছেদ
দেব-দেবী
গো-বৎস / ৪৮৭
লাত, উয্যা ও মানাত / ৪৯১
বা'আল / ৪৯১
ওয়াদ, সুওয়া'আ, ইয়াওস, ইয়া'উক ও নাস্র / ৪৯২

আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত

দ্বিতীয় খণ্ড

•

,

প্রথম অধ্যায়
প্রথম পরিচ্ছেদ
ইসলাম ও মুসলিম
ইসলাম

সূরা বাকারা, ২ : ১১২, ১৩১, ২০৮

১১২. হ্যাঁ, যে কেউ ইসলাম গ্রহণ করল
পূর্ণরূপে আল্লাহর জন্য এবং সে নেক-
কারও তার জন্য রয়েছে এর প্রতিদান
তার রবের কাছে এবং তাদের কোন
ভয় নেই, আর তারা দুঃখও পাবে না।

১৩১. যখন ইব্রাহীমের রব তাকে বলে-
ছিলেন : তুমি ইসলাম কবুল কর। সে
বলেছিল : আমি ইসলাম কবুল করলাম
রাব্বুল আলামীনের জন্য।

২০৮. ওহে যারা ঈমান এনেছ! তোমরা দাখিল
হও ইসলামে পরিপূর্ণভাবে এবং পদাংক
অনুসরণ করো না শয়তানের। সে তো
তোমাদের প্রকাশ্য দুষমন।

সূরা আলে ইমরান, ৩ : ১৯, ২০, ৮৩, ৮৫

১৯. নিশ্চয় আল্লাহর কাছে ইসলামই
একমাত্র দীন। যাদের কিতাব দেয়া
হয়েছিল, তারা তো মতানৈক্য
ঘটিয়েছিল তাদের কাছে জ্ঞান আসার
পর কেবল পরস্পর বিদ্বেষের কারণে,
আর কেউ প্রত্যাখ্যান করলে আল্লাহর
আয়াতসমূহ, আল্লাহ তো দ্রুত হিসাব-
গ্রহণকারী।

২০. তবে যদি তারা আপনার সাথে বিতর্কে
লিপ্ত হয়, তবে আপনি বলুন : আমি

১১২-بَلَىٰ ۖ مَنْ أَسْلَمَ وَجْهَهُ لِلَّهِ
وَهُوَ مُحْسِنٌ فَلَهُ أَجْرُهُ عِنْدَ رَبِّهِ ۖ
وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ۝

১৩১-إِذْ قَالَ لَهُ رَبُّهُ أَسْلِمَ
قَالَ أَسْلَمْتُ لِرَبِّ الْعَالَمِينَ ۝

২০৮-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا
فِي السِّلْمِ كَافَّةً ۖ وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ
الشَّيْطَانِ ۚ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُّبِينٌ ۝

১৯-إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ ۗ
وَمَا اخْتَلَفَ الَّذِينَ أُوْتُوا الْكِتَابَ
إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْعِلْمُ بَغْيًا
بَيْنَهُمْ ۚ وَمَنْ يَكْفُرْ بِآيَاتِ اللَّهِ
فَإِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ ۝

২০-فَإِنْ حَاجُّوكَ فَقُلْ أَسْلَمْتُ وَجْهِيَ
لِلَّهِ وَمَنِ اتَّبَعَنِ ۚ

ইসলাম কবুল করেছি পরিপূর্ণরূপে আল্লাহর জন্য এবং যারা আমার অনুসরণ করেছে তারাও, আর বলুন তাদের, যাদের কিতাব দেয়া হয়েছে এবং যারা নিরক্ষর : তোমরাও কি ইসলাম কবুল করেছ ? যদি তারা ইসলাম কবুল করে, তবে তো তারা হিদায়েত পেল। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার দায়িত্ব তো কেবল প্রচার করা। আর আল্লাহ্ সম্যক দৃষ্টি রাখেন বান্দাদের সম্পর্কে।

৮৩. তারা কি চায় আল্লাহর দীনের পরিবর্তে অন্য দীন ? অথচ তাঁর কাছে আত্মসম্পর্ক করেছে যা কিছু আছে আসমানে এবং যমীনে স্বেচ্ছায় কিম্বা অনিচ্ছায়। আর তাঁরই কাছে তাদের ফিরিয়ে আনা হবে।

৮৫. আর কেউ ইসলাম ছাড়া অন্য কোন দীন গ্রহণ করতে চাইলে তা কখনো কবুল করা হবে না তার থেকে এবং সে হবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।

সূরা নিসা, ৪ : ১২৫

১২৫. আর কে উত্তম দীনের ব্যাপারে তার চাইতে যে ইসলাম কবুল করে পূর্ণরূপে আল্লাহরই উদ্দেশ্যে এবং সে নেককারও আর সে অনুসরণ করে মিল্লাতে-ইব্রাহীম একনিষ্ঠভাবে! আর আল্লাহ্ গ্রহণ করেছেন ইব্রাহীমকে বন্ধুরূপে।

সূরা মায়িদা, ৫ : ৩

৩. আজ আমি পূর্ণ করলাম তোমাদের জন্য তোমাদের দীন এবং পরিপূর্ণ করলাম তোমাদের প্রতি আমার নিয়ামত আর মনোনীত করলাম

وَقُلْ لِلَّذِينَ أُوتُوا الْكِتَابَ
وَالْأُمِّيِّينَ ءَاسَلَمْتُكُمْ
فَإِنْ أَسَلَمُوا فَقَدِ اهْتَدَوْا
وَإِنْ تَوَلَّوْا فَإِنَّمَا
عَلَيْكَ الْبَلَاءُ
وَاللَّهُ بِصِغِيرِ الْعِبَادِ ۝

৮৩- أَفَغَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسَلَمَ
مَنْ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا
وَإِلَيْهِ يُرْجَعُونَ ۝

৮৫- وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا
فَلَنْ يَقْبَلَ مِنْهُ ۚ وَهُوَ فِي الْآخِرَةِ
مِنَ الْخَاسِرِينَ ۝

১২৫- وَمَنْ أَحْسَنُ دِينًا
مِّمَّنْ أَسَلَمَ وَجْهَهُ لِلَّهِ وَهُوَ مُحْسِنٌ
وَاتَّبَعَ مِلَّةَ إِبْرَاهِيمَ حَنِيفًا
وَاتَّخَذَ اللَّهُ إِبْرَاهِيمَ خَلِيلًا ۝

৩-... الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ
وَاسْتَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي

তোমাদের জন্য ইসলাম একমাত্র দীন হিসেবে।

وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا

সূরা আন'আম ৬ : ১৪, ৭১, ৭২, ১২৫, ১২৬

১৪. বলুন : আমি কি গ্রহণ করবো অভিভাবকরূপে আসমান ও যমীনের সৃষ্টা আল্লাহ্ ছাড়া অন্য কাউকে ? আর তিনিই আহর করান এবং কেউ তাঁকে আহর করান না। বলুন : আমাকে তো আদেশ করা হয়েছে যে, আমি যেন প্রথম ব্যক্তি হই, যারা ইসলাম কবুল করেছে তাদের মাঝে। আমাকে আরো আদেশ করা হয়েছে, আপনি কখনো মুশ্রিকদের অন্তর্ভুক্ত হবেন না।

۱۴- قُلْ أَغْيَرَ اللَّهُ اتَّخَذُ وَلِيًّا

قَاطِرِ السَّمَوَاتِ وَالْأَرْضِ

وَهُوَ يُطْعِمُهُ وَلَا يُطْعَمُ

قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَكُونَ أَوَّلَ مَنْ

أَسْلَمَ وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ○

৭১. ... বলুন : নিশ্চয় আল্লাহ্র পথই একমাত্র পথ। আর আমরা আদিষ্ট হয়েছি ইসলাম কবুল করতে আল্লাহ্ রাকবুল আলামীনের জন্য।

۷۱- ... قُلْ إِنَّ هَدَى اللَّهُ هُوَ الْهُدَى

وَأُمِرْنَا لِئَسْلِمَ لِرَبِّ الْعَالَمِينَ ○

৭২. এবং আদেশ করা হয়েছে যে, তোমরা কায়ম কর সালাত এবং ভয় কর তাঁকে; আর তাঁরই কাছে তোমাদের একত্র করা হবে।

۷۲- وَأَنْ أَقِيمُوا الصَّلَاةَ

وَاتَّقُوهُ ۖ وَهُوَ الَّذِي إِلَيْهِ تُخْشَرُونَ ○

১২৫. আল্লাহ্ যাকে হিদায়াত দান করতে চান, তিনি তার বক্ষ প্রশস্ত করে দেন ইসলামের জন্য এবং যাকে বিপথগামী করতে চান, তার বক্ষ অতিশয় সংকীর্ণ করে দেন, যেন সে অতিকষ্টে আসমানে আরোহণ করে। এভাবেই আল্লাহ্ লাঞ্ছিত করেন তাদের যারা ঈমান আনে না।

۱۲۵- فَمَنْ يُرِدِ اللَّهُ أَنْ يَهْدِيَهُ

يَشْرَحْ صَدْرَهُ لِلْإِسْلَامِ ۖ وَمَنْ يُرِدْ أَنْ

يُضِلَّهُ يَجْعَلْ صَدْرَهُ ضَيِّقًا حَرَجًا

كَأَنَّمَا يَصَّعْدُ فِي السَّمَاءِ كَذَلِكَ يَجْعَلُ

اللَّهُ الرَّجْسَ عَلَى الَّذِينَ لَا يُؤْمِنُونَ ○

১২৬. আর এটাই হলো আপনার রবের তরফ থেকে সরল-সঠিক পথ। আমি তো বিশদভাবে বিবৃত করেছি নিদর্শনসমূহ সে লোকদের জন্য, যারা উপদেশ গ্রহণ করে।

۱۲۶- وَهَذَا صِرَاطُ رَبِّكَ مُسْتَقِيمًا

○ قَدْ فَصَّلْنَا الْآيَاتِ لِقَوْمٍ يَذَّكَّرُونَ ○

সূরা নাম্বল, ২৭ : ৪৪

৪৪. ... সে নারী (বিল্কিস) বললো : হে আমার রব! আমি তো যলুম করেছি নিজের প্রতি। আর আমি ইসলাম কবুল করলাম সুলায়মানের সাথে আল্লাহ্ রাক্বুল আলামীনের জন্য।

৬৬-...قَالَتْ رَبِّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي
وَأَسْلَمْتُ مَعَ سُلَيْمَانَ لِلَّهِ
رَبِّ الْعَالَمِينَ ○

সূরা যুমার, ৩৯ : ২২, ৫৪

২২. আল্লাহ্ যার বক্ষ খুলে দিয়েছেন ইসলামের জন্য এবং যে রয়েছে তার রবের তরফ থেকে আলোতে, সে কি তার সমান, যে এরূপ নয়? দুর্ভোগ সে সব কঠোর হৃদয় লোকদের জন্য, যারা আল্লাহ্র স্বরণে বিমুখ! তারা তো রয়েছে স্পষ্টই গুমরাহীতে।

২২-أَفَمَنْ شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلْإِسْلَامِ
فَهُوَ عَلَىٰ نُورٍ مِّنْ رَبِّهِ ۖ قَوْلٌ لِّلْفَاسِيَةِ
قُلُوبُهُمْ مِّنْ ذِكْرِ اللَّهِ ۚ
أُولَٰئِكَ فِي ضَلَالٍ مُّبِينٍ ○

৫৪. তোমরা অভিমুখী হও তোমাদের রবের এবং ইসলাম কবুল কর তাঁর জন্য, তোমাদের কাছে আযাব আসার আগে। তারপর তোমরা সাহায্যপ্রাপ্ত হবে না।

৫৪-وَإِنِّيَبُوا إِلَىٰ رَبِّكُمْ وَأَسْلَمُوا لَهُ
مِّن قَبْلِ أَنْ يَأْتِيَكُمُ الْعَذَابُ
ثُمَّ لَا تَنْصَرُونَ ○

সূরা মু'মিন, ৪০ : ৬৬

৬৬. বলুন : আমাকে তো নিষেধ করা হয়েছে ইবাদত করতে তাদের, যাদের তোমরা ডাক এক আল্লাহ্ ছাড়া; যখন এসেছে আমার কাছে সুস্পষ্ট নিদর্শন আমার রবের তরফ থেকে। আর আমাকে আদেশ করা হয়েছে, ইসলাম গ্রহণ করতে আল্লাহ্ রাক্বুল আলামীনের জন্য।

৬৬-قُلْ إِنِّي نُهِيتُ أَنْ أَعْبُدَ الَّذِينَ
تَدْعُونَ مِن دُونِ اللَّهِ
لَمَّا جَاءَنِيَ الْبَيِّنَاتُ مِنْ رَبِّي ۚ
وَأُمِرْتُ أَنْ أُسْلِمَ لِرَبِّ الْعَالَمِينَ ○

সূরা হুজুরাত, ৪৯ : ১৪, ১৫, ১৬, ১৭

১৪. মরুবাসীরা বলে : আমরা ঈমান এনেছি। আপনি বলুন : তোমরা ঈমান আননি, বরং তোমরা বল : আমরা ইসলাম কবুল করেছি। কেননা এখনো প্রবেশ করেনি ঈমান তোমাদের

১৪-قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا ۚ
قُلْ لَّمْ تُؤْمِنُوا وَلَكِنْ قُولُوا أَسْلَمْنَا
وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ ۚ

অন্তরে। যদি তোমরা আনুগত্য কর আল্লাহ ও তাঁর রাসূলের, তবে লাঘব করা হবে না তোমাদের কর্মফল বিন্দুমাত্র। নিশ্চয় আল্লাহ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

১৫. মু'মিন তো তারা, যারা ঈমান আনে আল্লাহর প্রতি এবং তাঁর রাসূলের প্রতি, এরপর সন্ধেহে পোষণ করে না এবং জিহাদ করে নিজেদের সম্পদ ও জীবন দিয়ে আল্লাহর পথে। এরাই প্রকৃত সত্যবাদী।

১৬. বলুন : তোমরা কি জানাতে চাও আল্লাহকে তোমাদের দীন সম্পর্কে ? অথচ আল্লাহ তো জানেন, যা কিছু আছে আসমানে এবং যা কিছু আছে যমীনে। আল্লাহ সর্ববিষয় সর্বজ্ঞ।

১৭. তারা আপনাকে ধন্য করেছে মনে করে তাদের ইসলাম গ্রহণের কারণে। বলুন : তোমরা আমাকে ধন্য করেছে বলে মনে করো না তোমাদের ইসলাম গ্রহণের কারণে বরং আল্লাহ-ই তোমাদের ধন্য করেছেন ঈমানের দিকে তোমাদের হিদায়াত দিয়ে, যদি তোমরা সত্যবাদী হও।

সূরা সাফ্ফ, ৬১ : ৭

৭. আর কে অধিক যালিম তার চাইতে, যে মিথ্যা উদ্ভাবন করে আল্লাহ সন্তকে অথচ তাকে ডাকা হয় ইসলামের দিকে ? আর আল্লাহ হিদায়াত দেন না যালিম লোকদের।

সূরা জিন্, ৭২ : ১৪

১৪. আর আমাদের মাঝে কতক মুসলিম, আর কতক সীমালংঘনকারী; তবে যারা ইসলাম কবুল করে, তারা সুচিন্তিত - ভাবে বেছে নেয় সত্যপথ।

وَإِنْ تُطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ
لَا يَكِلْتَكُمْ مِنْ أَعْمَالِكُمْ شَيْئًا
إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ○

১৫- إِنْكُمُ الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا
بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا
وَجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ
اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ ○

১৬- قُلْ أَتَعْلَمُونَ اللَّهَ بِدِينِكُمْ
وَاللَّهُ يَعْلَمُ مَا فِي السَّمَوَاتِ وَمَا
فِي الْأَرْضِ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ○

১৭- يَمُنُّونَ عَلَيْكَ أَنْ أَسْلَمُوا
قُلْ لَا تَمُنُّوا عَلَيَّ إِسْلَامَكُمْ
بَلِ اللَّهُ يَمُنُّ عَلَيْكُمْ أَنْ هَدَاكُمْ
لِلدِّينِ الْإِسْلَامِ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ○

৭- وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَى عَلَى اللَّهِ
الْكَذِبَ وَهُوَ يُدْعَى إِلَى الْإِسْلَامِ
وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ○

১৪- وَأَنْتُمْ مِمَّا السُّلُوبُونَ وَمِمَّا الْقَاسِطُونَ
فَمَنْ أَسْلَمَ فَأُولَئِكَ تَحَرَّوْا رَشَدًا ○

মুসলিম

সূরা বাকারা, ২ : ১২৮, ১৩২, ১৩৩, ১৩৬

১২৮. হে আমাদের রব! আপনি করুন আমাদের উভয়কে একান্ত অনুগত মুসলিম এবং আমাদের সন্তানদের থেকেও করুন আপনার এক অনুগত উম্মাত। আর দেখিয়ে দিন আমাদের হজ্জ পালনের পদ্ধতিসমূহ এবং ক্ষমাশীল হন আমাদের প্রতি। আপনি তো অতিশয় তাওবা কবুলকারী, পরম দয়ালু।

১৩২. আর ইব্রাহীম ও ইয়াকুব তাদের পুত্রদের মিল্লাতে ইব্রাহীম সম্বন্ধে বলেছিল : হে পুত্রগণ! নিশ্চয় আল্লাহ মনোনীত করেছেন তোমাদের জন্য দীন-ইসলামকে। অতএব তোমরা কখনো মরো না মুসলিম না হয়ে।

১৩৩. তোমরা কি তখন উপস্থিত ছিলে ইয়াকূবের কাছে, যখন তার মৃত্যু এসেছিল? যখন সে বলেছিল তার পুত্রদের : তোমরা কিসের ইবাদত করবে আমার পরে? তারা বলেছিল : আমরা ইবাদত করবো আপনার ইলাহ-এর এবং আপনার পিতৃপুরুষ ইব্রাহীম, ইসমাইল ও ইসহাকের ইলাহ-এর যিনি এক ইলাহ। আর আমরা তো তাঁর প্রতি অনুগত মুসলিম।

১৩৬. তোমরা বল : আমরা ঈমান রাখি আল্লাহর প্রতি এবং যা কিছু নাযিল করা হয়েছে আমাদের প্রতি এবং যা নাযিল করা হয়েছে ইব্রাহীম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব ও তার বংশধরদের প্রতি; আর যা দেয়া হয়েছে মূসা ও ঈসাকে এবং যা দেয়া হয়েছে অন্যান্য

১২৮- رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمِينَ لَكَ
وَمِنْ ذُرِّيَّتِنَا أُمَّةً مُّسْلِمَةً لَّكَ
وَأَمْرًا مِنَّا يَسْكَنُوا تَبَّ عَلَيْنَا
إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ ○

১৩২- وَوَصَّي بِهَا إِبْرَاهِيمُ بَنِيهِ وَيَعْقُوبُ
يُحْيَىٰ إِنَّ اللَّهَ اصْطَفَىٰ لَكُمُ الدِّينَ
فَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ
مُسْلِمُونَ ○

১৩৩- أَمْ كُنْتُمْ شُهَدَاءَ إِذْ حَضَرَ يَعْقُوبَ
الْمَوْتُ إِذْ قَالَ لِبَنِيهِ مَا تَعْبُدُونَ
مِنْ بَعْدِي ۖ قَالُوا نَعْبُدُ إِلَهَكَ
وَإِلَهَ آبَائِكَ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ
إِلَهُهُمَا وَاحِدًا ۖ
وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ○

১৩৬- قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا وَمَا
أُنْزِلَ إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ
وَيَعْقُوبَ وَالْأَسْبَاطِ وَمَا أُوتِيَ مُوسَىٰ
وَعِيسَىٰ وَمَا أُوتِيَ النَّبِيُّونَ مِنْ رَبِّهِمْ ۚ

নবীদের তাদের রবের তরফ থেকে।
আমরা কোন পার্থক্য করি না তাদের
কারোর মাঝে এবং আমরা তাঁরই প্রতি
অনুগত মুসলিম।

لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِنْهُمْ ۖ
وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ○

সূরা আলে ইমরান, ৩ : ৫২, ৬৪, ৬৭, ৭৯,
৮০, ৮৪, ১০২

৫২. আর যখন ঈসা অনুভব করলো তাদের
মাঝে কুফরী তখন সে বললো, কারা
আমার সাহায্যকারী আল্লাহর পথে ?
তখন হাওয়ারীরা বললো : আমরাই
আল্লাহর পথে সাহায্যকারী, আমরা তো
ঈমান এনেছি আল্লাহর প্রতি আর আপনি
সাক্ষী থাকুন যে, আমরা তো মুসলিম।

৫২- فَأَيُّ أَحْسَ عَيْسَى مِنْهُمْ الْكَفَرُ
قَالَ مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ ۖ
قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنْصَارُ اللَّهِ ۖ
أَمَّا بِاللَّهِ ۖ وَاشْهَدْ بِأَنَّا مُسْلِمُونَ ○

৬৪. বলুন : হে আহলে কিতাব ! তোমরা
এসো এমন এক কথায়, যা আমাদের ও
তোমাদের মাঝে একই : যেন আমরা
ইবাদত না করি আল্লাহ ছাড়া অন্য কারো
এবং যেন শরীক না করি তাঁর সাথে
অন্য কোন কিছু। আর আমাদের কেউ
যেন কাউকে গ্রহণ না করে রব হিসেবে
আল্লাহর পরিবর্তে। যদি তারা মুখ
ফিরিয়ে নেয়, তবে তোমরা বল : সাক্ষী
থেক, আমরা তো মুসলিম।

৬৪- قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ
سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلَّا نَعْبُدَ إِلَّا اللَّهَ
وَلَا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلَا يَتَّخِذَ
بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا
مِّنْ دُونِ اللَّهِ ۖ فَإِنْ تَوَلَّوْا
فَقُولُوا اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ ○

৬৭. ইব্রাহীম তো ইয়াহুদী ছিল না আর না
নাসারা, বরং সে তো ছিল একনিষ্ঠ
মুসলিম এবং সে মুশ্রিকদের অন্তর্ভুক্ত
ছিল না।

৬৭- مَا كَانَ إِبْرَاهِيمَ يَهُودِيًّا
وَلَا نَصْرَانِيًّا وَلَكِنْ كَانَ حَنِيفًا مُّسْلِمًا
وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ ○

৭৯. কোন ব্যক্তিকে আল্লাহ কিতাব, হিক্মত
ও নবুওয়াত দান করার পর সে মানুষকে
বলবে : “তোমরা আমার বান্দা হয়ে
যাও, আল্লাহকে ছেড়ে” এরূপ বলা তার
জন্য সংগত নয়। বরং সে বলবে :
তোমরা আল্লাহ-ওয়ালা হয়ে যাও
কেননা, তোমরা তো কিতাব শিখাও
এবং নিজেরাও শিখ।

৭৯- مَا كَانَ لِبَشَرٍ أَنْ يُؤْتِيَهُ اللَّهُ الْكِتَابَ
وَالْحُكْمَ وَالتَّوْبَةَ ثُمَّ يَقُولَ لِلنَّاسِ
كُونُوا عِبَادًا لِّيْ مِنْ دُونِ اللَّهِ
وَلَكِنْ كُونُوا رَبَّكُمْ
بِمَا كُنْتُمْ تَعْلَمُونَ الْكِتَابَ
وَبِمَا كُنْتُمْ تَدْرُسُونَ ○

৮০. আর সে তোমাদের নির্দেশ দিতে পারে না ফিরিশ্বাদের ও নবীদের রবরূপে গ্রহণ করতে। সে কি তোমাদের নির্দেশ দিবে কুফরীর, তোমরা মুসলিম হওয়ার পরে?

৮৪. আপনি বলুন : আমরা ঈমান এনেছি আল্লাহর প্রতি এবং তাতে যা নাযিল করা হয়েছে আমাদের প্রতি, আর যা নাযিল করা হয়েছে ইব্রাহীম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব ও তার বংশধরদের প্রতি এবং যা দেয়া হয়েছে মুসা, ঈসা ও অন্যান্য নবীদের তাদের রবের তরফ থেকে। আমরা কোন পার্থক্য করি না তাদের কারো মাঝে; আর আমরা তাঁরই প্রতি অনুগত মুসলিম।

১০২. ওহে যারা ঈমান এনেছ! তোমরা ভয় কর আল্লাহকে যথাযথভাবে এবং তোমরা কখনো মরো না মুসলিম না হয়ে।

সূরা মায়িদা, ৫ : ১১১

১১১. আর যখন আমি নির্দেশ দিয়েছিলাম হাওয়ারীদের যে, তোমরা ঈমান আনো আমার প্রতি এবং আমার রাসূলের প্রতি। তখন তারা বলেছিল : আমরা ঈমান আনলাম। আর তুমি সাক্ষী থেক, আমরা তো মুসলিম।

সূরা আন'আম, ৬ : ১৬২, ১৬৩

১৬২. বলুন : নিশ্চয় আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন এবং আমার মরণ আল্লাহ রাব্বুল আলামীনের জন্য।

১৬৩. তাঁর কোন শরীক নেই, আর এরই জন্য আমাকে আদেশ করা হয়েছে এবং আমি-ই প্রথম মুসলিম।

৮০- وَلَا يَأْمُرُكُمْ أَنْ تَتَّخِذُوا الْمَلَائِكَةَ وَالنَّبِيِّينَ أَرْبَابًا أَيَأْمُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ إِذْ أَنْتُمْ مُسْلِمُونَ ○

৮৪- قُلْ أَمَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ عَلَيْنَا وَمَا أُنْزِلَ عَلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالْأَسْبَاطِ وَمَا أُوتِيَ مُوسَىٰ وَعِيسَىٰ وَالنَّبِيُّونَ مِنْ رَبِّهِمْ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِنْهُمْ وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ○

১০২- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تَقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ ○

১১১- وَإِذْ أُوحِيَتْ إِلَى الْحَوَارِيِّينَ أَنْ اْمُنُّوا بِي وَبِرَسُولِي ۖ قَالُوا آمَنَّا وَاشْهَدْ بِأَنَّا مُسْلِمُونَ ○

১৬২- قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ○

১৬৩- لَا شَرِيكَ لَهُ ۚ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ ○

সূরা আ'রাফ, ৭ : ১২৬

১২৬. হে আমাদের রব! আমাদের তাওফিক দিন পূর্ণ সবার করার আর আমাদের মওত দিন মুসলিমরূপে।

সূরা ইউনুস, ১০ : ৭২, ৮৪, ৯০

৭২. আর যদি তোমরা মুখ ফিরিয়ে নেও, তবে আমি তো তোমাদের কাছে কোন বিনিময় চাই না। আমার বিনিময় তো রয়েছে আল্লাহর কাছে এবং আমি আদিষ্ট হয়েছি মুসলিমদের অন্তর্ভুক্ত হতে।

৮৪. আর মুসা বললো : হে আমার কাওম! যদি তোমরা ঈমান এনে থাক আল্লাহর প্রতি, তাহলে তাঁরাই উপর ভরসা কর, যদি তোমরা মুসলিম হও।

৯০. আর আমি বনু ইসরাঈলকে সমুদ্র পার করলাম এবং তাদের পশ্চাদ্ধাবন করলো ফির'আওন ও তার সেনাবাহিনী ঔদ্ধত্য ও বিদ্রোহবশত। অবশেষে যখন সে ডুবতে লাগলো, তখন সে বললো : আমি ঈমান আনলাম যে, নেই কোন ইলাহ্‌ তিনি ছাড়া, যার প্রতি ঈমান এনেছে বনু ইসরাঈল এবং আমি মুসলিমদের একজন।

সূরা হূদ, ১১ : ১৪

১৪. আর যদি তারা তোমাদের ডাকে সাড়া না দেয় তাহলে জেনে রাখ, ইহা তো নাযিল করা হয়েছে আল্লাহর ইল্ম মুতাবিক এবং নেই কোন ইলাহ্‌ তিনি ছাড়া, তবে কি তোমরা মুসলিম হবে না?

সূরা ইউসুফ, ১২ : ১০১

১০১. হে আমাদের রব! আপনি আমাকে দান করেছেন রাজ্য এবং শিক্ষা দিয়েছেন

১২৬-... رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا
وَتَوْفِقًا مُسْلِمِينَ ○

৭২- فَإِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَأَلْتَكُمْ مِنْ أَجْرٍ
إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ
وَأُمِرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُسْلِمِينَ ○

৮৪- وَقَالَ مُوسَىٰ يَقَوْمِ إِن كُنتُمْ آمَنْتُمْ
بِاللَّهِ فَعَلَيْهِ
تَوَكَّلُوا إِن كُنتُمْ مُسْلِمِينَ ○
৯০- وَجُوزْنَا بِبَنِي إِسْرَءِيلَ الْبَحْرَ
فَاتَّبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُودُهُ بَغْيًا
وَعَدَاوًا حَتَّى إِذَا أَدْرَكَهُ الْعَرْقُ
قَالَ آمَنْتُ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا الَّذِي
آمَنْتُ بِهِ بَنُو إِسْرَءِيلَ وَأَنَا
مِنَ الْمُسْلِمِينَ ○

১৪- فَإِلَّمْ يَسْتَجِيبُوا لَكُمْ فَاعْلَمُوا أَنَّهُ
أُنْزِلَ بِعِلْمِ اللَّهِ وَأَنْ لَا إِلَهَ إِلَّا هُوَ
فَهَلْ أَنْتُمْ مُسْلِمُونَ ○

১০১- رَبِّ قَدْ آتَيْتَنِي مِنَ الْمُلْكِ
وَعَلَّمْتَنِي مِنْ تَأْوِيلِ الْحَادِيثِ

স্বপ্নের ব্যাখ্যা। হে আসমান ও যমীনের স্রষ্টা! আপনিই আমার অভিভাবক দুনিয়া ও আখিরাতে, আপনি আমাকে মওত দিন মুসলিম হিসেবে এবং शामिल করুন নেককারদের মাঝে।

সূরা হিজর, ১৫ : ২

২. কখনো কখনো আকাজক্ষা করবে কাফিররা : যদি তারা মুসলিম হতো!

সূরা নাহল, ১৬ : ৮৯, ১০২

৮৯. আর সেদিন আমি উঠাব প্রত্যেক সম্প্রদায়ের মধ্য থেকে তাদের ব্যাপারে এক একজন সাক্ষী এবং আমি আপনাকে উপস্থাপন করবো সাক্ষীরূপে তাদের ব্যাপারে। আর আমি নাযিল করেছি আপনার প্রতি কিতাব প্রত্যেক বিষয়ে স্পষ্ট ব্যাখ্যারূপে, হিদায়াত, রহমত ও সুসংবাদরূপে মুসলিমদের জন্য।

১০২. আপনি বলুন : রুহুল-কুদুস জিব্রাইল আপনার রবের তরফ থেকে এ কুরআন নিয়ে এসেছে যথাযথভাবে, যারা ঈমান এনেছে, তাদের দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্য এবং হিদায়াত ও সুসংবাদ স্বরূপ মুসলিমদের জন্য।

সূরা আশ্বিয়া, ২১ : ১০৮

১০৮. বলুন : আমার প্রতি তো ওহী হয় যে, তোমাদের ইলাহ তো একই ইলাহ। অতএব তোমরা মুসলিম হয়ে যাও।

সূরা হাজ্জ, ২২ : ৭৮

৭৮. আর তোমরা জিহাদ কর আল্লাহর পথে, যেভাবে জিহাদ করা উচিত। তিনিই তোমাদের বেছে নিয়েছেন এবং আরোপ করেননি তোমাদের

فَاطَرَ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۖ
أَنْتَ وَلِيٌّ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۚ
تَوَفَّنِي مُسْلِمًا وَأَلْحِقْنِي بِالصَّالِحِينَ ○

۲- رَبَّنَا يَوَدُّ الَّذِينَ كَفَرُوا
لَوْ كَانُوا مُسْلِمِينَ ○

۸৯- وَيَوْمَ نَبْعَثُ فِي كُلِّ أُمَّةٍ شَهِيدًا
عَلَيْهِمْ مِنْ أَنْفُسِهِمْ وَجِئْنَا بِكَ شَهِيدًا
عَلَى هَؤُلَاءِ ۖ وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ
تِبْيَانًا لِكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً
وَبُشْرَى لِلْمُسْلِمِينَ ○

১০২- قُلْ نَزَّلَهُ رُوحُ الْقُدُسِ
مِنْ رَبِّكَ بِالْحَقِّ لِيُثَبِّتَ الَّذِينَ آمَنُوا
وَهُدًى وَبُشْرَى لِلْمُسْلِمِينَ ○

১০৮- قُلْ إِنَّمَا يُوحَىٰ إِلَيَّ أَنَّمَا
إِلَهُكُمْ إِلَهُ وَاحِدٌ ۖ
فَهَلْ أَنْتُمْ مُسْلِمُونَ ○

৭৮- وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادٍ ۖ
هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي
الدِّينِ مِنْ حَرَجٍ ۖ

উপর দীনের ব্যাপারে কোন কঠোরতা।
এ হলো তোমাদের পিতা ইব্রাহীমের
মিল্লাত। তিনি-ই তোমাদের নামকরণ
করেছেন মুসলিম এর আগে এবং এ
কিতাবেও; যাতে রাসূল সাক্ষী হন
তোমাদের জন্য এবং তোমরা সাক্ষী
হও মানব জাতির জন্য। অতএব
তোমরা কায়ম কর সালাত। দাও
যাকাত এবং দৃঢ়ভাবে ধর আল্লাহকে;
তিনিই তোমাদের অভিভাবক, কত
উত্তম অভিভাবক, কত উত্তম সাহায্য-
কারী!

সূরা নামূল, ২৭ : ৩০, ৩১, ৩৮, ৪২, ৮১,
৯১

৩০. সে বললো : এ চিঠি সুলায়মানের কাছ
থেকে এবং তাহলো : পরম দয়াময়,
পরম দয়ালু আল্লাহর নামে,
৩১. তুমি অহমিকাবশে আমাকে অমান্য
করো না এবং এসো আমার কাছে
মুসলিম হয়ে।
৩৮. সুলায়মান বললো : হে পারিষদবর্গ।
তোমাদের মাঝে কে আছে, যে নিয়ে
আসবে আমার কাছে তার সিংহাসন,
তারা আমার কাছে মুসলিম হয়ে আসার
আগে ?
৪২. তারপর যখন সে এলো, তখন তাকে
বলা হলো : এরূপই কি তোমার
সিংহাসন ? সে বললো : মনে হয়
এটাই সেটা। আর আমাদের তো দেয়া
হয়েছে জ্ঞান ইতিপূর্বেই এবং আমরা
তো হয়েছি মুসলিম।
৮১. আর আপনি তো হিদায়েত দান করতে
পারে না অন্ধদের তাদের গুমরাহী
থেকে। আপনি তো শোনাতে পারেন

مِلَّةَ آبَائِكُمْ إِبْرَاهِيمَ
هُوَ سَمَّيَكُمُ الْمُسْلِمِينَ لَا مِنْ قَبْلُ
وَفِي هَذَا لِيَكُونَ الرَّسُولُ شَهِيدًا
عَلَيْكُمْ وَتَكُونُوا
شُهَدَاءَ عَلَى النَّاسِ
فَاقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ
وَاعْتَصِمُوا بِاللَّهِ هُوَ مَوْلَاكُمْ
فَنِعْمَ الْمَوْلَى وَنِعْمَ النَّصِيرُ ○

৩- إِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَإِنَّهُ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ○

৩১- أَلَا تَعْلَمُونَ

وَأَتُونِي مُسْلِمِينَ ○

৩৮- قَالَ يَا أَيُّهَا الْمَلَأُ أَيَسْكُمُ الْيَتِيمَ

بِعَرْشِهَا قَبْلَ أَنْ يَأْتُونِي مُسْلِمِينَ ○

৪২- فَلَمَّا جَاءَتْ قِيلَ أَهَكَذَا عَرْشُكَ

قَالَتْ كَأَنَّهُ هُوَ ۖ وَأُوتِينَا الْعِلْمَ

مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِينَ ○

৮১- وَمَا أَنْتَ بِهَادِي الْعُمْيِ

عَنْ ضَلَالَتِهِمْ ۚ إِنْ تَسْمِعُ إِلَّا مَنْ يُؤْمِنُ

কেবল তাদের যারা ঈমান রাখে আমার নিদর্শনাবলীতে। আর তারাই তো মুসলিম।

৯১. আমি তো আদিষ্ট হয়েছি ইবাদত করতে এ নগরীর রবের, যিনি সম্মানিত করেছেন একে আর তাঁরই সমস্ত কিছু। আর আমাকে আদেশ করা হয়েছে, আমি যেন মুসলিমদের অন্তর্ভুক্ত হই।

সূরা কাসাস, ২৮ : ৫৩

৫৩. আর যখন তিলাওয়াত করা হয় এ কুরআন তাদের কাছে, তখন তারা বলে : আমরা তো এতে ঈমান রাখি। ইহা তো সত্য আমাদের রবের তরফ থেকে আগত। আমরা তো ছিলাম এর আগেও মুসলিম।

সূরা আনকাবুত, ২৯ : ৪৬

৪৬. আর তোমরা বিতর্ক করো না আহলে-কিতাবের সাথে উত্তম পন্থা ব্যতিরেকে; তবে পার তাদের সাথে যারা যুলুম করেছে তাদের মাঝে। আর বল : আমরা তো ঈমান এনেছি তাতে, যা নাযিল করা হয়েছে আমাদের প্রতি এবং নাযিল করা হয়েছে তোমাদের প্রতি। আর আমাদের ইলাহ ও তোমাদের ইলাহ তো একই এবং আমরা তো তাঁরই প্রতি অনুগত মুসলিম।

সূরা আহযাব, ৩৩ : ৩৫

৩৫. নিশ্চয় মুসলিম পুরুষ ও মুসলিম নারী, মু'মিন পুরুষ ও মু'মিন নারী, অনুগত পুরুষ ও অনুগত নারী, সত্যবাদী পুরুষ ও সত্যবাদী নারী, ধৈর্যশীল পুরুষ ও ধৈর্যশীল নারী, বিনীত পুরুষ ও বিনীত নারী, দানশীল পুরুষ ও দানশীল নারী, রোযাদার পুরুষ ও রোযাদার নারী, যৌন

بِأَيَّتِنَا فَهُمْ مُسْلِمُونَ ○

৯১- إِنَّمَا أَمْرُهُ أَنْ اعْبُدَ رَبَّ هَذِهِ الْبَلَدَةِ
الَّذِي حَرَّمَهَا وَلَهُ كُلُّ شَيْءٍ
وَأَمْرُهُ أَنْ أَكُونَ مِنَ الْمُسْلِمِينَ ○

৫৩- وَإِذَا يُتْلَىٰ عَلَيْهِمْ قَالُوا
أَمَّا بِنَبِيٍّ إِنَّهُ الْحَقُّ مِنْ رَبِّنَا إِنَّآ كُنَّا
مِنْ قَبْلِهِ مُسْلِمِينَ ○

৪৬- وَلَا تَجَادِلُوا أَهْلَ الْكِتَابِ
إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ
إِلَّا الَّذِينَ ظَلَمُوا مِنْهُمْ
وَقُولُوا أَمَّا بِالَّذِي أُنْزِلَ إِلَيْنَا وَأُنْزِلَ إِلَيْكُمْ
وَالْهَؤُلَاءِ وَالْهُكُمُ وَاحِدٌ
وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ○

৩৫- إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِينَ
وَالْمُؤْمِنَاتِ وَالْقَنَاتِينَ وَالْقَنَاتِ
وَالصَّادِقِينَ وَالصَّادِقَاتِ وَالصَّابِرِينَ
وَالصَّابِرَاتِ وَالْخَشِيعِينَ وَالْخَشِيعَاتِ
وَالْمُتَصَدِّقِينَ وَالْمُتَصَدِّقَاتِ وَالصَّامِعِينَ

অংগ হিফাযতকারী পুরুষ ও নারী এবং আল্লাহকে অধিক স্মরণকারী পুরুষ ও নারী, রেখেছেন আল্লাহ এদের জন্য ক্ষমা ও মহা প্রতিদান।

সূরা যুমার, ৩৯ : ১১, ১২

১১. বলুন : আমাকে তো আদেশ করা হয়েছে যে, আমি যেন ইবাদত করি আল্লাহর তাঁরই আনুগত্য একনিষ্ঠ হয়ে।
১২. আর আমাকে আদেশ করা হয়েছে যে, আমি যেন হই প্রথম মুসলিম।

সূরা হা-মীম আস সাজ্জাদা, ৪১ : ৩৩

৩৩. আর কে উত্তম কথায় তার চাইতে, যে ডাকে আল্লাহর দিকে, নেককাজ করে এবং বলে : আমি তো মুসলিমদের অন্তর্ভুক্ত।

সূরা যুখরুফ, ৪৩ : ৬৮, ৭০

৬৮. হে আমার বান্দারা! কোন ভয় নেই আজ তোমাদের আর তোমরা দুঃখিতও হবে না যারা ঈমান এনেছিল আমার আয়াত-সমূহের প্রতি এবং ছিল মুসলিম।
৭০. প্রবেশ কর জান্নাতে তোমরা এবং তোমাদের স্ত্রীরা আনন্দ সহকারে।

সূরা আহকাফ, ৪৬ : ১৫

১৫. আর আমি নির্দেশ দিয়েছি মানুষকে তার মাতাপিতার প্রতি সদয় ব্যবহার করতে। তাকে গর্ভেধারণ করে তার মা কষ্টের সাথে এবং সে প্রসব করে তাকে কষ্টের সাথে, তাকে গর্ভেধারণ করতে এবং তার স্তন্য ছাড়াতে লাগে ত্রিশ মাস। ক্রমে সে যখন তার পূর্ণ শক্তি লাভ করে এবং চল্লিশ বছরে পৌঁছে তখন সে বলে : হে আমার রব! তুমি আমাকে সামর্থ্য দাও, যেন আমি শোকর করতে

وَالصَّامِتِ وَالْحَفِظِينَ فُرُوجَهُمْ وَالْحَفِظَاتِ
وَالذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ ۚ
أَعَدَّ اللَّهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ۝

১১- قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ
مُخْلِصًا لَهُ الدِّينَ ۝

১২- وَأُمِرْتُ لِأَنْ أَكُونَ أَوَّلَ الْمُسْلِمِينَ ۝

৩৩- وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِّمَّنْ دَعَا إِلَى اللَّهِ
وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنِّي مِنَ الْمُسْلِمِينَ ۝

৬৮- يُعْبَادُ لَا خَوْفٌ عَلَيْكُمُ الْيَوْمَ وَلَا أَنْتُمْ
تَحْزَنُونَ ۝

৭০- ادْخُلُوا الْجَنَّةَ أَنْتُمْ وَأَزْوَاجُكُمْ
تُحَبَّرُونَ ۝

১৫- وَوَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ
إِحْسَانًا ۖ حَمَلَتْهُ أُمُّهُ كُرْهًا
وَوَضَعَتْهُ كُرْهًا ۖ
وَحَمَلُهُ وَفِصْلُهُ ثَلَاثُونَ شَهْرًا ۖ
حَتَّىٰ إِذَا بَلَغَ أَشُدَّهُ وَبَلَغَ أَرْبَعِينَ سَنَةً ۖ
قَالَ رَبِّ أَوْزِعْنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ
الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَىٰ وَالِدَيَّ

পারি তোমার সে নিয়ামতের যা তুমি দান করেছ আমাকে এবং আমার মাতাপিতাকে, আর যেন আমি নেককাজ করতে পারি, যা তুমি পছন্দ কর এবং নেক্কার বানাও আমার জন্য আমার সম্মান-সম্মতিদের। আমি তোমারই অভিমুখী হলাম এবং আমি তো মুসলিমদের অন্তর্ভুক্ত।

সূরা যারিয়াত, ৫১ : ৩৫, ৩৬

৩৫. তারপর আমি সরিয়ে নিলাম সেখানে যে সব মু'মিন লোক ছিল তাদের;
৩৬. আর আমি পাইনি সেখানে একটি পারিবার ছাড়া কোন মুসলিম।

সূরা কালাম, ৬৮ : ৩৫

৩৫. আমি কি গণ্য করবো মুসলিমদের অপরাধীদের মত ?

সূরা জিন্, ৭২ : ১৪

১৪. আর আমাদের মাঝে তো কতক মুসলিম এবং কতক সীমালংঘনকারী; তবে যারা ইসলাম কবুল করে, তারা তো চিন্তা-ভাবনা করেই সৎপথ বেছে নেয়।

وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ
وَأَصْلِحْ لِي فِي ذُرِّيَّتِي ۚ
إِنِّي تَتَّبِعُ إِلَيْكَ وَإِنِّي
مِنَ الْمُسْلِمِينَ ○

৩৫- فَأَخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا
مِنَ الْمُؤْمِنِينَ ○
৩৬- فَمَا وَجَدْنَا فِيهَا غَيْرَ بَيْتٍ
مِّنَ الْمُسْلِمِينَ ○

৩৫- أَفَنَجْعَلُ الْمُسْلِمِينَ كَالْمُجْرِمِينَ

১৪- وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ
وَمِنَ الْقَاسِطُونَ ۚ
فَمَنْ أَسْلَمَ فَأُولَئِكَ تَحَرَّوْا رَشَدًا ○

দ্বিতীয় পরিচ্ছেদ

ঈমান ও মু'মিন

সূরা বাকারা, ২ : ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯,
১৩, ১৪, ২৫, ২৬, ৪১, ৬২, ৭৫,
৭৬, ৮২, ৯১, ৯৭, ৯৮, ১০৪, ১০৯,
১২১, ১২৬, ১৩৬, ১৩৭, ১৫৩, ১৬৫,
১৭২, ১৭৭, ১৭৮, ১৭৯, ১৮০, ১৮৩,
২০৮, ২১২, ২১৩, ২১৪, ২১৮,
২৫৪, ২৫৬, ২৫৭, ২৬৪, ২৬৭,
২৭৭, ২৭৮, ২৭৯, ২৮২, ২৮৩

২. আল-কুরআন সে কিতাব, যাতে নেই
কোন সন্দেহ, যা মুত্তাকীদের জন্য
হিদায়েত।

৩. যারা ঈমান রাখে গায়েবের প্রতি,
কায়েম করে সালাত এবং যে রিয়ক
আমি তাদের দিয়েছি, তা থেকে ব্যয়
করে,

৪. আর যারা ঈমান রাখে তাতে যা নাযিল
করা হয়েছে আপনার প্রতি এবং যা
নাযিল করা হয়েছে আপনার আগে, আর
যায় আখিরাতের প্রতি ইয়াকীন রাখে,

৫. তারাই রয়েছে হিদায়েতের উপর
তাদের রবের তরফ থেকে এবং তারাই
সফলকাম।

৬. নিশ্চয় যারা কুফরী করেছে, তাদের
জন্য সমান আপনি তাদের সতর্ক
করুন অথবা সতর্ক না-ই করুন, তারা
ঈমান আনবে না।

৮. আর মানুষের মাঝে এমন লোকও
আছে, যারা বলে : আমরা আল্লাহ ও

২- ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ ۚ فِيهِ ۚ
هُدًى لِّلْمُتَّقِينَ ۝

৩- الَّذِينَ يُؤْمِنُونَ بِالْغَيْبِ وَيُقِيمُونَ
الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ ۝

৪- وَالَّذِينَ يُؤْمِنُونَ بِمَا أُنزِلَ
إِلَيْكَ وَمِمَّا أُنزِلَ مِنْ قَبْلِكَ ۚ
وَبِالْآخِرَةِ هُمْ يُوقِنُونَ ۝

৫- أُولَٰئِكَ عَلَىٰ هُدًى مِّن رَّبِّهِمْ ۚ وَأُولَٰئِكَ
هُمُ الْمُفْلِحُونَ ۝

৬- إِنَّ الَّذِينَ كَفَرُوا سَوَاءٌ عَلَيْهِمْ
ءَأَنذَرْتَهُمْ أَمْ لَمْ تُنذِرْهُمْ لَا يُؤْمِنُونَ ۝

৮- وَمِنَ النَّاسِ مَن يَقُولُ آمَنَّا بِاللَّهِ

আখিরাতে ঈমান এনেছি অথচ তারা মু'মিন নয়।

৯. তারা ধোঁকা দেয় আল্লাহ্ এবং যারা ঈমান এনেছে তাদেরকে। আর তারা নিজেদের ছাড়া অন্য কাউকে ধোঁকা দেয় না, তা তারা বুঝতে পারে না।

১৩. আর যখন তাদের বলা হয় : তোমরা ঈমান আন যেমন ঈমান এনেছে অন্য লোকেরা। তারা বলে : আমরাও কি ঈমান আনব যেরূপ নির্বোধরা ঈমান এনেছে ? জেনে রেখ ! প্রকৃতপক্ষে তারাই তো নির্বোধ, কিন্তু তারা তা জানে না।

১৪. আর যখন তারা মু'মিনদের সাথে মিলিত হয়, তখন তারা বলে : আমরা ঈমান এনেছি। আর যখন তারা একান্তে মিলিত হয় তাদের শয়তানদের সাথে, তখন তারা বলে : আমরা তো তোমাদের সাথেই আছি, আমরা তো শুধু তাদের সাথেই ঠাট্টা-তামাশা করে থাকি।

২৫. আর আপনি সুসংবাদ দিন তাদের, যারা ঈমান আনে এবং নেকআমল করে যে, নিশ্চয় রয়েছে তাদের জন্য জান্নাত, প্রবাহিত যার পাদদেশে নহরসমূহ। যখনই তাদের খেতে দেয়া হবে তা থেকে কোন ফল-মূল, তখনই তারা বলবে : এতো তা-ই, যা রিয়ক হিসেবে আমাদের দেয়া হয়েছিল এর আগে। বস্তুত তাদের দেয়া হবে অনুরূপ ফল-ফলাদি। আর তাদের জন্য সেখানে থাকবে পবিত্র স্ত্রীগণ এবং তারা সেখানে চিরদিন থাকবে।

২৬. নিশ্চয় আল্লাহ্ লজ্জাবোধ করেন না কোন উপমা দিতে মশা-ই হোক অথবা

وَبِالْيَوْمِ الْآخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِينَ ○

৯- يُخَذُّ عُنَ الْوَالِدِينَ اٰمَنُوْا وَمَا يَخْذُ عُنَ اِلَّا اَنْفُسُهُمْ وَمَا يَشْعُرُوْنَ ○

১৩- وَاِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْكُمْآ اَمِنَ النَّاسُ قَالُوْا اَنْتُمْ مِّنْ كَمَا اَمِنَ السُّفَهَاءُ ○ اِلَّا اِنَّهُمْ هُمُ السُّفَهَاءُ وَلٰكِنْ لَا يَعْلَمُوْنَ ○

১৪- وَاِذَا قَالُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْا اٰمَنَّا وَاِذَا حَلَّوْا اِلَى شَيْطٰنِهِمْ قَالُوْا اِنَّا مَعَكُمْ ○ اِنَّمَا نَحْنُ مُسْتَهْزِءُوْنَ ○

২৫- وَيَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ جَنَّتٍ تَجْرٰى مِنْ تَحْتِهَا اَنْهٰرٌ كُلّٰمًا رَّزَقُوْا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رَّرَزَقًا قَالُوْا هٰذَا الَّذِيْ رَزَقْنَا مِنْ قَبْلُ ○ وَاتُّوْا بِهِ مُتَشٰبِهًا ○ وَلَهُمْ فِيْهَا اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ○ وَهُمْ فِيْهَا خٰلِدُوْنَ ○

২৬- اِنَّ اللّٰهَ لَا يَسْتَحْيٰ اَنْ يُّضْرَبَ مِثْلًا مَّا

তদপেক্ষা ক্ষুদ্রতর কিছুর। আর যারা ঈমান এনেছে তারা জানে যে, নিশ্চয় এ উপমা সত্য তাদের রবের তরফ থেকে। আর যারা কুফরী করে তারা বলে : কী উদ্দেশ্যে আল্লাহ এ উপমা পেশ করেছেন ? তিনি এ দিয়ে অনেককে গুম্রাহ এবং এ দিয়ে অনেককে হিদায়েত দান করেন। বস্তুত আল্লাহ এ দিয়ে বিপথগামী করেন কেবল ফাসিকদের।

৪১. আর তোমরা ঈমান আন তাতে যা আমি নাযিল করেছি প্রত্যয়নকারীরূপে তোমাদের কাছে যা আছে তার, আর তোমরা এর প্রথম প্রত্যাখ্যানকারী হয়ো না এবং তোমরা আমার আয়াতের বিনিময়ে তুচ্ছমূল্য গ্রহণ করো না। আর তোমরা কেবল আমাকেই ভয় কর।

৬২. নিশ্চয় যারা ঈমান এনেছে আর ইয়াহুদী, নাসারা ও সাবীঈনদের যারাই ঈমান এনেছে আল্লাহ ও আখিরাতে এবং নেক আমল করে, তাদের জন্য রয়েছে মহা পুরস্কার তাদের রবের কাছে। আর নেই তাদের কোন ভয় এবং তারা দুঃখিতও হবে না।

৭৫. তোমরা কি এ আশা কর যে, তারা তোমাদের কথায় ঈমান আনবে ? যখন তাদের মাঝে এমন একদল আছে যারা আল্লাহর কালাম শোনে এরপর তা বিকৃত করে বুঝার পরে, অথচ তারা জানে।

৭৬. আর যখন তারা মু'মিনদের সাথে মিলিত হয়, তখন তারা বলে : আমরা ঈমান এনেছি। আর যখন তারা একান্তে একে অপরের সাথে মিলিত হয়, তখন বলে, তোমরা কি তাদের কাছে তা ব্যক্ত

بَعُوضَةٍ فَمَا تُوقِّضَاهَا فَاَمَّا الَّذِينَ اٰمَنُوا
فَيَعْلَمُونَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَبِّهِمْ وَاَمَّا الَّذِينَ
كَفَرُوا فَيَقُولُونَ مَاذَا اَرَادَ اللّٰهُ
بِهٰذَا امَثَلًا مَّ يُضِلُّ بِهِ كَثِيْرًا
وَيَهْدِيْ بِهِ كَثِيْرًا وَّمَا يُضِلُّ بِهِ
اِلَّا الْفٰسِقِيْنَ

৬১- وَاٰمِنُوْا بِمَا اُنْزِلَتْ مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ
وَلَا تَكُوْنُوْا اَوَّلَ كٰفِرِيْهِمْ سُوْلًا تَشْتَرُوْا
بِآيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا
وَآيٰى فَاَتَّقُوْنَ

৬২- اِنَّ الَّذِيْنَ اٰمَنُوا وَالَّذِيْنَ هَادُوا
وَالنَّصٰرٰى وَالصَّبِيْئِيْنَ مِنْ اٰمَنَ بِاللّٰهِ
وَالْيَوْمِ الْاٰخِرِ وَعَمِلْ صٰلِحًا فَلَهُمْ اَجْرُهُمْ
عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ
وَلَا هُمْ يَحْزَنُوْنَ

৭৫- اَفَتَطْمَعُوْنَ اَنْ يُّؤْمِنُوْا كُمْ وَقَدْ كَانَ
فَرِيْقٌ مِنْهُمْ يَسْمَعُوْنَ كَلِمَ اللّٰهِ ثُمَّ
يُحَرِّفُوْنَهُ مِنْۢ بَعْدِ مَا عَقَلُوْهُ وَهُمْ
يَعْلَمُوْنَ

৭৬- وَاِذَا لَقُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْا اٰمَنَّا
وَإِذَا خَلَا بِبَعْضِهِمْ اِلَىۢ بَعْضٍ قَالُوْا اتَّخَذْتُمُ
بِمَآفَتْهُ اللّٰهُ عَلَيْكُمْ لِيَّجَاجُوكُمۡ بِهِۦ عِنْدَ

করছ, যা আল্লাহ তোমাদের কাছে প্রকাশ করেছেন? এ দিয়ে তারা তোমাদের বিরুদ্ধে, তোমাদের রবের সামনে তর্ক করবে। তবুও কি তোমরা বুঝ না?

৮২. আর যারা ঈমান আনে ও নেকআমল করে, তারাই জান্নাতের অধিবাসী, তারা সেখানে চিরদিন থাকবে।

৯১. আর যখন তাদের বলা হয়, তোমরা ঈমান আন, যা নাযিল করেছেন আল্লাহ তাতে। তারা বলে : আমরা ঈমান এনেছি তাতে, যা নাযিল করা হয়েছে আমাদের প্রতি অথচ তা ব্যতীত সব কিছুই তারা প্রত্যাখ্যান করে, যদিও তা সত্য আর তাদের কাছে যা আছে এর সমর্থক। আপনি বলুন : তবে কেন তোমরা হত্যা করেছিলে আল্লাহর নবীদের এর আগে যদি তোমরা মু'মিন হতে?

৯৭. বলুন, যে কেউ শত্রুতা রাখে জিব্রীলের সাথে এ জন্য যে, সে নাযিল করে কুরআন আপনার হৃদয়ে আল্লাহর নির্দেশে, যা সমর্থক পূর্ববর্তী কিতাবের এবং যা হিদায়েত ও শুভসংবাদ মু'মিনদের জন্য।

৯৮. যে কেউ শত্রুতা রাখে আল্লাহর সাথে, তাঁর ফিরিশতাদের সাথে, তাঁর রাসূলগণের সাথে এবং জিব্রীল ও মীকায়ীলের সাথে, সে জেনে রাখুক, আল্লাহ তো শত্রুতা রাখেন কাফিরদের সাথে।

১০৪. ওহে যারা ঈমান এনেছ! তোমরা বলবে না 'রাইনা', বরং বলবে : 'উন্যুরনা' এবং মনোযোগ সহকারে শোনবে। আর কাফিরদের জন্য রয়েছে যন্ত্রণা-দায়ক আযাব।

رَبِّكُمْ ۝

أَفَلَا تَعْقِلُونَ ۝

৮২- وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ۝

৯১- وَإِذَا قِيلَ لَهُمُ امْنُوا بِمَا أُنزِلَ إِلَيْكُمْ

قَالُوا نُوْمِنُ بِمَا أُنزِلَ عَلَيْنَا

وَيَكْفُرُونَ بِمَا وَرَاءَهُ ۚ وَهُوَ الْحَقُّ

مُصَدِّقًا لِّمَا مَعَهُمْ ۝

قُلْ فَلِمَ تَقْتُلُونَ أَنْبِيَاءَ اللَّهِ

مِنْ قَبْلُ ۚ إِنَّ كُنْتُمْ مُؤْمِنِينَ ۝

৯৭- قُلْ مَنْ كَانَ عَدُوًّا لِلْجِبْرِيلَ فَإِنَّهُ

نَزَّلَهُ عَلَى قَلْبِكَ بِإِذْنِ اللَّهِ مُصَدِّقًا

لِّمَا بَيْنَ يَدَيْهِ وَهُدًى وَبُشْرَى

لِلْمُؤْمِنِينَ ۝

৯৮- مَنْ كَانَ عَدُوًّا لِلَّهِ وَمَلَائِكَتِهِ وَرُسُلِهِ

وَجِبْرِيلَ وَمِيكَالَ فَإِنَّ اللَّهَ

عَدُوٌّ لِلْكَافِرِينَ ۝

১০৪- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقُولُوا رَاعِنَا

وَتَقُولُوا انْظُرْنَا وَاسْمَعُوا ۝

وَلِلْكَافِرِينَ عَذَابٌ أَلِيمٌ ۝

১০৯. আহ্লে কিতাবের অনেকেই আকাজক্ষা করে, যদি তারা তোমাদের ফিরিয়ে নিতে পারত, তোমাদের ঈমান আনার পর কাফিররূপে; এরূপ তারা করে নিছক ঈর্ষাবশত তাদের কাছে সত্য প্রকাশিত হওয়ার পরও। অতএব তোমরা ক্ষমা কর এবং উপেক্ষা কর, আল্লাহর ফয়সালা আসা পর্যন্ত। নিশ্চয় আল্লাহ সর্ববিষয় সর্বশক্তিমান।

১০৯- وَكَثِيرٌ مِّنْ أَهْلِ الْكِتَابِ لَوْ يَرُدُّونَكُم مِّنْ بَعْدِ إِيمَانِكُمْ كُفَّارًا ۖ حَسَدًا مِّنْ عِنْدِ أَنْفُسِهِمْ مِّنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْحَقُّ ۚ فَاعْفُوا وَاصْفَحُوا حَتَّىٰ يَأْتِيَ اللَّهُ بِأَمْرٍ ۚ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

১২১. তাদের মাঝে যাদের আমি কিতাব দিয়েছি, তাদের যারা তা যথাযথভাবে তিলাওয়াত করে, তারাই এতে ঈমান রাখে। আর যারা তা প্রত্যাখ্যান করে, তারাই ক্ষতিগ্রস্ত।

১২১- الَّذِينَ اتَّيْنَهُمُ الْكِتَابُ يَتْلُونَهُ حَقَّ تِلَاوَتِهِ ۖ أُولَٰئِكَ يُؤْمِنُونَ بِهِ ۖ وَمَن يَكْفُرْ بِهِ ۖ فَأُولَٰئِكَ هُمُ الْخَاسِرُونَ ۝

১২৬. আর যখন বলেছিল ইব্রাহীম : হে আমার রব! আপনি করুন এ মক্কাকে নিরাপদ নগরী এবং রিযিক দেন এর সে সব অধিবাসীদের, যারা ঈমান রাখে আল্লাহ ও আখিরাতে ফল-ফলাদি দিয়ে। তখন আল্লাহ বলেন : যে কেউ কুফরী করবে, তাকেও আমি জীবন উপভোগ করতে দিব কিছুকালের জন্য; তারপর তাকে বাধ্য করব জাহান্নামের আযাব ভোগ করতে। আর কত নিকৃষ্ট তাদের প্রত্যাবর্তনস্থল।

১২৬- وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ اجْعَلْ هَذَا بَلَدًا آمِنًا وَارْزُقْ أَهْلَهُ مِنَ الثَّمَرَاتِ مَنْ آمَنَ مِنْهُمْ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ قَالَ وَمَنْ كَفَرَ فَأُمَتِّعُهُ قَلِيلًا ثُمَّ أَضْطَرُّهُ إِلَىٰ عَذَابِ النَّارِ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ۝

১৩৬. তোমরা বল : আমরা ঈমান রাখি আল্লাহতে এবং যা নাযিল করা হয়েছে আমাদের প্রতি ও যা নাযিল করা হয়েছে ইব্রাহীম, ইসমাইল, ইসহাক, ইয়া'কুব ও তাঁর বংশধরদের প্রতি; আর যা দেয়া হয়েছে মুসা ও ইসাকে এবং যা দেয়া হয়েছে অন্যান্য নবীদের তাদের রবের তরফ থেকে তাতে। আমরা কোন পার্থক্য করি না তাঁদের মাঝে এবং আমরা তাঁর নিকট মুসলিম।

১৩৬- قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنزِلَ إِلَيْنَا وَمَا أُنزِلَ إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالْأَسْبَاطِ وَمَا أُوتِيَ مُوسَىٰ وَعِيسَىٰ وَمَا أُوتِيَ النَّبِيُّونَ مِنْ رَبِّهِمْ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْهُمْ ۚ وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ۝

১৩৭. আর যদি তারা ঈমান আনে, যেমন তোমরা ঈমান এনেছ যার প্রতি, তবে নিশ্চয় তারা হিদায়েত পাবে। আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তো তারা বিরুদ্ধভাবাপন্ন। আর তাদের বিরুদ্ধে আপনার জন্য আল্লাহ্‌ই যথেষ্ট এবং তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

১৫৩. ওহে তোমরা যারা ঈমান এনেছ! তোমরা সাহায্য চাও সবর ও সালাতের দ্বারা। নিশ্চয় আল্লাহ্‌ সবরকারীদের সংগে আছেন।

১৬৫. আর মানুষের মাঝে এমন লোকও আছে, যে গ্রহণ করে আল্লাহ্‌ ছাড়া অপরকে আল্লাহ্র সমকক্ষরূপে এবং তাদের ভালবাসে আল্লাহকে ভালবাসার মত। কিন্তু যারা ঈমান এনেছে, তারা অধিক ভালবাসে আল্লাহকে। আর কতই না উত্তম হত, যদি এ যালিমরা কোন আযাব দেখে বুঝত যে, নিশ্চয় সমস্ত ক্ষমতা তো আল্লাহ্রই এবং আল্লাহ্‌ শাস্তিদানে কঠোর।

১৭২. ওহে যারা ঈমান এনেছ! তোমরা খাও, সে সব পবিত্র বস্তু হতে যা আমি তোমাদের রিয্ক হিসেবে দিয়েছি এবং তোমরা শোকর কর আল্লাহ্র, যদি তোমরা কেবল তাঁরই ইবাদত কর।

১৭৭. নেই কোন পুণ্য তোমাদের মুখ ফিরানোতে পূর্ব এবং পশ্চিমে, কিন্তু পুণ্য আছে তাতে, যে ঈমান রাখে আল্লাহ্‌, আখিরাত, ফিরিশ্তা, কিতাব ও নবীদের প্রতি আর দান করে সম্পদ আল্লাহ্র মহব্বতে আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিস্কীন, পথচারী, সাহায্য - প্রার্থী এবং দাস মুক্তির জন্য, আর কায়ম করে সালাত ও দেয় যাকাত

১৩৭- فَإِنْ آمَنُوا بِمِثْلِ مَا آمَنْتُمْ بِهِ فَقَدْ اهْتَدَوْا وَإِنْ تَوَلَّوْا فَإِنَّمَا هُمْ فِي شِقَاقٍ ۖ فَسَيَكْفِيكَهُمُ اللَّهُ ۖ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ○

১৫৩- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ ۚ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ ○

১৬৫- وَمِنَ النَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ اللَّهِ إِندَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ ۗ وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِلَّهِ ۚ وَلَوْ يَرَى الَّذِينَ ظَلَمُوا إِذْ يَرُونَ الْعَذَابَ ۙ أَنَّ الْقُوَّةَ لِلَّهِ جَمِيعًا ۙ وَأَنَّ اللَّهَ شَدِيدُ الْعَذَابِ ○

১৭২- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُلُوا مِن طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ وَاشْكُرُوا لِلَّهِ ۖ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ ○

১৭৭- لَيْسَ الْبِرَّ أَنْ تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ ۖ وَآتَى الْمَالَ عَلَى حُبِّهِ ذَوِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسْكِينِ وَابْنَ السَّبِيلِ ۖ وَالسَّائِلِينَ وَفِي الرِّقَابِ ۖ وَأَقَامَ

এবং তারা পূর্ণ করে ওয়াদা, যখন তারা ওয়াদা করে, আর সবর করে অভাব-অভিযোগে, অসুখ-বিসুখে এবং যুদ্ধে। এরাই তারা যারা সত্যপরায়ণ এবং এরাই মুত্তাকী।

১৭৮. ওহে তোমরা যারা ঈমান এনেছ! তোমাদের উপর কিসাসের বিধান দেয়া হয়েছে নিহতদের ব্যাপারে। আযাদ ব্যক্তির বিনিময়ে আযাদ ব্যক্তি, দাসের বদলে দাস ও নারীর বদলে নারী। কিন্তু তার ভাইয়ের পক্ষ থেকে কিছু ক্ষমা প্রদর্শন করা হলে, যথাযথ বিধির অনুসরণ করা এবং উত্তমভাবে তার দেয় আদায় করা উচিত। এ হলো সহজ ব্যবস্থা তোমাদের রবের পক্ষ থেকে ও অনুগ্রহ। এর পরও যে সীমালংঘন করে, তার জন্য রয়েছে মর্মভুদ শাস্তি।

১৭৯. আর তোমাদের জন্য রয়েছে কিসাসে জীবন, হে জ্ঞানীগণ যাতে তোমরা মুত্তাকী হতে পার।

১৮০. বিধান দেওয়া হয়েছে তোমাদের জন্য, যখন উপস্থিত হবে তোমাদের কারো মৃত্যুকাল। যদি সে রেখে যায় ধনসম্পত্তি, তবে সে যেন ওসিয়াত করে তার মাতাপিতার জন্য এবং আত্মীয়-স্বজনের জন্য ন্যায্যানুগ প্রথা মত। এ হলো মুত্তাকীর জন্য একটি কর্তব্য।

১৮৩. ওহে যারা ঈমান এনেছ! তোমাদের জন্য বিধান দেওয়া হয়েছে সিয়ামের, যেমন বিধান দেওয়া হয়েছিল তোমাদের পূর্ববর্তীদের যাতে তোমরা মুত্তাকী হতে পার।

২০৮. ওহে তোমরা যারা ঈমান এনেছ! তোমরা দাখিল হও ইসলামে পূর্ণরূপে,

الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَالْمُؤْتُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُوا وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاءِ وَالضَّرَّاءِ وَحِينَ الْبَأْسِ أُولَئِكَ الَّذِينَ صَدَقُوا وَأُولَئِكَ هُمُ الْمُتَّقُونَ ○

১৭৮-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلِ ۖ الْأَنْثَىٰ بِالْأُنْثَىٰ ۖ وَالْعَبْدُ بِالْعَبْدِ ۖ وَالْأُنْثَىٰ بِالْأُنْثَىٰ ۚ فَمَنْ عُفِيَ لَهُ مِنْ أَخِيهِ شَيْءٌ فَاتِّبَاعٌ بِالْمَعْرُوفِ وَأَدَاءٌ إِلَيْهِ بِإِحْسَانٍ ۚ ذَٰلِكَ تَخْفِيفٌ مِّن رَّبِّكُمْ وَرَحْمَةٌ ۚ فَمَنِ اعْتَدَىٰ بَعْدَ ذَٰلِكَ فَلَهُ عَذَابٌ أَلِيمٌ ○

১৭৯-وَلَكُمْ فِي الْقِصَاصِ حَيَوةٌ يَا أُولِي الْأَلْبَابِ لَعَلَّكُمْ تَتَّقُونَ ○

১৮০-كُتِبَ عَلَيْكُمُ إِذَا حَضَرَ أَحَدَكُمُ الْمَوْتُ إِن تَرَكَ خَيْرًا ۖ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ بِالْمَعْرُوفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِينَ ○

৫১. ওহে যারা ঈমান এনেছ! তোমরা গ্রহণ করবে না ইয়াহুদী ও নাসারাকে বন্ধুরূপে, তারা পরস্পরের বন্ধু। আর তোমাদের মধ্যে কেউ তাদের বন্ধুরূপে গ্রহণ করলে, সে তো তাদেরই একজন গণ্য হবে। নিশ্চয় আল্লাহ হিদায়েত দেন না যালিম লোকদের।

৫৭. ওহে যারা ঈমান এনেছ! তোমরা বন্ধুরূপে গ্রহণ করবে না তাদের, যাদের তোমাদের আগে কিতাব দেয়া হয়েছে, তাদের মধ্য থেকে যারা তোমাদের দীনকে হাসি তামাশারূপে গ্রহণ করে তাদেরকে এবং কাফিরদের। আর তোমরা ভয় কর আল্লাহকে, যদি তোমরা মু'মিন হও।

সূরা মুমতাহানা ৬০ : ১, ২, ৮, ৯, ১৩

১. ওহে যারা ঈমান এনেছ! তোমরা বন্ধুরূপে গ্রহণ করবে না আমার শত্রু ও তোমাদের শত্রুদের; তোমরা তো তাদের প্রতি বন্ধুত্বের বার্তা প্রেরণ করছ, অথচ তারা তো প্রত্যাখ্যান করেছে তোমাদের প্রতি যে সত্য এসেছে তা এবং বহিস্কার করেছে রাসূলকে ও তোমাদের এজন্য যে, তোমরা ঈমান রাখ তোমাদের রব আল্লাহর প্রতি। যদি তোমরা বেরিয়ে থাক আমার পথে জিহাদের উদ্দেশ্যে

۱۴۴-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ ۚ أَتُرِيدُونَ أَنْ تَجْعَلُوا لِلَّهِ عَلَيْكُمْ سُلْطَانًا مُبِينًا ۝

৫১-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ ۚ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ۝

৫৭-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الَّذِينَ اتَّخَذُوا دِينَكُمْ هُزُؤًا وَلَعِبًا مِّنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِكُمْ وَالْكُفَّارَ أَوْلِيَاءَ ۚ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ كُنتُمْ مُّؤْمِنِينَ ۝

১-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ ۚ تُلْقُونَ إِلَيْهِمْ بِالسُّودَةِ ۚ وَقَدْ كَفَرُوا بِمَا جَاءَكُمْ مِنَ الْحَقِّ ۚ يُخْرِجُونَ الرَّسُولَ وَإِيَّاكُمْ أَنْ تُؤْمِنُوا بِاللَّهِ رَبِّكُمْ ۚ إِنَّ كُنتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِي سَبِيلِي وَابْتِغَاءَ مَرْضَاتِي ۚ

এবং আমার সন্তুষ্টি লাভের জন্য, তবে কেন তোমরা গোপনে বন্ধুত্ব করছ তাদের সাথে? আমি সবিশেষ অবহিত সে সম্বন্ধে যা তোমরা গোপন কর এবং যা তোমরা প্রকাশ কর। আর তোমাদের মধ্যে যে কেউ এরূপ করে, সে তো গুমরাহ হয় সরল সঠিক পথ থেকে।

২. যদি তারা তোমাদের কাবু করতে পারে, তবে তারা হবে তোমাদের শত্রু এবং অনিষ্ট করবে তোমাদের তাদের হাত ও জিহবা দিয়ে এবং তারা চাইবে যেন তোমরা কুফরী কর।

৮. যারা দীনের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং বহিষ্কার করেনি তোমাদের স্বদেশ থেকে, আল্লাহ্ তোমাদের নিষেধ করেনি তাদের প্রতি মহানুভবতা প্রদর্শন করতে ও ন্যায়বিচার করতে। নিশ্চয় আল্লাহ্ ভালবাসেন ন্যায়-পরায়ণদের।

৯. আল্লাহ্ তো তোমাদের নিষেধ করেন কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে, যারা যুদ্ধ করেছে তোমাদের বিরুদ্ধে দীনের ব্যাপারে এবং বহিষ্কার করেছে তোমাদের স্বদেশ থেকে; আর সাহায্য করেছে তোমাদের বহিষ্কারে। আর যারা তাদের সাথে বন্ধুত্ব করে, তারাই তো যালিম।

১৩. ওহে যারা ঈমান এনেছ! তোমরা বন্ধুত্ব করো না ঐ কাওমের সাথে, যাদের প্রতি আল্লাহ্ রুষ্ট হয়েছেন, তারা তো নিরাশ হয়েছে আখিরাত সম্পর্কে, যেমন নিরাশ হয়েছে কাফিররা কবরবাসীদের সম্পর্কে।

تَسِرُونَ إِلَيْهِمْ بِالْكَوْثَةِ
وَأَنَا أَعْلَمُ بِمَا أَخْفَيْتُمْ وَمَا أَعْلَنْتُمْ
وَمَنْ يَفْعَلْهُ مِنْكُمْ
فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ ○

۲- إِنْ يَتَّقَوْكُمْ يَكُونُوا لَكُمْ أَعْدَاءً
وَيَبْسُطُوا إِلَيْكُمْ أَيْدِيَهُمْ
وَالسِّنَّةُ بِالشُّؤَىٰ وَدُّوْا لَوِ تَكْفُرُونَ ○

۸- لَا يَنْهَيْكُمُ اللَّهُ عَنِ الدِّينِ لَمْ يُقَاتِلُكُمْ
فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُمْ مِنْ دِيَارِكُمْ
أَنْ تَبْرُوهُمْ وَتَفْسِطُوا إِلَيْهِمْ
إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ○

۹- إِنَّمَا يَنْهَيْكُمُ اللَّهُ عَنِ
الدِّينِ قَتَلُوكُمْ فِي الدِّينِ
وَ أَخْرَجُوكُمْ مِنْ دِيَارِكُمْ وَظَهَرُوا
عَلَىٰ إِخْرَاجِكُمْ أَنْ تَتَوَلَّوْهُمْ
وَمَنْ يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ○

۱۳- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا
لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ قَدْ يَسُؤُوا
مِنَ الْآخِرَةِ كَمَا يَبِيسُ الْكَفَّارُ
مِنْ أَصْحَابِ الْقُبُورِ ○

আল্লাহ মু'মিনদের বন্ধু ও অভিভাবক

সূরা বাকারা, ২ : ২৫৭

২৫৭. যারা ঈমান আনে, আল্লাহ তাদের বন্ধু। তাদের তিনি বের আনেন আঁধার থেকে আলোতে। আর যারা কুফরী করে তাগুত তাদের বন্ধু, তারা তাদের বের করে নিয়ে যায়, আলো থেকে আঁধারে। তারাই জাহান্নামের অধিবাসী। সেখানে তারা চিরকাল থাকবে।

২৫৭-اَللّٰهُ وَلِىُّ الَّذِيْنَ اٰمَنُوْا
يُخْرِجُهُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ
وَالَّذِيْنَ كَفَرُوْا اَوْلٰىيُّهُمْ الطَّاغُوْتُ
يُخْرِجُوْنَهُمْ مِّنَ النُّوْرِ اِلَى الظُّلُمٰتِ
اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ
هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝

সূরা আলে ইমরান, ৩ : ৬৮

৬৮. নিশ্চয় মানুষের মধ্যে ইব্রাহীমের ঘনিষ্ঠতম তারাই, যারা তাঁর অনুসরণ করেছে এবং এই নবী ও মু'মিনরা। আর আল্লাহ মু'মিনদের বন্ধু।

৬৮-اِنَّ اَوَّلٰى النَّاسِ بِاِبْرٰهِيْمَ
لَلَّذِيْنَ اتَّبَعُوْهُ وَهٰذَا النَّبِىُّ وَالَّذِيْنَ
اٰمَنُوْا وَاللّٰهُ وَلِىُّ الْمُؤْمِنِيْنَ ۝

সূরা মাযিদা, ৫ : ৫৫, ৫৬

৫৫. তোমাদের বন্ধু তো আল্লাহ, তাঁর রাসূল ও মু'মিনগণ, যারা সালাত কায়েম করে, যাকাত দেয়, আর তারা রুকু'-কারীও।

৫৫-اِنَّمَا وَلِيُّكُمْ اللّٰهُ وَرَسُوْلُهُ
وَالَّذِيْنَ اٰمَنُوا الَّذِيْنَ يَقِيْمُوْنَ الصَّلٰوةَ
وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ رُكْعُوْنَ ۝

৫৬. আর যে কেউ বন্ধুরূপে গ্রহণ করলে আল্লাহকে, তাঁর রাসূলকে এবং মু'মিনদের, তবে আল্লাহর দলই তো বিজয়ী হবে।

৫৬-وَمَنْ يَتَوَلَّ اللّٰهَ
وَرَسُوْلَهُ وَالَّذِيْنَ اٰمَنُوا
فَاِنَّ حِزْبَ اللّٰهِ هُمُ الْغٰلِبُوْنَ ۝

পরিপূর্ণরূপে ইসলাম গ্রহণ করা

সূরা বাকারা, ২ : ২০৮

২০৮. ওহে যারা ঈমান এনেছ! তোমরা প্রবেশ কর ইসলামে পরিপূর্ণরূপে এবং অনুসরণ করো না শয়তানের পদচিহ্ন; সে তো তোমাদের প্রকাশ্য শত্রু।

২০৮-يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ادْخُلُوْا
فِي السَّلٰمِ كٰفَّةً
وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ
اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ۝

অপরের উপাস্যকে গালি না দেওয়া

সূরা আন'আম, ৬ : ১০৮

১০৮. তারা আল্লাহকে ছেড়ে যাদের ইবাদত করে তোমরা তাদের গালি দিও না, কেননা তারা আল্লাহকে গালি দিবে সীমালংঘন করে অজ্ঞতাবশত। এ ভাবেই আমি শোভন করে দিয়েছি প্রত্যেক জাতির কাছে তাদের কার্য-কলাপ। অবশেষে তাদের প্রত্যাবর্তন তাদের রবের কাছে। তখন তিনি তাদের অবহিত করবেন তারা যা করত সে সম্বন্ধে।

১০৮- وَلَا تَسُبُّوا الَّذِينَ
يَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ
فَيَسُبُّوا اللَّهَ عَدْوًا بِغَيْرِ عِلْمٍ
كَذَلِكَ زَيَّنَّا لِكُلِّ أُمَّةٍ عَمَلَهُمْ
ثُمَّ إِلَىٰ رَبِّهِمْ مَرْجِعُهُمْ
فَيُنَبِّئُهُم بِمَا كَانُوا يَعْمَلُونَ ○

নবম পরিচ্ছেদ

আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করা এবং বিরুদ্ধাচরণ না করা

সূরা আলে ইমরান, ৩ : ৩১, ৩২

৩১. আপনি বলুন, যদি তোমরা আল্লাহকে ভালবাস, তবে আমার অনুসরণ কর, আল্লাহ তোমাদের ভালবাসবেন এবং মাফ করে দেবেন তোমাদের গুনাহ। আল্লাহ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

৩২. বলুন : তোমরা আনুগত্য কর আল্লাহর ও রাসূলের। তবে যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে জেনে রাখ, আল্লাহ ভালবাসেন না কাফিরদের।

সূরা নিসা, ৪ : ৫৯, ৬৪, ৮০, ১১৫

৫৯. ওহে যারা ঈমান এনেছ! তোমরা আনুগত্য কর আল্লাহর এবং আনুগত্য কর রাসূলের আর তোমাদের মধ্যে যারা ক্ষমতার অধিকারী তাদের। আর যদি তোমরা মতভেদ কর কোন বিষয়ে, তবে তা উপস্থাপিত কর আল্লাহ ও রাসূলের কাছে, যদি তোমরা ঈমান রাখ আল্লাহর প্রতি ও আখিরাতের প্রতি। ইহাই কল্যাণকর এবং পরিণামে উত্তম।

৬৪. আর আমি প্রেরণ করিনি কোন রাসূল এ উদ্দেশ্য ছাড়া যে, তাকে অনুসরণ করা হবে আল্লাহর নির্দেশ অনুযায়ী। আর যদি তারা আপনার কাছে আসে নিজেদের প্রতি যুলুম করার পর, পরে

৩১- قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ۝

৩২- قُلْ أَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ ۚ فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْكَافِرِينَ ۝

৫৯- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِيَ الْأَمْرِ مِنْكُمْ ۚ فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا ۝

৬৪- وَمَا أَرْسَلْنَا مِنْ رَّسُولٍ إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ ۚ وَلَوْ أَنَّهُمْ إِذْ ظَلَمُوا أَنْفُسَهُمْ

আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করলে এবং তাদের জন্য রাসূলও ক্ষমা চাইলে, অবশ্যই তারা পাবে আল্লাহকে পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

৬৯. আর যে কেউ আনুগত্য করবে আল্লাহ ও রাসূলের, তারা সংগী হবে তাদের, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছেন নবী, সিদ্দীক, শহীদ ও নেক্কারদের থেকে আর তারা কত উত্তম সঙ্গী!

৮০. যে কেউ আনুগত্য করে রাসূলের, সে তো আনুগত্য করলো আল্লাহরই। আর কেউ মুখ ফিরিয়ে নিলে, আমি তো পাঠাইনি আপনাকে তাদের জন্য নিগাহবান করে।

১১৫. আর যে বিরুদ্ধাচরণ করবে রাসূলের, তার কাছে হিদায়াত প্রকাশ হওয়ার পর এবং অনুসরণ করে মু'মিনদের পথ ছাড়া অন্য পথ, আমি তাকে ফিরিয়ে দেব সে যে দিকে ফিরে যায় সে দিকে এবং তাকে জ্বলাব জাহান্নামে। আর তা কত নিকৃষ্ট ঠিকানা।

সূরা মায়িদা, ৫ : ৩৩, ৩৪

৩৩. যারা যুদ্ধ করে আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে এবং দুনিয়ায় ফাসাদ সৃষ্টি করে বেড়ায়, তাদের শাস্তি তো এই যে, তাদের হত্যা করা হবে, অথবা শূলে চড়ানো হবে, অথবা তাদের হাত পা কেটে ফেলা হবে বিপরীত দিক থেকে, অথবা তাদের দেশ থেকে নির্বাসিত করা হবে। এটাই তাদের জন্য লাঞ্ছনা এ দুনিয়ায় আর তাদের জন্য রয়েছে আখিরাতে মহা-শাস্তি,

৩৪. তবে তাদের জন্য নয়, যারা তাওবা করবে তোমাদের নিয়ন্ত্রণে আসার

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৩১

جَاءُوكَ فَاسْتَغْفِرُوا اللَّهَ
وَاسْتَغْفِرْ لَهُمُ الرَّسُولُ
لَوْ جَدُوا اللَّهَ تَوَّابًا رَّحِيمًا ۝

৬৯- وَمَنْ يُطِيعِ اللَّهَ وَالرَّسُولَ
فَأُولَٰئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ
مِنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ
وَالصَّالِحِينَ وَحَسُنَ أُولَٰئِكَ رَفِيقًا ۝
৮০- مَنْ يُطِيعِ الرَّسُولَ فَقَدْ أَطَاعَ اللَّهَ ۚ

وَمَنْ تَوَلَّىٰ فَمَا أَرْسَلْنَاكَ
عَلَيْهِمْ حَفِظًا ۝

১১৫- وَمَنْ يُشَاقِقِ الرَّسُولَ
مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَىٰ
وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ
مَا تَوَلَّىٰ وَنُصْلِهِ جَهَنَّمَ ۖ
وَسَاءَتْ مَصِيرًا ۝

৩৩- إِنَّمَا جَزَاءُ الَّذِينَ يُحَارِبُونَ اللَّهَ
وَرَسُولَهُ وَيَسْعَوْنَ فِي الْأَرْضِ فَسَادًا
أَنْ يُقَتَّلُوا أَوْ يُصَلَّبُوا أَوْ تُقَطَّعَ
أَيْدِيهِمْ وَأَرْجُلُهُمْ مِنْ خِلَافٍ
أَوْ يُنْفَوْا مِنَ الْأَرْضِ ۚ
ذَٰلِكَ لَهُمْ خِزْيٌ فِي الدُّنْيَا
وَلَهُمْ فِي الْآخِرَةِ عَذَابٌ عَظِيمٌ ۝

৩৪- إِلَّا الَّذِينَ تَابُوا
مِنْ قَبْلِ أَنْ تَقْدِرُوا عَلَيْهِمْ ۚ

পূর্বে। আর জেনে রাখ, আল্লাহ্ তো
পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

সূরা আ'রাফ, ৭ : ৩, ১৫৭

৩. তোমরা অনুসরণ কর তা, যা নাখিল
করা হয়েছে তোমাদের প্রতি তোমাদের
রবের তরফ থেকে এবং অনুসরণ
করবে না তাঁকে ছাড়া অন্য
অভিভাবককে। তোমরা তো খুব কমই
উপদেশ গ্রহণ কর।

১৫৭. যারা অনুসরণ করে রাসূলের, যিনি উম্মী
নবী, যার কথা তারা লিপিবদ্ধ পায়
তাওরাত ও ইনজীলে, যা তাদের কাছে
আছে তাতে। তিনি তাদের নির্দেশ দেন
ভাল কাজের, নিষেধ করেন মন্দকাজ
থেকে। তাদের জন্য হালাল করেন
উত্তম পবিত্র বস্তু এবং হারাম করেন
ঘৃণ্য অপবিত্র বস্তু। আর তাদের মুক্ত
করেন গুরুভার ও শৃংখল থেকে, যা
তাদের উপর ছিল। অতএব যারা তাঁর
প্রতি ঈমান আনে, তাঁকে শক্তি যোগায়
ও সাহায্য করে এবং অনুসরণ করে
সেই নূরের যা তাঁর সাথে নাখিল করা
হয়েছে, তারাই সফলকাম।

সূরা আনফাল, ৮ : ২০, ২১, ২৪, ২৭, ৪৩

২০. ওহে যারা ঈমান এনেছ! তোমরা
আনুগত্য কর আল্লাহর ও তাঁর রাসূলের
এবং মুখ ফিরিয়ে নেবে না তাঁর থেকে,
যখন তাঁর কথা শুনবে;

২১. আর তোমরা হয়ো না তাদের মত, যারা
বলে : আমরা শুনলাম, আসলে তারা
শোনে না!

২৪. ওহে যারা ঈমান এনেছ! তোমরা সাড়া
দেবে আল্লাহ্ ও তাঁর রাসূলের ডাকে,
যখন তিনি তোমাদের ডাকেন এমন

فَاعْلَمُوا أَنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ○

৩- اِتَّبِعُوا مَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ
وَلَا تَتَّبِعُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ ۚ
قَلِيلًا مَّا تَذَكَّرُونَ ○

১৫৭- الَّذِينَ يَتَّبِعُونَ الرَّسُولَ النَّبِيَّ
الَّذِي يَجِدُونَهُ مَكْتُوبًا
عِنْدَهُمْ فِي التَّوْرَةِ وَالْإِنْجِيلِ
يَأْمُرُهُمْ بِالْمَعْرُوفِ وَيَنْهَاهُمْ عَنِ الْمُنْكَرِ
وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبَاتِ
وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبَائِثَ وَيَضَعُ عَنْهُمْ
إِصْرَهُمْ وَالْأَغْلَالَ الَّتِي كَانَتْ عَلَيْهِمْ ۚ
فَالَّذِينَ آمَنُوا بِهِ وَعَزَّرُوهُ
وَنَصَرُوهُ وَاتَّبَعُوا النُّورَ الَّذِي
أُنْزِلَ مَعَهُ ۙ أُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ○

২- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ
وَرَسُولَهُ وَلَا تَوَلَّوْا عَنْهُ وَأَنْتُمْ
تَسْمَعُونَ ○

২১- وَلَا تَكُونُوا كَالَّذِينَ قَالُوا سَمِعْنَا
وَهُمْ لَا يَسْمَعُونَ ○

২৪- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا
اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ

কিছুর দিকে, যা তোমাদের প্রাণবন্ত করে। আর জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্ মানুষ ও তার অন্তরের মাঝে থাকেন। এবং তাঁরই কাছে তোমাদের একত্র করা হবে।

২৭. ওহে যারা ঈমান এনেছ! তোমরা জেনে শুনে বিশ্বাস ভংগ করবে না আল্লাহ্ ও রাসূলের সাথে এবং তোমাদের নিজেদের আমানতে খিয়ানত করবে না।

৪৬. আর তোমরা আনুগত্য কর আল্লাহর ও তাঁর রাসূলের এবং বিবাদ করবে না নিজেদের মাঝে, করলে তোমরা সাহস হারিয়ে ফেলবে এবং তোমাদের শক্তি বিলুপ্ত হয়ে যাবে, আর তোমরা ধৈর্যধারণ কর। নিশ্চয় আল্লাহ্ রয়েছেন ধৈর্যশীলদের সাথে।

সূরা তাওবা, ৯ : ৬৩

৩৬. তারা কি জানে না, যে কেউ বিরোধিতা করে আল্লাহ্ ও তাঁর রাসূলের অবশ্যই তার জন্য রয়েছে জাহান্নামের আগুন, সেখানে সে চিরকাল থাকবে। এ হলো চরম লাঞ্ছনা।

সূরা নূর, ২৪ : ৫২, ৫৪, ৫৬

৫২. আর যে কেউ আনুগত্য করে আল্লাহর ও তাঁর রাসূলের এবং ভয় করে আল্লাহকে, আর সাবধান থাকে আল্লাহর অবাধ্যতা থেকে, এরাই সফলকাম।

৫৪. বলুন : তোমরা আনুগত্য কর আল্লাহর এবং আনুগত্য কর রাসূলের, তবে যদি তোমরা মুখ ফিরিয়ে নেও, তাহলে রাসূলের উপর অর্পিত দায়িত্বের জন্য তিনি দায়ী এবং তোমাদের উপর অর্পিত দায়িত্বের জন্য তোমরাই দায়ী। আর

إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ ۖ
وَاعْلَمُوا أَنَّ اللَّهَ يَحُولُ بَيْنَ الْمَرْءِ
وَقَلْبِهِ وَأَنَّهُ إِلَيْهِ تُحْشَرُونَ ○

২৭-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَخُونُوا اللَّهَ
وَالرَّسُولَ وَ
تَخُونُوا أَمْلَتِكُمْ وَأَنْتُمْ تَعْلَمُونَ ○

৪৬-وَاطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ
وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا
وَتَذْهَبَ رِيبُكُمْ وَاصْبِرُوا ۚ
إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ ○

৬৩-أَلَمْ يَعْلَمُوا أَنَّهُ مَنْ يُحَادِدِ اللَّهَ
وَرَسُولَهُ فَأَنَّ لَهُ نَارَ جَهَنَّمَ خَالِدًا
فِيهَا ۚ ذَٰلِكَ الْخِزْيُ الْعَظِيمُ ○

৫২-وَمَنْ يُطِيعِ اللَّهَ وَرَسُولَهُ
وَيَحْشَ اللَّهَ وَيَتَّقِهِ
فَأُولَٰئِكَ هُمُ الْفَائِزُونَ ○

৫৪-قُلْ أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ ۚ
فَإِنْ تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْهِ مَا حُمِّلَ
وَعَلَيْكُمْ مَا حُمِّلْتُمْ ۚ

যদি তোমরা তাঁর আনুগত্য কর, তাহলে হিদায়েতপ্রাপ্ত হবে। আর রাসুলের কাজ তো কেবল স্পষ্টভাবে পৌছে দেয়া।

৫৬. আর তোমরা কয়েম কর সালাত, দাও যাকাত এবং আনুগত্য কর রাসুলের, আশা করা যায় তোমাদের প্রতি রহম করা হবে।

সূরা মুহাম্মদ, ৪৭ : ৩৩

৩৩. ওহে যারা ঈমান এনেছ! তোমরা আনুগত্য কর আল্লাহর এবং আনুগত্য কর রাসুলের, আর বিনষ্ট করো না তোমাদের আমল।

সূরা ফাতহ, ৪৮ : ১০

১০. নিশ্চয় যারা আপনার সাথে অংগীকার করে, তারা তো অংগীকার করে আল্লাহর সাথে। আল্লাহর হাত তাদের হাতের উপর। তারপর যে তা ভংগ করে, তা ভংগ করার পরিণাম তারই। আর যে পূর্ণ করে আল্লাহর সাথে যে অংগীকার সে করেছে তা, অবশ্যই আল্লাহ তাকে মহাপুরস্কার দেবেন।

সূরা তাগাবুন, ৬৪ : ১২

১২. তোমরা আনুগত্য কর আল্লাহর এবং আনুগত্য কর রাসুলের। আর যদি তোমরা মুখ ফিরিয়ে নেও, তবে আমার রাসুলের দায়িত্ব তো কেবল স্পষ্টভাবে প্রচার করা।

وَإِنْ تُطِيعُوهُ تَهْتَدُوا ۖ
وَمَا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلْغُ الْمُبِينُ ۝

৫৬- وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ
وَاطِيعُوا الرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ۝

৩৩- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اطِيعُوا اللَّهَ
وَاطِيعُوا الرَّسُولَ
وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ ۝

১০- إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ
إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ ۖ
يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ ۖ
فَمَنْ تَكَلَّفَ فَإِنَّمَا يَنْكُثُ عَلَى نَفْسِهِ ۖ
وَمَنْ أَوْفَى بِمَا عَاهَدَ عَلَيْهِ اللَّهُ
فَسِيؤُتِيهِ أَجْرًا عَظِيمًا ۝

১২- وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ ۖ
فَإِنْ تَوَلَّيْتُمْ
فَإِنَّمَا عَلَى رَسُولِنَا الْبَلْغُ الْمُبِينُ ۝

আল্লাহ ও রাসুলের প্রতি ভালবাসা

সূরা তাওবা, ৯ : ২৪

২৪. বলুন : যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই,

২৪- قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ

তোমাদের স্ত্রী, তোমাদের স্বগোষ্ঠী, তোমাদের অর্জিত সম্পদ, তোমাদের ব্যবসা-বাণিজ্য যার মন্দা পড়ার আশংকা কর এবং তোমাদের বাসস্থান যা তোমরা ভালবাস তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ্, তাঁর রাসূল এবং আল্লাহ্র পথে জিহাদ করার চাইতে, তবে তোমরা অপেক্ষা কর আল্লাহ্র হুকুম আসা পর্যন্ত। আর আল্লাহ্ হিদায়েত দেন না ফাসিক লোকদের।

وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسْكِنٌ تَرْضَوْنَهَا أَحَبُّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ ○

আল্লাহ্র যিক্র ও তাসবীহ

সূরা আলে ইমরান, ৩ : ৪১

৪১. আর তুমি যিক্র কর তোমার রবের বেশিবেশি এবং তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর সন্ধ্যায় ও সকালে।

৪১-..... وَادْكُرْ رَبَّكَ كَثِيرًا وَ سَبِّحْ بِالْعِشِيِّ وَالْإِبْكَارِ ○

সূরা আ'রাফ, ৭ : ২০৫

২০৫. আর যিক্র কর তোমার রবের মনে মনে বিণয় ও ভয় সহকারে অনুচ্চস্বরে সকাল-সন্ধ্যায়। আর তুমি হয়ো না গাফিল।

২০৫-وَادْكُرْ رَبَّكَ فِي نَفْسِكَ تَضَرُّعًا وَ خِيفَةً وَدُونَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْآصَالِ وَلَا تَكُنْ مِنَ الْغَافِلِينَ ○

সূরা রা'দ, ১৩ : ২৮

২৮. যারা ঈমান এনেছে এবং যাদের অন্তর প্রশান্ত হয় আল্লাহ্র যিক্রের। জেনে রাখ, আল্লাহ্র যিক্রেরই অন্তর প্রশান্ত হয়।

২৮-الَّذِينَ آمَنُوا وَتَطْمَئِنُّ قُلُوبُهُمْ بِذِكْرِ اللَّهِ ۗ أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ ○

সূরা জুমু'আ, ৬২ : ১০

১০. আর যখন সালাত শেষ হয়ে যাবে, তখন তোমরা ছড়িয়ে পড়বে পৃথিবীতে এবং অনুসন্ধান করবে আল্লাহ্র অনুগ্রহ ও যিক্র করবে আল্লাহ্র বেশিবেশি, আশা করা যায় তোমরা সফলকাম হবে।

১০-فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانْتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِنْ فَضْلِ اللَّهِ ۚ وَادْكُرُوا اللَّهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُونَ ○

সূরা মুনাফিকুন, ৬৩ : ৯

৯. ওহে যারা ঈমান এনেছ! তোমাদের যেন উদাসীন না করে তোমাদের সম্পদ এবং তোমাদের সন্তান-সন্ততি আল্লাহর যিক্র থেকে। আর যারা উদাসীন হবে, তারাই হবে ক্ষতিগ্রস্ত।

۹-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ ۚ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْخَسِرُونَ ○

আল্লাহ ও তাঁর রাসূল কোন নির্দেশ দিলে, সে বিষয়ে কোন মু'মিনের ভিন্ন সিদ্ধান্তের কোন অধিকার নেই

সূরা আহযাব, ৩৩ : ৩৬

৩৬. আর যখন আল্লাহ ও তাঁর রাসূল কোন বিষয় নির্দেশ দেন, তখন সে বিষয়ে কোন মু'মিন পুরুষ কিংবা মু'মিন নারীর ভিন্ন সিদ্ধান্তের অধিকার নেই। আর কেউ অমান্য করলে আল্লাহ ও তাঁর রাসূলকে, সে তো গুমরাহ হবে স্পষ্টরূপে।

۳۶-وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ ۚ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلًّا مُبِينًا ○

যথাযথভাবে আল্লাহকে ভয় করা, আল্লাহ ও রাসূলের প্রতি ঈমান আনা এবং জান মাল দিয়ে আল্লাহর পথে জিহাদ করা

সূরা আলে ইমরান, ৩ : ১০২, ১০৩, ১০৫, ১৩৩

১০২. ওহে যারা ঈমান এনেছ! তোমরা ভয় কর আল্লাহকে ভয় করার মত, আর কখনও মরবে না মুসলিম না হয়ে।
১০৩. তোমরা সবাই একত্র হয়ে দৃঢ়ভাবে ধর আল্লাহর রজ্জুকে, আর পরস্পর বিচ্ছিন্ন হয়ো না। তোমরা স্মরণ কর তোমাদের প্রতি আল্লাহর নিয়ামাতকে, যখন তোমরা ছিলে পরস্পর শত্রু, তখন তিনি তোমাদের অন্তরে সঞ্চার করলেন প্রেম-প্রীতি, ফলে তোমরা হয়ে গেলে তাঁর অনুগ্রহে ভাইভাই। আর তোমরা

۱۰۲-يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تَقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ ○

۱۰۳-وَاغْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا ۚ وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ كُنْتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ قُلُوبِكُمْ فَأَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ إِخْوَانًا

তো ছিলে আগুনের কুণ্ডের কিনারে, তিনি তোমাদের বাঁচালেন তা থেকে, এভাবেই আল্লাহ স্পষ্টভাবে বর্ণনা করেন তোমাদের জন্য তাঁর নিদর্শনাবলী, যাতে তোমরা হিদায়েত লাভ করতে পার।

১০৫. আর তোমরা হয়ো না তাদের মত, যারা বিচ্ছিন্ন হয়েছে এবং মতভেদ সৃষ্টি করেছে নিজেদের মাঝে, তাদের কাছে স্পষ্ট নিদর্শন আসার পর। তাদের জন্য রয়েছে মহাশাস্তি।

১০৩. তোমরা ধাবমান হও তোমাদের রবের মাগফিরাতের দিকে এবং সেই জান্নাতের দিকে, যার বিস্তৃতি আসমান ও যমীনের ন্যায়, যা প্রস্তুত করে রাখা হয়েছে মুত্তাকীদের জন্য।

সূরা তাওবা, ৯ : ১১৯

১১৯. ওহে যারা ঈমান এনেছ! তোমরা ভয় কর আল্লাহকে এবং সত্যবাদীদের সাথে থাক।

সূরা সাফ্ফ, ৬১ : ১০, ১১, ১২

১০. ওহে যারা ঈমান এনেছ! আমি কি তোমাদের সন্ধান দেব এমন এক তিজারতের, যা তোমাদের নাজাত দেবে যন্ত্রণাদায়ক আযাব থেকে?

১১. তা হলো : তোমরা ঈমান আসবে আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি এবং জিহাদ করবে আল্লাহর পথে নিজেদের সম্পদ ও জীবন দিয়ে। ইহাই তোমাদের জন্য শ্রেয়, যদি তোমরা জানতে!

১২. আল্লাহ ক্ষমা করে দেবেন তোমাদের পাপ এবং তোমাদের দাখিল করবেন জান্নাতে, প্রবাহিত হয় যার পাদদেশে নহরসমূহ, আর স্থায়ী জান্নাতের আবাসস্থলে। ইহাই মহাসাফল্য।

وَكُنْتُمْ عَلَىٰ شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ
فَأَنقَذَكُم مِّنْهَا ۚ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ
لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ ۝

১০৫- وَلَا تَكُونُوا كَالَّذِينَ تَفَرَّقُوا
وَإِخْتَلَفُوا مِنۢ بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ
وَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيمٌ ۝

১০৩- وَسَارِعُوا إِلَىٰ مَغْفِرَةٍ مِّن رَّبِّكُمْ
وَجَنَّةٍ عَرْضُهَا السَّمُوتُ وَالْأَرْضُ
أُعِدَّتْ لِلْمُتَّقِينَ ۝

১১৯- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ
وَكَوْنُوا مَعَ الصَّادِقِينَ ۝

১০- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ
عَلَىٰ تِجَارَةٍ تُنْجِيكُمْ مِّنْ عَذَابٍ أَلِيمٍ ۝

১১- تَوَمَّنُونَ بِاللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ
فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنفُسِكُمْ
ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنْتُمْ تَعْلَمُونَ ۝

১২- يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ
جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ
وَمَسْكِنٍ طَيِّبَةٍ فِي جَنَّاتٍ عَدْنٍ
ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ۝

আল্লাহকে ডাকা

সূরা আ'রাফ, ৭ : ৫৫, ৫৬

৫৫. তোমরা ডাক তোমাদের রবকে
বিনীতভাবে ও গোপনে, তিনি তো
ভালবাসেন না সীমালংঘনকারীদের।

৫৬. আর তোমরা ফাসাদ সৃষ্টি করে বেড়াবে
না পৃথিবীতে, সেখানে শান্তি স্থাপনের
পর, আর ডাক আল্লাহকে ভয় ও আশা
নিয়ে। আল্লাহর রহমত তো নেক-
কারদের নিকটবর্তী।

৫৫- اَدْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا وَخُفْيَةً ۚ
اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ ○

৫৬- وَلَا تَقْسِدُوا فِي الْاَرْضِ
بَعْدَ اَصْلَاحِهَا وَاَدْعُوهُ خَوْفًا وَطَمَعًا
اِنَّ رَحْمَتَ اللّٰهِ قَرِيبٌ مِّنَ الْمُحْسِنِينَ ○

শাফা'আত-সুপারিশ

সূরা বাকারা, ২ : ২৫৫

২৫৫. আল্লাহ্ তিনি ছাড়া নেই কোন ইলাহ।
তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক। তাঁকে
স্পর্শ করে না তন্দ্রা-আর না নিদ্রা।
তাঁরই যা কিছু আছে আসমানে এবং যা
কিছু আছে যমীনে। কে সে, যে
শাফা'আত করবে তাঁর কাছে, তাঁর
অনুমতি ব্যতীত? তিনি জানেন, যা কিছু
আছে তার সামনে এবং যা কিছু আছে
তাদের পেছনে তা। আর তারা কিছুই
আয়ত্ত করতে পারে না তাঁর জ্ঞানের,
তিনি যা চান তা ছাড়া। পরিব্যপ্ত করে
রেখেছে তাঁর কুরসী আসমান ও
যমীনকে, আর ক্লাস্ত করে না তাঁকে এ
দু'য়ের রক্ষণাবেক্ষণ আর তিনি মহান,
শ্রেষ্ঠ।

২৫৫- اَللّٰهُ لَا اِلٰهَ اِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ
لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّ لَا نَوْمٌ ۚ
لَّهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۚ
مَنْ ذَا الَّذِى يَشْفَعُ عِنْدَهٗ اِلَّا بِاِذْنِهٖ ۚ
يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ
وَلَا يُحِيطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖ اِلَّا
بِمَا شَاءَ ۚ وَسِعَ كُرْسِيُّهٗ السَّمٰوٰتِ
وَالْاَرْضَ ۚ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ
وَهُوَ الْعَلِىُّ الْعَظِيْمُ ○

সূরা নিসা, ৪ : ৮৫

৮৫. কেউ ভাল সুপারিশ করলে, তার
জন্য থাকবে তাতে তার অংশ আর
কেউ মন্দ সুপারিশ করলে তাতেও
থাকবে তার অংশ। আল্লাহ্ সর্ববিষয়ে
শক্তিমান।

৮৫- مَنْ يَّشْفَعْ شَفَاعَةً حَسَنَةً يَّكُنْ لَهُ
نَصِيْبٌ مِّنْهَا ۚ وَمَنْ يَّشْفَعْ شَفَاعَةً سَيِّئَةً
يَّكُنْ لَهُ كِفْلٌ مِّنْهَا ۚ
وَكَانَ اللّٰهُ عَلَى كُلِّ شَيْءٍ مُّقِيْتًا ○

তাহিয়া-অভিবাদন

সূরা নিসা, ৪ : ৮৬

৮৬. আর যখন তোমাদের অভিবাদন করা হয়, তখন তোমরাও তার চাইতেও উত্তমরূপে অভিবাদনের উত্তর দেবে, অথবা অনুরূপ উত্তর দেবে। নিশ্চয় আল্লাহ্ সর্ববিষয়ের হিসাব গ্রহণকারী।

১৬- وَإِذَا حُيِّتُمْ بِتَحِيَّةٍ فَحَيُّوا بِأَحْسَنَ مِنْهَا أَوْ رُدُّوهَا ۚ إِنَّ اللَّهَ كَانَ عَلَىٰ كُلِّ شَيْءٍ حَسِيبًا ۝

ওয়াসীলা

সূরা মায়িদা, ৫ : ৩৫

৩৫. ওহে যারা ঈমান এনেছ! তোমরা ভয় কর আল্লাহ্কে এবং তাঁর নৈকট্য লাভের উপায় তালাশ কর ও তাঁর পথে জিহাদ কর, যাতে তোমরা সফলকাম হতে পার।

৩৫- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَابْتَغُوا إِلَيْهِ الْوَسِيلَةَ وَجَاهِدُوا فِي سَبِيلِهِ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ۝

সূরা বনী ইসরাঈল, ১৭ : ৫৬, ৫৭

৫৬. বলুন : তোমরা ডাক তাদের, আল্লাহ্কে ছাড়া যাদের তোমরা ইলাহ মনে কর, তখন দেখবে তাদের কোন শক্তি নেই তোমাদের থেকে দুঃখ-দৈন্য দূর করার, আর না পরিবর্তন করার।

৫৬- قُلْ ادْعُوا الَّذِينَ زَعَمْتُمْ مِنْ دُونِهِ فَلَا يَمْلِكُونَ كَشْفَ الضُّرِّ عَنْكُمْ وَلَا تَحْوِيلًا ۝

৫৭. যাদের তারা ডাকে, তারাই তো তাদের রবের নৈকট্য লাভের উপায় অন্বেষণ করে যে, তাদের মধ্যে কে কত তাঁর নিকটতর হতে পারে এবং তাঁর রহমতের প্রত্যাশা করে, আর তাঁর শাস্তিকে ভয় করে। নিশ্চয় আপনার রবের আযাব ভয়াবহ।

৫৭- أُولَٰئِكَ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَىٰ رَبِّهِمُ الْوَسِيلَةَ أَيُّهُمْ أَقْرَبُ وَيَرْجُونَ رَحْمَتَهُ وَيَخَافُونَ عَذَابَهُ ۚ إِنَّ عَذَابَ رَبِّكَ كَانَ مَحْذُورًا ۝

রাসূলুল্লাহ (সা)-এর প্রতি নির্দেশ

সূরা মায়িদা, ৫ : ৬৭, ৯২, ৯৯

৬৭. হে রাসূল! আপনি প্রচার করুন, যা নাযিল করা হয়েছে আপনার প্রতি,

৬৭- يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৩২

আপনার রবের তরফ থেকে তা আর যদি না করেন, তবে তো আপনি প্রচার করলেন না আপনার রবের বাণী। আর আল্লাহ্ আপনাকে রক্ষা করবেন মানুষ থেকে। নিশ্চয় আল্লাহ্ হিদায়েত দেন না কাফির লোকদের।

৯২. তোমরা আনুগত্য কর আল্লাহ্র এবং আনুগত্য কর রাসূলের আর সতর্ক থাক। আর যদি তোমরা মুখ ফিরিয়ে নেও, তবে জেনে রাখ, আমার রাসূলের উপর দায়িত্ব তো কেবল স্পষ্ট প্রচার করা।

৯৯. রাসূলের দায়িত্ব তো কেবল প্রচার করা। আর আল্লাহ্ জানেন, যা তোমরা প্রকাশ কর আর যা তোমরা গোপন রাখ।

সূরা আ'রাফ, ৭ : ১৫৮, ১৮৮, ১৯৯, ২০০

১৫৮. বলুন : হে মানুষ! আমি তো তোমাদের সবার জন্য সেই আল্লাহ্র রাসূল, যাঁর সর্বময় কর্তৃত্ব আসমান ও যমীনে, নেই কোন ইলাহ্ তিনি ছাড়া, তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু দেন। অতএব তোমরা ঈমান আনো আল্লাহ্র প্রতি এবং তাঁর রাসূলের প্রতি, যিনি উম্মী নবী, যিনি ঈমান রাখেন আল্লাহ্র প্রতি এবং তাঁর বাণীতে আর তোমরা অনুসরণ কর তাঁর, যাতে তোমরা হিদায়েত লাভ করতে পার।

১৮৮. আপনি বলুন : আমার অধিকার নেই, আমার নিজের কোন ভাল মন্দের, আল্লাহ্ যা চান তা ছাড়া। আর যদি আমি জানতাম গায়েবের খবর, তবে তো আমি প্রভূত কল্যাণই লাভ করতামু এবং আমাকে স্পর্শ করতে পারত না কোন অকল্যাণ। আমি তো

مِنْ رَبِّكَ ۖ وَإِنْ لَمْ تَفْعَلْ

فَمَا بَلَغْتَ رِسَالَتَهُ ۚ

وَاللَّهُ يُعَذِّبُكَ مِنَ النَّاسِ ۚ

إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ ○

৯২- وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ

وَاحْذَرُوا فَإِنْ تَوَلَّيْتُمْ فَأَعْلَمُوا

أَنَّا عَلَى رَسُولِنَا الْبَلَاءُ الْمُبِينُ ○

৯৯- مَا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلَاغُ ۚ

وَاللَّهُ يَعْلَمُ مَا تُبْدُونَ وَمَا تَكْتُمُونَ ○

১৫৮- قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِنِّي رَسُولُ اللَّهِ

إِلَيْكُمْ جَمِيعًا الَّذِي لَهُ مُلْكُ السَّمَوَاتِ

وَالْأَرْضِ لَا إِلَهَ إِلَّا هُوَ يُحْيِي وَيُمِيتُ ۚ

فَآمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ النَّبِيِّ الْأُمِّيِّ

الَّذِي يُؤْمِنُ بِاللَّهِ وَكَلِمَاتِهِ

وَاتَّبِعُوهُ لَعَلَّكُمْ تَهْتَدُونَ ○

১৮৮- قُلْ لَا أَمْلِكُ لِنَفْسِي نَفْعًا وَلَا ضَرًّا إِلَّا

مَا شَاءَ اللَّهُ ۚ وَلَوْ كُنْتُ أَعْلَمُ الْغَيْبِ

لَا سَتَكُنْتُ مِنَ الْخَيْرِ ۚ وَمَا مَسَّنِي

السُّوءُ ۚ إِنَّ أَنَا إِلَّا نَذِيرٌ ۚ

মু'মিন লোকদের জন্য সতর্ককারী ও সুসংবাদদাতা ছাড়া আর কিছুই নই।

১৯৯. আপনি অবলম্বন করুন ক্ষমাপরায়ণতা, নির্দেশ দিন ভাল কাজের এবং এড়িয়ে চলুন অজ্ঞদের।

২০০. আর যদি আপনাকে প্ররোচিত করে শয়তানের তরফ থেকে কোন প্ররোচনা, তবে আশ্রয় নিন আল্লাহর। তিনি তো সব শোনে, সব জানেন।

সূরা তাওবা, ৯ : ১২৯

১২৯. আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আপনি বলুন : আমার জন্য আল্লাহ্‌ই যথেষ্ট, নেই কোন ইলাহ তিনি ছাড়া। তাঁরই উপর আমি ভরসা করি, আর তিনি হলেন অধিপতি মহান আরশের।

সূরা ইউনুস, ১০ : ৬৫, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯

৬৫. আর আপনাকে যেন দুঃখ না দেয় তাদের কথা। সমস্ত শক্তি ও সম্মান আল্লাহরই, তিনিই সব শোনে, সব জানেন।

১০৪. আপনি বলুন : হে মানুষ! তোমরা যদি সন্দেহে থাক আমার দীনের ব্যাপারে, তবে জেনে রাখ : আমি ইবাদত করি না তাদের, যাদের তোমরা ইবাদত কর আল্লাহর পরিবর্তে, বরং আমি তো ইবাদত করি আল্লাহর, যিনি তোমাদের মৃত্যু দেন, আর আমি আদিষ্ট হয়েছি মু'মিনদের অন্তর্ভুক্ত হওয়ার জন্য।

১০৫. আর এ-ও যে, আপনি একনিষ্ঠভাবে প্রতিষ্ঠিত থাকবেন দীনে এবং কখনো মুশরিকদের অন্তর্ভুক্ত হবেন না।

১০৬. আর ডাকবেন না আল্লাহ্‌ ছাড়া আর কাউকে, যে না পারে আপনার কোন

وَبَشِيرٍ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ○

১১৭- خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ

وَاعْرِضْ عَنِ الْجَاهِلِينَ ○

২০০- وَإِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطَانِ نَزْغٌ

فَاسْتَعِذْ بِاللَّهِ إِنَّهُ سَمِيعٌ عَلِيمٌ ○

১২৯- فَإِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِيَ اللَّهُ

لَا إِلَهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ

الْعَرْشِ الْعَظِيمِ ○

১০৫- وَلَا يَخْزُنْكَ قَوْلُهُمْ إِنَّ الْعِزَّةَ

لِلَّهِ جَمِيعًا هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ○

১০৪- قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِن كُنْتُمْ

فِي شَكٍّ مِنْ دِينِي فَلَا أَعْبُدُ الَّذِينَ

تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ

وَلَكِنْ أَعْبُدُ اللَّهَ الَّذِي يَتَوَقَّكُمْ

وَأُمرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ○

১০৫- وَأَنْ أَقِمَّ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفًا

وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ○

১০৬- وَلَا تَدْعُ مِنْ دُونِ اللَّهِ

উপকার করতে, আর না পারে আপনার কোন অপকার করতে আর যদি আপনি এরূপ করেন, তাহলে অবশ্যই আপনি হয়ে পড়বেন যালিমদের শামিল।

১০৭. আর যদি আল্লাহ্ আপনার ক্রেশ দেন, তবে তা দূর করার কেউ নেই তিনি ছাড়া। আর যদি তিনি চান আপনার মঙ্গল, তবে তাঁর অনুগ্রহ রদ করার কেউ নেই। তিনি স্বীয় অনুগ্রহ দান করেন তাঁর বান্দাদের মধ্যে যাকে চান তাকে। তিনি পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

১০৮. বলুন : হে মানুষ! এসেছে তো তোমাদের কাছে সত্য তোমাদের রবের তরফ থেকে। অতএব, যে কেউ সৎপথ অবলম্বন করবে, সে তো সৎপথ অবলম্বন করবে নিজেরই কল্যাণের জন্য আর যে কেউ গুমরাহ হবে, সে তো গুমরাহ হবে নিজেরই ধ্বংসের জন্য এবং আমি নই তোমাদের কর্ম-নিয়ন্ত্রক।

১০৯. আর আপনি অনুসরণ করুন আপনার প্রতি যে ওহী করা হয় তা এবং সবার করুন আল্লাহ্র ফয়সালা পর্যন্ত আর আল্লাহ্ই শ্রেষ্ঠ ফয়সালাকারী।

সূরা হূদ, ১১ : ১১২

১১২. আর আপনি যেভাবে আদিষ্ট হয়েছেন, তাতে দৃঢ়পদ থাকুন এবং যারা আপনার সাথে আল্লাহ্ অভিযুখী হয়েছে তারাও, আর তোমরা সীমালংঘন করবে না। নিশ্চয় তোমরা যা কর, সে সম্বন্ধে আল্লাহ্ সম্যক দ্রষ্টা।

সূরা ইউসুফ, ১২ : ১০৮

১০৮. আপনি বলুন : এই আমার পথ। আমি তো ডাকি আল্লাহ্র দিকে সজ্ঞানে

مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ

فَإِنْ فَعَلْتَ فَإِنَّكَ إِذَا

مِنَ الظَّالِمِينَ ○

১০৭- وَإِنْ يَمْسَسْكَ اللَّهُ بِضُرٍّ

فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَ ۚ وَإِنْ يُرِدْكَ

بِخَيْرٍ فَلَا رَادَّ لِفَضْلِهِ ۚ

يُصِيبُ بِهِ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ۚ

وَهُوَ الْغَفُورُ الرَّحِيمُ ○

১০৮- قُلْ يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَكُمْ الْحَقُّ

مِنْ رَبِّكُمْ ۚ فَمَنْ اهْتَدَىٰ

فَأِنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ۚ

وَمَنْ ضَلَّٰ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ

وَمَا أَنَا عَلَيْكُمْ بِوَكِيلٍ ○

১০৯- وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ

وَاصْبِرْ حَتَّىٰ يَحْكُمَ اللَّهُ ۚ

وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ○

১১২- فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ

وَمَنْ تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا ۚ

إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ○

১০৮- قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللَّهِ

আমি এবং আমার অনুসারীরাও। আর আল্লাহ পবিত্র মহান এবং আমি নই মুশ্রিকদের শামিল।

সূরা রা'দ, ১৩ : ৩৬, ৪০

৩৬... বলুন! আমি তো আদিষ্ট হয়েছি আল্লাহর ইবাদত করতে এবং তাঁর সাথে শরীক না করতে। তাঁরই দিকে আমি আহ্বান করছি এবং তাঁরই কাছে আমার প্রত্যাবর্তন।

৪০. আর যদি আমি আপনাকে দেখাই যে শাস্তির প্রতিশ্রুতি আমি আপনাকে দিয়েছি তার কিছু অথবা এর পূর্বে আপনার মৃত্যু দেই, তবে জেনে রাখুন আপনার কর্তব্য কেবল প্রচার করা। আর আমার দায়িত্ব হিসাব নিকাসের।

সূরা হিজর, ১৫ : ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯

৯৪. আর আপনি প্রকাশ্যে প্রচার করুন, যা আপনাকে আদেশ করা হয়েছে তা, আর ক্রক্ষেপ করবেন না মুশ্রিকদের প্রতি।

৯৫. আমিই আপনার জন্য যথেষ্ট, ঠাট্টা-বিদ্রোপকারীদের বিরুদ্ধে।

৯৬. যারা আল্লাহর সাথে অন্য ইলাহ স্থির করেছে। অতএব অঁচিরেই তারা জানতে পারবে!

৯৭. আর আমি তো জানি অবশ্যই আপনার অন্তর সংকুচিত হয় তারা যা বলে তাতে,

৯৮. অতএব আপনি সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন আপনার রবের এবং সিজ্দাকারীদের শামিল হন।

৯৯. আর ইবাদত করতে থাকুন আপনার রবের আপনার মৃত্যু আসা পর্যন্ত।

عَلَىٰ بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي ۖ
وَسُبْحَنَ اللَّهِ وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ ○

৩৬... قُلْ إِنَّمَا أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ
وَلَا أُشْرِكَ بِهِ ۖ
إِلَيْهِ أَدْعُوا وَإِلَيْهِ مَابٍ ○

৪০. وَإِنْ مَا تُرِيدُكَ
بَعْضَ الَّذِي نَعِدُهُمْ أَوْ نَتَوَقَّعُكَ
فَإِنَّمَا عَلَيْكَ الْبَلْغُ
وَعَلَيْنَا الْحِسَابُ ○

৯৪. فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ
وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ ○

৯৫. إِنَّا كَفَيْنَاكَ الْمُسْتَهْزِئِينَ ○

৯৬. الَّذِينَ يَجْعَلُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ
فَسَوْفَ يَعْلَمُونَ ○

৯৭. وَلَقَدْ نَعْلَمُ أَنَّكَ يَضِيقُ صَدْرُكَ
بِمَا يَقُولُونَ ○

৯৮. فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ
وَكُنْ مِنَ السَّاجِدِينَ ○

৯৯. وَاعْبُدْ رَبَّكَ حَتَّىٰ
يَأْتِيَكَ الْيَقِينُ ○

সূরা নাহল, ১৬ : ৮২, ১২৫, ১২৭

৮২. আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে রাখুন, আপনার কর্তব্য তো কেবল স্পষ্টভাবে বাণী পৌঁছিয়ে দেওয়া।

১২৫. আপনি ডাকুন আনাপার রবের পথে হিক্মত ও সদুপদেশ দিয়ে এবং আপনি লোকদের সাথে বিতর্ক করুন উত্তম পন্থায়। নিশ্চয় আপনার রব সবিশেষ অবহিত তার সম্বন্ধে, যে তার পথ ছেড়ে গুম্বাহ হয় এবং তিনি তাদের সম্বন্ধেও সবিশেষ অবহিত, যারা হিদায়াতের পথ অবলম্বন করে।

১২৭. আর আপনি সবার করন এবং আপনার সবার করা তো আল্লাহরই সাহায্যে। আর আপনি তাদের কারণে দুঃখ করবেন না এবং আপনি সংকুচিত চিত্ত হবেন না, তারা যে ষড়যন্ত্র করে সে জন্য।

সূরা বনী ইসরাঈল, ১৭ : ৭৯, ৮০, ৮১

৭৯. আর আপনি রাতের কিছু অংশে তাহাজ্জুদ কায়েম করবেন, এটা আপনার জন্য অতিরিক্ত। আশা করা যায় আপনার রব আপনাকে উন্নীত করবেন 'মাকামে মাহমুদে'।

৮০. আর বলুন : হে আমার রব! আপনি আমাকে দাখিল করুন কল্যাণের সাথে এবং আমাকে বের করুন কল্যাণের সাথে, আর আপনার কাছ থেকে আমাকে দান করুন সাহায্যকারী শক্তি।

৮১. আর বলুন : সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে, মিথ্যা তো বিলুপ্ত হবারই।

৮২-فَإِنْ تَوَلَّوْا
فَإِنَّمَا عَلَيْكَ الْبَلْغُ الْمُبِينُ ○

১২৫-أُدْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحُكْمَةِ
وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ
وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ ۚ إِنَّ رَبَّكَ
هُوَ أَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيلِهِ
وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ○

১২৭-وَاصْبِرْ وَمَا صَبْرُكَ إِلَّا بِاللَّهِ
وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِي ضَيْقٍ
مِّمَّا يَمْكُرُونَ ○

৭৯-وَمِنَ اللَّيْلِ فَسَبِّحْهُ
نَافِلَةً لَّكَ ۚ عَسَىٰ أَنْ يَبْعَثَكَ
رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا ○

৮০-وَقُلْ رَبِّ ادْخُلْنِي مَدْخَلَ
صِدْقٍ وَأَخْرِجْنِي مَخْرَجَ صِدْقٍ
وَأَجْعَلْ لِي مِنْ لَدُنْكَ سُلْطَانًا
تُصِيرًا ○

৮১-وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ ۚ
إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا ○

সূরা কাহফ, ১৮ : ২৩, ২৪, ২৭, ২৮, ২৯,
১১০

২৩. আর আপনি কখনো কোন বিষয়ে বলবেন না “অবশ্যই আমি তা করব আগামী কাল”—
২৪. ‘ইনশা আল্লাহ্’ না বলে। তবে যখন আপনি ভুলে যান, তখন স্মরণ করবেন আপনার রবকে এবং বলবেন, আশা করা যায়, আমার রব আমাকে এর চাইতে সত্যের নিকটতর পথ নির্দেশ করবেন।
২৭. আপনি আপনার প্রতি যে কিতাব ওহী করা হয়েছে তা পাঠ করুন। তাঁর বাক্য পরিবর্তন করার কেউ নেই। আপনি কখনো পাবেন না তাঁকে ছাড়া কোন আশ্রয়।
২৮. আপনি ধৈর্যসহকারে নিজেকে রাখবেন তাদের সঙ্গে যারা ডাকে তাদের রবকে সকাল সন্ধ্যায় তাঁরই সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে এবং আপনি স্থায়ী দৃষ্টি ফিরিয়ে নিবেন না তাদের থেকে পার্থিব জীবনের শোভা কামনায়। আর আপনি আনুগত্য করবেন না তার, যার অন্তরকে আমি গাফিল করে দিয়েছি আমার স্মরণ থেকে এবং যে অনুসরণ করে তার খেয়াল খুশীর আর যার কার্যকলাপ সীমা অতিক্রম করেছে।
২৯. আর বলুন : ‘সত্য তোমাদের রবের তরফ থেকে; অতএব যে ইচ্ছা করে সে ঈমান আনুক এবং যে চায় সে কুফরী করুক। আমি প্রস্তুত করে রেখেছি যালিমদের জন্য আগুন, পরিবেষ্টন করে আছে যার বেটনী তাদের। তারা যদি পানি চায়, তবে তাদের দেওয়া হবে গলিত ধাতুর মত

২৩- وَلَا تَقُولَنَّ لِشَيْءٍ إِنِّي فَاعِلٌ
ذَلِكَ غَدًا ۝

২৪- إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ زَوَاذِكُرْ رَبَّكَ
إِذَا نَسِيتَ وَقُلْ عَسَى أَنْ يَهْدِيَنِي رَبِّي
إِلَى قَرَبٍ مِنْ هَذَا رَشَدًا ۝

২৭- وَاتْلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِنْ كِتَابِ
رَبِّكَ ۚ لَا مُبَدِّلَ لِكَلِمَاتِهِ ۚ
وَلَنْ تَجِدَ مِنْ دُونِهِ مُلْتَحَدًا ۝

২৮- وَاصْبِرْ نَفْسَكَ مَعَ الَّذِينَ
يَدْعُونَ رَبَّهُمْ بِالْغَدَاةِ وَالْعَشِيِّ
يُرِيدُونَ وَجْهَهُ وَلَا تَعْدُ عَيْنُكَ عَنْهُمْ
تُرِيدُ زِينَةَ الْحَيَاةِ الدُّنْيَا وَلَا تُطِعْ
مَنْ أَغْفَلْنَا قَلْبَهُ عَنْ ذِكْرِنَا
وَاتَّبَعَ هَوَاهُ وَكَانَ أَمْرُهُ فُرُطًا ۝

২৯- وَقُلِ الْحَقُّ مِنْ رَبِّكُمْ سَمِعْنَا
فَلْيُؤْمِنُوا مَنْ شَاءَ فَلْيُكْفُرْ ۚ
إِنَّا أَعْتَدْنَا لِلظَّالِمِينَ نَارًا ۙ
أَحَاطَ بِهِمْ سُرَادِقُهَا وَإِنْ يَسْتَغِيثُوا
يُعَاثُوا بِمَاءٍ كَالْمُهْلِ يَشْوِي الْوُجُوهَ ۚ

পানীয়, যা জ্বালিয়ে দিবে তাদের চেহারা, কত নিকৃষ্ট এ পানীয় আর কত নিকৃষ্ট আশ্রয়স্থল এ জাহান্নাম।

১১০. আপনি বলুন : আমি তো একজন মানুষ তোমাদেরই মত, আমার প্রতি ওহী করা হয় যে, তোমাদের ইলাহ্ তো এক ইলাহ্। সুতরাং যে কেউ আশা করে তার রবের সাক্ষাতের, সে যেন আমল করে এবং কাউকে শরীক না করে তার রবের।

সূরা তোহা, ২০ : ১১৪, ১৩০, ১৩১

১১৪. আর আল্লাহ্ অতি মহান, প্রকৃত অধিপতি। আর আপনি জল্দী করবেন না কুরআন পাঠে, আপনার প্রতি আল্লাহ্র ওহী সম্পূর্ণ হওয়ার পূর্বে এবং বলুন : হে আমার রব! আমাকে সমৃদ্ধ করুন জ্ঞানে।

১৩০. আর আপনি সবার করুন, তারা যা বলে সে বিষয়ে এবং সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন আপনার রবের সূর্যোদয়ের পূর্বে এবং সূর্যাস্তের পূর্বে, আর রাতের কিছু অংশেও পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন এবং দিনের প্রান্তসমূহেও যাতে আপনি সন্তুষ্ট হতে পারেন।

১৩১. আর আপনি প্রসারিত করবেন না আপনার চক্ষুদ্বয় তার প্রতি যা আমি তাদের বিভিন্ন শ্রেণীকে উপভোগের জন্য দিয়েছি পার্থিব জীবনের সৌন্দর্যরূপে, তা দিয়ে তাদের পরীক্ষা করার জন্য। আর আপনার রবের দেয়া রিয়ক উৎকৃষ্ট ও স্থায়ী।

সূরা আশ্বিয়া, ২১ : ১০৮, ১০৯

১০৮. বলুন : আমার প্রতি তো ওহী হয় যে, তোমাদের ইলাহ্ তো এক ইলাহ্,

يُسَسِّ الشَّرَابُ ۖ وَسَاءَتْ مُرْتَفَقًا ۝

১১০. قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِّثْلُكُمْ

يُوحَىٰ إِلَىٰ أَنَّمَا إِلَهُكُمُ اللَّهُ وَاحِدٌ ۖ

فَمَن كَانَ يَرْجُوا لِقَاءَ رَبِّهِ

فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا

وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا ۝

১১৪. فَتَعَلَىٰ اللَّهُ الْمَلِكُ الْحَقُّ ۖ

وَلَا تَعْجَلْ بِالْقُرْآنِ مِن قَبْلِ

أَن يُقْضَىٰ إِلَيْكَ

وَحْيُهُ ۚ وَقُلْ رَبِّ زِدْنِي عِلْمًا ۝

১৩০. فَاصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَسَبِّحْ

بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ

وَقَبْلَ غُرُوبِهَا ۖ

وَمِنْ أَنَاءِ اللَّيْلِ فَسَبِّحْ وَأَطْرَافَ النَّهَارِ

لَعَلَّكَ تَرْضَىٰ ۝

১৩১. وَلَا تَمُدَّنَّ عَيْنَيْكَ إِلَىٰ مَا

مَتَّعْنَا بِهِ أَزْوَاجًا مِنْهُمْ زَهْرَةَ الْحَيَاةِ

الدُّنْيَا لِنَفْتِنَهُمْ فِيهِ ۖ

وَرِزْقُ رَبِّكَ خَيْرٌ وَأَبْقَىٰ ۝

১০৮. قُلْ إِنَّمَا يُوحَىٰ إِلَىٰ أَنَّمَا

إِلَهُكُمُ اللَّهُ وَاحِدٌ ۖ

অতএব তোমরা তাঁর প্রতি আত্ম-
সমর্পণকারী হয়ে যাও।

১০৯. কিন্তু তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে
আপনি বলুন : আমি তো তোমাদের
জানিয়ে দিয়েছি যথাযথভাবে। আর
আমি জানি না, যে বিষয়ের প্রতিশ্রুতি
তোমাদের দেয়া হয়েছে তা নিকটবর্তী,
না দূরবর্তী।

সূরা হায্জ, ২২ : ৪৯, ৫০

৪৯. আপনি বলুন : হে মানুষ! আমি তো
তোমাদের জন্য একজন স্পষ্ট
সতর্ককারী।
৫০. অতএব যারা ঈমান আনে ও নেক-
আমল করে, তাদের জন্য রয়েছে ক্ষমা
ও সম্মানজনক রিয়ক।

সূরা মু'মিনুন ২৩ : ৯৬, ৯৭, ৯৮, ১১৮

৯৬. আপনি মুকাবিলা করুন ভাল দিয়ে
মন্দের। আমি সবিশেষ অবহিত সে
সম্বন্ধে, যা তারা বলে।
৯৭. আর আপনি বলুন : হে আমার রব!
আমি আপনার আশ্রয় চাই শয়তানের
প্ররোচনা থেকে,
৯৮. আর আমি আপনার আশ্রয় চাই, হে
আমার রব! আমার কাছে তাদের
উপস্থিত হওয়া থেকে।
১১৮. আর আপনি বলুন : হে আমার রব!
আপনি ক্ষমা করুন এবং দয়া করুন।
আর আপনি-ই সর্বশ্রেষ্ঠ দয়ালু।

সূরা ফুরকান, ২৫ : ৫২, ৫৬, ৫৭, ৫৮

৫২. আর আপনি আনুগত্য করবেন না
কাফিরদের এবং এ কুরআনের সাহায্যে
তাদের সাথে কঠোর জিহাদ করুন।

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৩৩

○ فَهَلْ أَنْتُمْ مُسْلِمُونَ

১০৭- فَإِنْ تَوَلَّوْا فَقُلْ اذْنَبْتُكُمْ
عَلَىٰ سَوَاءٍ ۖ وَإِنِّي أَدْرِي أَقْرَبُ
○ أَمْرٍ بَعِيدٍ مَّا تُوْعَدُونَ

৪৭- قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا أَنَا لَكُمْ
نَذِيرٌ مُّبِينٌ ۝

৫০- قَالِ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ
لَهُمْ مَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ○

৯৬- اِدْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ السَّيِّئَةِ ۖ
○ نَحْنُ أَعْلَمُ بِمَا يَصِفُونَ
৯৭- وَقُلْ رَبِّ أَعُوذُ بِكَ
○ مِنْ هَزَبِ الشَّيْطَانِ

৯৮- وَأَعُوذُ بِكَ رَبِّ أَنْ يَحْضُرُونِ ○

১১৮- وَقُلْ رَبِّ اغْفِرْ وَارْحَمْ
○ وَأَنْتَ خَيْرُ الرَّحِيمِينَ

৫২- فَلَا تُطِيعِ الْكَافِرِينَ
○ وَجَاهِدْهُمْ بِهِ جِهَادًا كَبِيرًا

৫৬. আর আমি তো পাঠিয়েছি আপনাকে কেবল সুসংবাদদাতা ও সতর্ককারী হিসাবে।

৫৭. আপনি বলুন : আমি চাই না তোমাদের কাছে এর কোন প্রতিদান, তবে যে ইচ্ছা করে, সে যেন গ্রহণ করে তার রবের দিকে পথ।

৫৮. আর আপনি ভরসা করুন চিরঞ্জীব আল্লাহর উপর, যিনি মরবেন না আর আপনি তাঁর সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন। তিনি সবিশেষ অবহিত তাঁর বান্দাদের পাপ সম্পর্কে।

সূরা ব'আরা, ২৬ : ২১৩, ২১৪, ২১৫, ২১৬, ২১৭

২১৩. আর আপনি ডাকবেন না আল্লাহর সাথে অন্য কোন ইলাহকে, এরূপ করলে আপনি হয়ে পড়বেন শাস্তি প্রাপ্তদের শামিল।

২১৪. আর আপনি সতর্ক করুন আপনার নিকট আত্মীয়-স্বজনকে।

২১৫. আর আপনি বিনয়ী হন সে সব মু'মিনদের প্রতি, যারা আপনার অনুসরণ করে।

২১৬. তবে তারা যদি আপনার অবাধ্য হয়, তাহলে বলে দিন : নিশ্চয় আমি দায়মুক্ত তা থেকে, যা তোমরা কর।

২১৭. আর আপনি ভরসা করুন পরাক্রমশালী, পরম দয়ালু আল্লাহর উপর।

সূরা নামল, ২৭ : ৫৯, ৬৫, ৬৯, ৭৯, ৯১, ৯২, ৯৩

২৯. আপনি বলুন : সমস্ত প্রশংসা আল্লাহর জন্য এবং শাস্তি বর্ষিত হোক তাঁর মনোনীত বান্দাদের উপর। শ্রেষ্ঠ কি

৫৬- وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا مُبَشِّرًا وَنَذِيرًا ○

৫৭- قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ
إِلَّا مَنْ شَاءَ أَنْ يَتَّخِذَ إِلَىٰ رَبِّهِ سَبِيلًا ○

৫৮- وَتَوَكَّلْ عَلَى الْحَيِّ الَّذِي لَا يَمُوتُ وَسَبِّحْ بِحَمْدِهِ
وَكَفَىٰ بِهِ يَدُنَا نُوبَ عِبَادِهِ خَبِيرًا ○

২১৩- فَلَا تَدْعُ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ فَتَكُونَ
مِنَ السَّعْدِيقِينَ ○

২১৪- وَأَنْذِرْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ ○

২১৫- وَاخْفِضْ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ
مِنَ الْمُؤْمِنِينَ ○

২১৬- فَإِنْ عَصَوْكَ
فَقُلْ إِنِّي بَرِيءٌ مِّمَّا تَعْمَلُونَ ○

২১৭- وَتَوَكَّلْ عَلَى الْعَزِيزِ الرَّحِيمِ ○

২৯- قُلِ الْحَمْدُ لِلَّهِ وَسَلَامٌ عَلَىٰ عِبَادِهِ
الَّذِينَ اصْطَفَى ○

আল্লাহ্, না সে সব যাদের তারা শরীক করে ?

৬৫. আপনি বলুন : আসমান ও যমীনে কেউ-ই গায়েব জানে না আল্লাহ্ ছাড়া, আর তারা জানে না কখন তাদের জীবিত করে উঠানো হবে।

৬৯. বলুন : তোমরা ভ্রমণ কর পৃথিবীতে এবং লক্ষ্য কর, কেমন ছিল পরিণতি অপরাধীদের।

৭৯. আর আপনি ভরসা করুন আল্লাহ্র উপর, আপনি তো আছেন স্পষ্ট সত্যের উপর।

৯১. বলুন : আমি তো আদিষ্ট হয়েছি ইবাদত করতে এ নগরীর রবের, যিনি সম্মানিত করেছেন একে। আর সব কিছু তাঁরই। আমি আরো আদিষ্ট হয়েছি যেন আমি হই মুসলিমদের শামিল।

৯২. আমি আরো আদিষ্ট হয়েছি, যেন আমি তিলাওয়াত করি কুরআন। অতএব যে কেউ সৎপথ অনুসরণ করে, সে তো সৎপথ অনুসরণ করে নিজেরই কল্যাণের জন্য। আর কেউ ভ্রান্তপথে চললে, আপনি বলে দিন : আমি তো একজন সতর্ককারী মাত্র।

৯৩. আর আপনি বলুন : সমস্ত প্রশংসা আল্লাহ্রই জন্য। অচিরেই তিনি তোমাদের দেখাবেন তাঁর নিদর্শন, তখন তোমরা তা জানতে পারবে। আর তোমাদের রব গাফিল নন, তোমরা যা কর সে সম্বন্ধে।

সূরা কাসাস, ২৮ : ৫৬, ৭১, ৭২, ৮৫, ৮৬, ৮৭, ৮৮

৫৬. আপনি তো দিহায়েত দান করতে পারেন না তাকে, যাকে আপনি

○ اللَّهُ خَيْرٌ أَمَّا يُشْرِكُونَ

৬৫- قُلْ لَا يَعْلَمُ مَنْ فِي السَّمَوَاتِ

وَالْأَرْضِ الْغَيْبَ إِلَّا اللَّهُ

○ وَمَا يَشْعُرُونَ أَيَّانَ يُبْعَثُونَ

৬৯- قُلْ سِيرُوا فِي الْأَرْضِ فَانظُرُوا كَيْفَ

كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِينَ

○ ৭৯- تَتَوَكَّلْ عَلَى اللَّهِ إِنَّكَ عَلَى الْحَقِّ الْمُبِينِ

৯১- إِنَّمَا أُمِرْتُ أَنْ أَعْبُدَ رَبَّ

هَذِهِ الْبَلَدَةِ الَّذِي حَرَّمَهَا

وَلَهُ كُلُّ شَيْءٍ

○ وَأُمِرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُسْلِمِينَ

৯২- وَإِنْ أَتَاكُمُ الْقُرْآنُ فَمِنْ أَهْتَدَى

فَاتِمًا يَهْتَدَى لِنَفْسِهِ، وَمَنْ ضَلَّ فَقُلْ

○ إِنَّمَا أَنَا مِنَ الْمُنذِرِينَ

৯৩- وَقُلِ الْحَمْدُ لِلَّهِ سَيُرِيكُمْ

آيَاتِهِ فَتَعْرِفُونَهَا

○ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ

৫৬- إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ

ভালবাসেন। তবে আল্লাহই হিদায়েত দান করেন যাকে চান। আর তিনিই ভাল জানেন হিদায়েত প্রাপ্তদের।

৭১. বলুন : তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ তোমাদের উপর রাতকে স্থায়ী করে দেন কিয়ামতের দিন পর্যন্ত, কোন্ ইলাহ আছে আল্লাহ ছাড়া, যিনি তোমাদের জন্য এনে দিবেন আলো? তবুও কি তোমরা শোনবে না!

৭২. বলুন : তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ তোমাদের উপর দিনকে স্থায়ী করে দেন কিয়ামত পর্যন্ত, কোন্ ইলাহ আছে আল্লাহ ছাড়া, যিনি নিয়ে আসবেন তোমাদের জন্য রাত, যাতে তোমরা বিশ্রাম করতে পার? তবুও কি তোমরা অনুধাবন করবে না?

৮৫. নিশ্চয় তিনি বিধান করে দিয়েছেন আপনার জন্য কুরআনকে, অবশ্যই তিনি ফিরিয়ে আনবেন আপনাকে জন্মভূমিতে। বলুন : আমার রব ভাল জানেন কে নিয়ে এসেছে হিদায়েত এবং কে আছে স্পষ্ট গুমরাহীতে।

৮৬. আর আপনি তো আশা করেন নি যে, আপনার উপর কিতাব নাযিল করা হবে। এটা তো আপনার রবের তরফ থেকে রহমত। অতএব আপনি হবেন না কখনো কাফিরদের সাহায্যকারী।

৮৭. আর তারা যেন আপনাকে কিছুতেই বিমুখ না করে আল্লাহর আয়াত থেকে তা আপনার উপর নাযিল হওয়ার পরে। আর আপনি আহ্বান করুন আপনার রবের দিকে এবং কখনো হবেন না মুশরিকদের শামিল।

৮৮. আর আপনি ডাকবেন না আল্লাহর সাথে অন্য কোন ইলাহকে। নেই কোন ইলাহ

وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ ۖ
وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ۝

৭১- قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ
الْيَتْلَ سَرْمَدًا إِلَى يَوْمِ الْقِيَامَةِ
مَنْ إِلَهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمْ بِضِيَاءٍ ۖ
أَفَلَا تَسْمَعُونَ ۝

৭২- قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ
عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا إِلَى يَوْمِ الْقِيَامَةِ
مَنْ إِلَهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمْ بِلَيْلٍ
تَسْكُنُونَ فِيهِ ۖ أَفَلَا تُبْصِرُونَ ۝

৮৫- إِنَّ الَّذِي فَرَضَ عَلَيْكَ الْقُرْآنَ
لَرَأَدُكَ إِلَىٰ مَعَادٍ ۖ
قُلْ رَبِّيَ أَعْلَمُ مَنْ جَاءَ بِالْهُدَىٰ
وَمَنْ هُوَ فِي ضَلَالٍ مُّبِينٍ ۝

৮৬- وَمَا كُنْتَ تَرْجُو أَنْ يُثَقِّلَ
إِلَيْكَ الْكِتَابُ إِلَّا رَحْمَةً مِنْ رَبِّكَ
فَلَا تَكُونَنَّ ظَهِيرًا لِلْكَافِرِينَ ۝

৮৭- وَلَا يَصُدُّكَ عَنْ آيَاتِ اللَّهِ
بَعْدَ إِذْ أَنْزَلْتُ إِلَيْكَ
وَادْعُ إِلَىٰ رَبِّكَ
وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ۝

৮৮- وَلَا تَدْعُ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ

তিনি ছাড়া। সব কিছুই ধ্বংসশীল তাঁর সত্তা ছাড়া। বিধান তাঁরই এবং তাঁরই কাছে তোমাদের ফিরে যেতে হবে।

সূরা আনকাবুত, ২৯ : ২০, ৪৫

২০. বলুন : তোমরা ভ্রমণ কর পৃথিবীতে এবং লক্ষ্য কর, কিভাবে তিনি সূচনা করেছিলেন সৃষ্টির? এরপর আল্লাহ সৃষ্টি করেন পরবর্তী সৃষ্টি। নিশ্চয় আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান।
৪৫. আপনি পাঠ করে শোনান যা আপনার প্রতি ওহী করা হয় কিতাব থেকে তা, আর কায়ম করুন সালাত। নিশ্চয় সালাত বিরত রাখে অশ্লীল ও মন্দকাজ থেকে। আর আল্লাহর যিকিরই তো সর্বশ্রেষ্ঠ। আল্লাহ জানেন, যা তোমরা কর।

সূরা রুম, ৩০ : ৪২, ৪৩, ৬০

৪২. বলুন : তোমরা ভ্রমণ কর পৃথিবীতে এবং লক্ষ্য কর, কেমন হয়েছিল পরিণাম তাদের, যারা আগে গত হয়ে গেছে। তাদের অনেকেই ছিল মুশরিক।
৪৩. আর আপনি কায়ম থাকুন সরল সঠিক দীনে, ঐ দিন আসার আগে, যেদিন আল্লাহর তরফ থেকে অনিবার্য, সেদিন মানুষ বিচ্ছিন্ন হয়ে পড়বে।
৬০. আর আপনি সবর করুন, নিশ্চয় আল্লাহর ওয়াদা সত্য। আর আপনাকে যেন বিচলিত না করে তারা যারা ইয়াকীন রাখে না।

সূরা আহযাব, ৩৩ : ১, ২, ৩, ৪৮

১. হে নবী! আপনি ভয় করুন আল্লাহকে এবং আনুগত্য করবেন না কাফির ও

لَا إِلَهَ إِلَّا هُوَ كُلُّ شَيْءٍ هَالِكٌ إِلَّا وَجْهَهُ لَهُ الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ○

২. قُلْ سِيرُوا فِي الْأَرْضِ فَانظُرُوا كَيْفَ بَدَأَ الْخَلْقَ ثُمَّ اللَّهُ يُنشِئُ النَّشْأَةَ الْآخِرَةَ ۚ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ○
 ৪৫. أَتُلُّ مَا أُوحِيَ إِلَيْكَ مِنَ الْكِتَابِ وَأَقِمِ الصَّلَاةَ ۚ إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ ۚ وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ ۚ وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ ○

৪২. قُلْ سِيرُوا فِي الْأَرْضِ فَانظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِنْ قَبْلَ ۚ كَانَ أَكْثَرُهُمْ مُشْرِكِينَ ○

৪৩. فَأَقِمَّ وَجْهَكَ لِلدِّينِ الْقَيِّمِ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَ يَوْمٌ لَا مَرَدَّ لَهُ مِنَ اللَّهِ ۚ يَوْمَئِذٍ يُصَدِّقُونَ ○

৬০. فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ○ وَلَا يَسْتَخِفُّكَ الَّذِينَ لَا يُوقِنُونَ ○

১-يَا أَيُّهَا النَّبِيُّ اتَّقِ اللَّهَ

মুনাফিকদের। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞ, হিকমতওয়ালা।

২. আর অনুসরণ করুন আপনার প্রতি যে ওহী করা হয়, আপনার রবের তরফ থেকে তার। নিশ্চয় আল্লাহ্, তোমরা যা কর সে সম্বন্ধে সম্যক অবহিত।

৩. আর ভরসা করুন আল্লাহ্র উপর। আর আল্লাহ্ই যথেষ্ট কর্মবিধায়করূপে।

৪৮. আর আপনি কাফির ও মুনাফিকদের কথা মেনে চলবেন না, উপেক্ষা করুন তাদের নির্যাতন এবং ভরসা করুন আল্লাহ্র উপর আর আল্লাহ্ই যথেষ্ট কর্মবিধায়করূপে।

সূরা যুমার, ৩৯ : ১০, ১১, ১২, ১৩, ১৪, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪৪, ৪৬, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৬৪, ৬৫, ৬৬

১০. আপনি একথা বলে দিন : হে আমার মু'মিন বান্দাগণ! তোমরা সাবধানতা অবলম্বন কর তোমাদের রবের ব্যাপারে। যারা ভালকাজ করে এ দুনিয়ায়, তাদের জন্য রয়েছে ভাল পরিণাম। আর আল্লাহ্র যমীন তো সুপ্রশস্ত। যারা সবার করে, তাদের পুরস্কার দেয়া হবে বিনা-হিসাবে।

১১. বলুন : আমি তো আদিষ্ট হয়েছি আল্লাহ্র ইবাদত করতে তাঁর জন্য আনুগত্যে একনিষ্ঠ হয়ে,

১২. আর আমি আদিষ্ট হয়েছি, যেন আমি হই প্রথম মুসলিম।

১৩. বলুন : আমি তো ভয় করছি, যদি আমি অবাধ্য হই আমার রবের, মহা দিবসের শাস্তির।

وَلَا تُطِيعِ الْكَافِرِينَ وَالْمُنَافِقِينَ

إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا

২- وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ مِن رَّبِّكَ

إِنَّ اللَّهَ كَانَ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا

৩- وَتَوَكَّلْ عَلَى اللَّهِ

وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا

৪৮- وَلَا تُطِيعِ الْكَافِرِينَ وَالْمُنَافِقِينَ

وَدَعْ أَذُنَهُمْ وَتَوَكَّلْ عَلَى اللَّهِ

وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا

১০- قُلْ يَاعِبَادِ الَّذِينَ آمَنُوا اتَّقُوا

رَبَّكُمْ ۚ لِلَّذِينَ أَحْسَنُوا فِي هَذِهِ

الدُّنْيَا حَسَنَةٌ ۚ وَأَرْضُ اللَّهِ وَاسِعَةٌ

إِنَّمَا يُؤْتِي الصَّابِرُونَ

أَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ

১১- قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ

مُخْلِصًا لَهُ الدِّينَ

১২- وَأُمِرْتُ لِأَنْ أَكُونَ

أَوَّلَ الْمُسْلِمِينَ

১৩- قُلْ إِنِّي أَخَافُ إِنْ عَصَيْتُ

رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ

১৪. বলুন : আমি তো ইবাদত করি আল্লাহর, তাঁর প্রতি আমার আনু-গত্যকে একনিষ্ঠ রেখে,

۱۴- قُلِ اللَّهُ أَعْبُدُ
مُخْلِصًا لَهُ دِينِي ۝

১৫. তবে তোমরা ইবাদত কর যার ইচ্ছা তার, আল্লাহর পরিবর্তে। বলুন : নিশ্চয় ক্ষতিগ্রস্ত তারা, যারা ক্ষতি করল নিজেদের ও নিজেদের পরিবার পরিজনের কিয়ামতের দিন। জেনে রাখ, এটাই হলো সুস্পষ্ট ক্ষতি।

۱۵- فَاعْبُدُوا مَا شِئْتُمْ مِنْ دُونِهِ ۝
قُلْ إِنَّ الْخُسْرَيْنَ الَّذِينَ خَسِرُوا
أَنْفُسَهُمْ وَأَهْلِيَهُمْ يَوْمَ الْقِيَمَةِ ۝
الْأَذْلِكُ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ ۝

৩৮. আর আপনি যদি তাদের জিজ্ঞাসা করেন : কে সৃষ্টি করেছে আসমান ও যমীন ? অবশ্যই তারা বলবে : আল্লাহ। বলুন : তোমরা কি ভেবে দেখেছ, আল্লাহ যদি আমাকে কোন কষ্ট দিতে চান, তবে তোমরা যাদের ডাক আল্লাহর পরিবর্তে, তারা কি বিদূরিত করতে পারবে সেই কষ্ট ? অথবা তিনি যদি আমার প্রতি রহম করতে চান, তবে কি তারা তাঁর সে রহমত ঠেকাতে পারবে ? বলুন : আল্লাহই আমার জন্য যথেষ্ট, তাঁরই উপর ভরসা করে ভরসাকারীরা।

۳۸- وَلَيِّنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللَّهُ ۝
قُلْ أَفَرَأَيْتُمْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ
إِنْ أَرَادَنِيَ اللَّهُ بِضُرٍّ
هَلْ هُنَّ كُشِفَتْ ضَرَّةٌ أَوْ أَرَادَنِيَ بِرَحْمَةٍ
هَلْ هُنَّ مُمْسِكَتُ رَحْمَتِهِ ۝
قُلْ حَسْبِيَ اللَّهُ ۝
عَلَيْهِ يَتَوَكَّلُ الْمُتَوَكِّلُونَ ۝

৩৯. বলুন : হে আমার কাওম! তোমরা কাজ করে যাও নিজ নিজ অবস্থানে থেকে, আমি তো কাজ করে যাচ্ছি। আর শিগ্গীরই তোমরা জানতে পারবে—

۳۹- قُلْ يَقَوْمِ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ إِنِّي عَامِلٌ ۝
فَسَوْفَ تَعْلَمُونَ ۝

৪০. কার উপর আসবে শাস্তি, যা তাকে লাঞ্চিত করবে এবং আপতিত হবে তার উপর স্থায়ী শাস্তি।

۴০- مَنْ يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ
وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيمٌ ۝

৪১. আমি তো নাখিল করেছি আপনার প্রতি কিতাব মানুষের জন্য সত্যসহ। অতএব যে কেউ সৎপথ অবলম্বন করবে, সে তো তা করবে নিজেরই কল্যাণের জন্য আর যে কেউ গুমরাহ হবে, সে তো গুমরাহ হবে নিজেরই ধ্বংসের জন্য। আর আপনি তাদের উপর কর্মবিধায়ক নন।

۴১- إِنَّا أَنْزَلْنَا عَلَيْكَ الْكِتَابَ لِلنَّاسِ بِالْحَقِّ ۝
فَمَنِ اهْتَدَىٰ فَلِنَفْسِهِ ۝
وَمَنْ ضَلَّٰ فَاتِّمَامًا يَضِلُّ عَلَيْهَا ۝
وَمَا أَنْتَ عَلَيْهِمْ بِوَكِيلٍ ۝

৪৪. আপনি বলুন : আল্লাহ্‌রই ইচ্ছায় সন্তোষ প্রাপ্ত শাফা'আত। আসমান ও যমীনের সর্বময় কর্তৃত্ব তাঁরই। অবশেষে তাঁরই কাছে তোমাদের ফিরিয়ে নেয়া হবে।

১১- قُلْ لِلَّهِ الشَّفَاعَةُ جَمِيعًا
لَهُ مُلْكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ
ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ○

৪৬. বলুন : হে আল্লাহ্‌! আসমান ও যমীনের স্রষ্টা, দৃশ্য ও অদৃশ্যের পরিজ্ঞাতা আপনি ফয়সালা করে দেবেন, আপনার বান্দাদের মাঝে, যে বিষয়ে তারা মতবিরোধ করত তার।

১২- قُلِ اللَّهُمَّ فَاطِرَ السَّمَوَاتِ وَالْأَرْضِ
عِلْمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ تَحْكُمُ بَيْنَ
عِبَادِكَ فِي مَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ ○

৫৩. আপনি একথা বলে দিন : হে আমার বান্দারা! যারা নিজেদের প্রতি অবিচার করেছে, তোমরা নিরাশ হবে না আল্লাহ্‌র রহমত থেকে, নিশ্চয় আল্লাহ্‌ মাফ করে দিবেন সমস্ত গুনাহ। তিনি তো পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

১৩- قُلْ يٰعِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنْفُسِهِمْ
لَا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللَّهِ
إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا
إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ○

৫৪. আর তোমরা অভিযুক্ত হও তোমাদের রবের এবং তাঁর কাছে তোমাদের সমর্পণ কর, তোমাদের কাছে শাস্তি আসার পূর্বে, তারপর তোমাদের সাহায্য করা হবে না।

১৪- ۝۵۴ وَإِنِّيَبُوءُ إِلَىٰ رَبِّكُمْ وَأَسْلِمُوْا لَهُ
مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَكُمُ الْعَذَابُ
ثُمَّ لَا تَنْصَرُونَ ○

৫৫. আর তোমরা অনুসরণ কর, তোমাদের প্রতি তোমাদের রবের তরফ থেকে যে উত্তম জিনিস নাযিল করা হয়েছে তার, এর আগে যে, এসে পড়বে তোমাদের উপর আযাব হঠাৎ আর তোমরা তা টেরও পাবে না-

১৫- ۝۵۵ وَاتَّبِعُوا أَحْسَنَ مَا أُنْزِلَ إِلَيْكُمْ
مِّن رَّبِّكُمْ مِّن قَبْلِ أَنْ يَأْتِيَكُمُ الْعَذَابُ
بَغْتَةً وَأنْتُمْ لَا تَشْعُرُونَ ○

৫৬. যাতে কাউকে বলতে না হয় যে, হায়! আমি যে শৈথিল্য করেছে আল্লাহ্‌র প্রতি আমার কর্তব্য পালনে, সে জন্য আফসোস! আর আমি তো ছিলাম উপহাসকারীদের একজন,

১৬- ۝۵۬ أَنْ تَقُولَ نَفْسٌ يُحَسِرُنِي
عَلَىٰ مَا فَرَّطْتُ فِي جَنْبِ اللَّهِ
وَإِنْ كُنْتُ لَمِنَ السَّخِرِينَ ○

৫৭. অথবা কাউকে যেন বলতে না হয় : যদি আল্লাহ্‌ আমাকে হিদায়েত দান করতেন, তবে আমি হতাম একজন মুত্তাকী,

فَجَزَاءٌ مِّثْلُ مَا قَتَلَ مِنَ النَّعَمِ

গৃহপালিত জন্তু, যার ফয়সালা করবে তোমাদের মাঝে দু'জন ন্যায্যবান লোক, কা'বাতে প্রেরিত কুরবানীরূপে, অথবা তার কাফ্ফারা হবে মিস্কীনকে আহাৰ্য দান। অথবা সমসংখ্যক সিয়াম পালন করা, যাতে সে তার কৃতকর্মের ফল ভোগ করে। আল্লাহ্ মাফ করে দিয়েছেন যা গত হয়েছে তা। কেউ তা পুনরায় করলে আল্লাহ্ তার শাস্তি দিবেন। আর আল্লাহ্ পরাক্রমশালী, শাস্তিদাতা।

৯৬. তোমাদের জন্য হালাল করা হয়েছে সমুদ্রের শিকার ও তা খাওয়া, তোমাদের ভ্রমণকারীদের ভোগের জন্য, আর তোমাদের জন্য হারাম করা হয়েছে স্থলের শিকার, যতক্ষণ তোমরা ইহরাম অবস্থায় থাকবে। আর তোমরা ভয় কর আল্লাহ্কে, যাঁর কাছে তোমাদের একত্র করা হবে।

يَحْكُمُ بِهِ ذَوَا عَدْلٍ مِّنكُمْ هَدْيًا بِلِغَةِ
الْكَعْبَةِ أَوْ كَفَّارَةً طَعَامَ مَسْكِينٍ
أَوْ عَدْلٌ ذَلِكَ صِيَامًا لِّيَذُوقَ وَبَالَ
أَمْرِهِ ۗ عَفَا اللَّهُ عَمَّا سَلَفَ ۗ
وَمَنْ عَادَ فَيَنْتَقِمُ اللَّهُ مِنْهُ ۗ
وَاللَّهُ عَزِيزٌ ذُو انْتِقَامٍ ۝

৯৬- أَحَلَّ لَكُمْ صَيْدَ الْبَحْرِ وَطَعَامَهُ
مَتَاعًا لَّكُمْ وَلِلْسَيَّارَةِ ۚ
وَحَرَّمَ عَلَيْكُمْ صَيْدَ الْبَرِّ
مَا دُمْتُمْ حُرُمًا ۚ
وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ تُحْشَرُونَ ۝

তৃতীয় অধ্যায় : সৃষ্টি

প্রথম পরিচ্ছেদ

বিশ্বসৃষ্টি

সূরা বাকারা, ২ : ২৯, ১১৭

২৯. আল্লাহ্‌ই সৃষ্টি করেছেন তোমাদের জন্য পৃথিবীতে যা আছে সব কিছু, তারপর তিনি আসমানের দিকে মনোসংযোগ করেন এবং তা সাত আকাশে বিন্যস্ত করেন। আর তিনি সর্ববিষয়ে সর্বজ্ঞ।

১১৭. আল্লাহ্‌ আসমান ও যমীনের অনন্তিত্ব থেকে অস্তিত্বে আনয়নকারী। তিনি যখন কিছু করতে চান, তখন সেটিকে বলেন : হয়ে যাও, অমনি তা হয়ে যায়।

সূরা আন'আম, ৬ : ১, ৭৩, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১৪১, ১৪২

১. সমস্ত প্রশংসা আল্লাহ্র, তিনি সৃষ্টি করেছেন আসমান ও যমীন এবং সৃষ্টি করেছেন আঁধার ও আলো। এতদ-সত্ত্বেও যারা কুফরী করেছে, তারা তাদের রবের সাথে সমকক্ষ স্থির করে।

৭৩. আল্লাহ্‌-ই সৃষ্টি করেছেন আসমান ও যমীন যথাযথভাবে। আর যেদিন তিনি বলবেন : হয়ে যাও, তখনই তা হয়ে যাবে। তাঁর কথাই সত্য। আর তাঁরই কর্তৃত্ব সেদিনের, যেদিন শিঙ্গায় ফুঁ দেয়া হবে। তিনি পরিজ্ঞাতা অদৃশ্য ও দৃশ্যের। আর তিনি মহাহিক্মতওয়ালা, সবিশেষ অবহিত।

২৯-هُوَ الَّذِي خَلَقَ لَكُمْ مَّا فِي الْأَرْضِ
جَمِيعًا ثُمَّ اسْتَوَىٰ إِلَى السَّمَاءِ فَسَوَّاهُنَّ
سَبْعَ سَمَوَاتٍ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝

১১৭-بَدِيعُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۚ
وَإِذَا قَضَىٰ أَمْرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُنْ
فَيَكُونُ ۝

১-الْحَمْدُ لِلَّهِ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ وَجَعَلَ الظُّلُمَاتِ وَالنُّورَ
ثُمَّ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ يَعْدِلُونَ ۝

৭৩-وَهُوَ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ بِالْحَقِّ ۚ وَيَوْمَ يَقُولُ كُنْ
فَيَكُونُ ۚ قَوْلُهُ الْحَقُّ ۚ وَلَهُ الْمُلْكُ يَوْمَ
يُنْفَخُ فِي الصُّورِ عِلْمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ
وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ ۝

৯৫. নিশ্চয় আল্লাহ্ অঙ্কুরিত করেন শস্যবীজ ও আঁটি, তিনি বের করে আনেন জীবিতকে মৃত থেকে এবং বের করেন মৃতকে জীবিত থেকে। তিনিই আল্লাহ, অতএব তোমরা বিভ্রান্ত হয়ে কোথায় যাচ্ছ ?

৯৬. তিনিই ভোরের উন্মেষ ঘটান, তিনিই সৃষ্টি করেছেন রাতকে বিশ্বামের জন্য এবং সূর্য ও চন্দ্রকে হিসাবের জন্য। এ সবই পরাক্রমশালী, সর্বজ্ঞের নির্ধারণ।

৯৭. আর তিনিই সৃষ্টি করেছেন তোমাদের জন্য নক্ষত্ররাজী, যাতে তোমরা পথের সন্ধান পাও তা দিয়ে স্থলে ও সমুদ্রের আঁধারে। অবশ্যই আমি বিশদভাবে বিবৃত করেছি প্রমাণসমূহ জ্ঞানবান লোকদের জন্য।

৯৮. আর তিনিই সৃষ্টি করেছেন তোমাদের এক ব্যক্তি থেকে এবং তোমাদের জন্য রয়েছে দীর্ঘকালীন ও স্বল্পকালীন ঠিকানা। আমি তো বিশদভাবে বর্ণনা করেছি প্রমাণসমূহ সে লোকদের জন্য যারা বুঝে।

৯৯. আর তিনিই বর্ষণ করেন আসমান থেকে পানি, তারপর আমি উৎপন্ন করি তা দিয়ে সব ধরনের উদ্ভিদ, পরে উদ্গত করি তা থেকে সবুজ পাতা, তারপর উৎপন্ন করি তা থেকে ঘন সন্নিবিষ্ট শস্য-দানা এবং নির্গত করি খেজুর গাছের মাথি থেকে ঝুলন্ত কাঁদি, আর আংগুরের উদ্যান এবং যায়তুন ও ডালিম, যা পরস্পর সদৃশ এবং বিসদৃশও। লক্ষ্য কর এর ফলের প্রতি, যখন তা ফলবান হয় এবং এর পরিপক্বতার প্রতিও। অবশ্যই এতে

৯৫- إِنَّ اللَّهَ فَالِقُ الْحَبِّ وَالنَّوَى ۝
يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ
وَمُخْرِجُ الْمَيِّتِ مِنَ الْحَيِّ ۝
ذِكْرُكُمْ اللَّهُ فَإِنِّي تُوفِّكُون ۝

৯৬- فَالِقُ الْإِصْبَاحِ ۝ وَجَعَلَ اللَّيْلَ سَكَنًا
وَالشَّمْسَ وَالْقَمَرَ حُسْبَانًا ۝
ذَلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ ۝

৯৭- وَهُوَ الَّذِي جَعَلَ لَكُمُ النَّجْمَ
لِتَهْتَدُوا بِهَا فِي ظُلُمَاتِ الْبَرِّ وَالْبَحْرِ ۝
قَدْ فَصَّلْنَا الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ۝

৯৮- وَهُوَ الَّذِي أَنْشَأَكُمْ مِنْ نَفْسٍ
وَاحِدَةٍ فَمُسْتَقَرٌّ وَمُسْتَوْدَعٌ ۝
قَدْ فَصَّلْنَا الْآيَاتِ لِقَوْمٍ يَفْقَهُونَ ۝

৯৯- وَهُوَ الَّذِي أَنْزَلَ مِنَ السَّمَاءِ مَاءً ۝
فَأَخْرَجْنَا بِهِ نَبَاتَ كُلِّ شَيْءٍ ۝
فَأَخْرَجْنَا مِنْهُ خَضِرًا نُخْرِجُ مِنْهُ
حَبًّا مُتَرَاكِبًا ۝ وَمِنَ النَّخْلِ مِنْ طَلْعِهَا قِنْوَانٌ
دَانِيَةٌ وَجَذَّتْ مِنْ أَعْنَابٍ
وَالزَّيْتُونِ وَالرَّمَّانِ مُشْتَبِهًا
وْغَيْرِ مُتَشَابِهٍ ۝ انظُرُوا إِلَى ثَمَرِهِ
إِذَا أَثْمَرَ وَيَنْعِهِ ۝ إِنَّ فِي ذَلِكُمْ

নিশ্চিত নিদর্শন রয়েছে সে লোকদের জন্য যারা ঈমান আনে।

১০০. আর যারা জিন্কে আল্লাহর শরীক সাব্যস্ত করে, অথচ তিনিই তাদের সৃষ্টি করেছেন, আর তারা আল্লাহর জন্য পুত্র-কন্যা আবিষ্কার করেছে কোন প্রমাণ ছাড়া। তিনি পবিত্র মহিমাম্বিত এবং তারা যা বলে, তিনি তার অনেক উর্ধ্বে।

১০১. তিনি আদি স্রষ্টা আসমান ও যমীনের, কিরূপে তাঁর সন্তান হতে পারে? অথচ তাঁর তো কোন সঙ্গিনী নেই। তিনিই তো সব কিছু সৃষ্টি করেছেন আর সব বস্তু সম্পর্কে তিনি সর্বজ্ঞ।

১০২. তিনিই আল্লাহ, তোমাদের রব। তিনি ছাড়া নেই কোন ইলাহ। তিনিই সব কিছুর স্রষ্টা, অতএব তোমরা তাঁরই ইবাদত কর আর তিনিই সব কিছুর কার্যনির্বাহক।

১৪১. আর তিনিই সেই সত্তা, যিনি সৃষ্টি করেছেন বাগানসমূহ, যার কতক মাচান অবলম্বী এবং কতক মাচান অবলম্বী নয় এবং খেজুর বৃক্ষ ও শস্য ক্ষেত্রে, যাতে বিভিন্ন স্বাদের খাদ্য-শস্য উৎপন্ন হয়, আর যায়তুন ও ডালিম, যা পরস্পর সদৃশ এবং বিসদৃশও। এগুলো থেকে তোমরা ফল খাও, যখন তা ফলবান হয়। আর ফসল কাটার দিন তার হক প্রদান কর এবং অপচয় করো না। নিশ্চয় তিনি ভালবাসেন না অপচয়কারীদের।

১৪২. আর তিনি সৃষ্টি করেছেন গবাদি পশুর মধ্যে কিছু বোঝা বহনের জন্য এবং কতক ক্ষুদ্রকায়। তোমরা খাও তা থেকে, যা আল্লাহ তোমাদের রিয়ক হিসেবে দিয়েছেন এবং অনুসরণ করো

لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَوْمَ يُؤْمِنُونَ

১০০- وَجَعَلُوا لِلَّهِ شُرَكَاءَ الْجِنَّ وَخَلَقَهُمْ وَخَرَقُوا لَهُ بَنِينَ وَبَنَاتٍ بِغَيْرِ عِلْمٍ ۚ سُبْحَنَهُ وَتَعَالَى عَمَّا يُصِفُونَ

১০১- بِدْيَعِ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۚ أَنَّى يَكُونُ لَهُ وَلَدٌ وَلَمْ تَكُنْ لَهُ صَاحِبَةٌ ۚ خَلَقَ كُلَّ شَيْءٍ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ

১০২- ذِكْرُ اللَّهِ رَبِّكُمْ ۚ لَا إِلَهَ إِلَّا هُوَ ۚ خَالِقُ كُلِّ شَيْءٍ ۚ فَاعْبُدُوهُ ۚ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ وَكِيلٌ

১৪১- وَهُوَ الَّذِي أَنشَأَ جَنَّاتٍ مَّعْرُوشَاتٍ وَغَيْرَ مَعْرُوشَاتٍ وَالنَّخْلَ وَالزَّرْعَ مُخْتَلِفًا أَكْلُهُ ۚ وَالزَّيْتُونَ وَالرُّمَانَ مُتَشَابِهًا وَغَيْرَ مُتَشَابِهٍ ۚ كُلُوا مِنْ ثَمَرِهِ إِذَا أَثْمَرَ ۚ وَآتُوا حَقَّهُ يَوْمَ حَصَادِهِ ۚ وَلَا تُسْرِفُوا ۚ إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ

১৪২- وَمِنَ الْأَنْعَامِ حَمُولَةٌ وَفَرَسَاتٌ ۚ كُلُوا مِنْ مَّا رَزَقَكُمُ اللَّهُ وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ ۚ

না শয়তানের পদাঙ্ক, সে তো তোমাদের
প্রকাশ্য শত্রু।

সূরা আরাফ, ৭ : ৫৪

৫৪. নিশ্চয় তোমাদের রব আল্লাহ্, যিনি সৃষ্টি করেছেন আসমান ও যমীন ছয়দিনে, তারপর তিনি সমাসীন হন আরশে। তিনি আচ্ছাদিত করেন রাত দিয়ে দিনকে, যাতে এদের একে অন্যকে দ্রুতগতিতে অনুসরণ করে। আর তিনি সৃষ্টি করেছেন সূর্য, চন্দ্র ও নক্ষত্ররাজিকে, যা তাঁরই হুকুমে নিয়ন্ত্রিত। জেনে রাখ, সৃষ্টি করা ও আদেশ প্রদান করা তাঁরই কাজ। আল্লাহ্ বরকতময়, সারা জাহানের রব।

সূরা ইউনুস, ১০ : ৩, ৪, ৫, ৬

৩. নিশ্চয় তোমাদের রব আল্লাহ্, যিনি সৃষ্টি করেছেন আসমান ও যমীন ছয়দিনে, তারপর তিনি সমাসীন হন আরশে। তিনি পরিচালনা করেন সব বিষয়। সুপারিশ করার কেউ নেই তাঁর অনুমতি ব্যতিরেকে। তিনিই আল্লাহ্, তোমাদের রব, অতএব তোমরা তাঁরই ইবাদত কর। তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?
৪. তাঁরই কাছে তোমাদের সকলের ফিরে যেতে হবে। আল্লাহ্‌র ওয়াদা সত্য। নিঃসন্দেহে তিনিই প্রথমবার সৃষ্টি করেন, তারপর তিনি তা পুনর্বার সৃষ্টি করবেন, যেন ন্যায়বিচারের সাথে বিনিময় প্রদান করেন তাদের, যারা ঈমান এনেছে এবং নেকআমল করেছে। আর যারা কুফরী করেছে, তাদের জন্য রয়েছে উত্তপ্ত পানীয় এবং যন্ত্রণাদায়ক আযাব, তারা যে কুফরী করতো, তার জন্য।

إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُّبِينٌ ○

৫৪- إِنَّ رَبَّكُمْ اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَى عَلَى الْعَرْشِ يُغْشَى اللَّيْلَ النَّهَارَ يَطْلُبُهُ حَثِيثًا وَالشَّمْسِ وَالْقَمَرِ وَالنُّجُومِ مُسَخَّرَاتٍ بِأَمْرِهِ ۚ أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ تَبَارَكَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ ○

৩- إِنَّ رَبَّكُمْ اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَى عَلَى الْعَرْشِ يُدِيرُ الْأَمْرَ مَا مِنْ شَفِيعٍ إِلَّا مِنْ بَعْدِ إِذْنِهِ ۚ ذُكِّرَكُمْ اللَّهُ رَبَّكُمْ فَأَعْبَدُوهُ ۚ أَفَلَا تَذَكَّرُونَ ○

৪- إِلَيْهِ مَرْجِعُكُمْ جَمِيعًا وَعَدَ اللَّهُ حَقًّا إِنَّهُ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ لِيَجْزِيَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ بِالْقِسْطِ ۚ وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ شَرَابٌ مِنْ حَمِيمٍ وَعَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْفُرُونَ ○

৫. তিনি এমন সত্তা, যিনি বানিয়েছেন সূর্যকে প্রচণ্ড দীপ্তিময় এবং চন্দ্রকে স্নিগ্ধ আলোকময় এবং নির্ধারিত করেছেন এর জন্য মনযিল, যাতে তোমরা জানতে পার বছরের গণনা ও হিসাব। আল্লাহ্ এ সব নিরর্থক সৃষ্টি করেননি। তিনি বিশদ-ভাবে বিবৃত করেন আয়াতসমূহ সে সব লোকের জন্য, যারা জ্ঞান রাখে।
৬. নিশ্চয় রাত ও দিনের পরিবর্তনে এবং আসমান ও যমীনে আল্লাহ্ যা কিছু সৃষ্টি করেছেন, তাতে নিদর্শন রয়েছে মুত্তাকী লোকদের জন্য।

সূরা হূদ, ১১ : ৭

৭. আর তিনিই আসমান ও যমীন সৃষ্টি করেছেন ছয়দিনে, তখন তাঁর আরশ পানির উপরে ছিল, যেন তিনি তোমাদের পরীক্ষা করতে পারেন যে, কে তোমাদের মধ্যে কর্মে উত্তম? আর যদি আপনি বলেন : নিশ্চয় মৃত্যুর পর তোমাদের পুনরুজ্জীবিত করা হবে, তখন যারা কাফির তারা অবশ্যই বলবে : এটা তো সুস্পষ্ট যাদু।

সূরা রা'দ, ১৩ : ২, ৩, ৪

২. আল্লাহ্‌রই উর্ধ্বে স্থাপন করেছেন আসমান স্তম্ভ ব্যতিরেকে, তোমরা তা দেখছ। এরপর তিনি সমাসীন হন আরশে এবং তিনি নিয়ন্ত্রণ করেন সূর্য ও চন্দ্র, সব কিছু আবর্তন করে এক নির্দিষ্ট কাল পর্যন্ত। তিনি পরিচালনা করেন সব কিছু, বিশদভাবে বিবৃত করেন নিদর্শন-সমূহ, যাতে তোমরা তোমাদের রবের সাথে সাক্ষাত সম্বন্ধে নিশ্চিত বিশ্বাস করতে পার।
৩. আর তিনিই বিস্তৃত করেছেন যমীনকে এবং তাতে সৃষ্টি করেছেন মজবুত

۝ هُوَ الَّذِي جَعَلَ الشَّمْسُ ضِيَاءً
وَالْقَمَرَ نُورًا وَقَدَرَهُ مَنَازِلَ
لِتَعْلَمُوا عَدَدَ السِّنِينَ وَالْحِسَابَ ۚ
مَا خَلَقَ اللَّهُ ذَلِكَ إِلَّا بِالْحَقِّ ۚ
يُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ○

۶- إِنَّ فِي اخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ
وَمَا خَلَقَ اللَّهُ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ
لَايَاتٍ لِّقَوْمٍ يَتَّقُونَ ○

۷- وَهُوَ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ
فِي سِتَّةِ أَيَّامٍ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ
لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا ۚ وَلَئِنْ
قُلْتُمْ إِنَّا كُنتُمْ مَبْعُوثُونَ مِنْ بَعْدِ الْمَوْتِ
لَيَقُولَنَّ الَّذِينَ كَفَرُوا
إِنْ هَذَا إِلَّا سِحْرٌ مُبِينٌ ○

۲- اللَّهُ الَّذِي رَفَعَ السَّمَوَاتِ بِغَيْرِ عَمَدٍ
تُرَوْنَهَا ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ
وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ
كُلٌّ يَجْرِي لِأَجَلٍ مُّسَمًّى ۚ
يُدَبِّرُ الْأُمْرَ يُفَصِّلُ الْآيَاتِ
لَعَلَّكُمْ بَلِقَاءَ رَبِّكُمْ تُوقِنُونَ ○

۳- وَهُوَ الَّذِي مَدَّ الْأَرْضَ وَجَعَلَ فِيهَا
رَوَاسِيَ وَأَنْهَارًا

পাহাড় ও নদ-নদী, আর তিনি সেখানে সৃষ্টি করেছেন সব ধরনের ফল-ফলাদি জোড়ায় জোড়ায়, তিনি আচ্ছাদিত করেন রাতকে দিয়ে দিনকে। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন চিন্তাশীল লোকদের জন্য।

৪. আর পৃথিবীতে রয়েছে বিভিন্ন ভূখণ্ড, একটি অপরটির সাথে সংলগ্ন। আর রয়েছে আংগুরের বাগান, শস্যক্ষেত্র, খেজুরের গাছ, যার কতক একাধিক মাথা বিশিষ্ট এবং কতক এক-মাথা বিশিষ্ট, যা একই পানি দিয়ে সেচ করা হয়। আর ফলের স্বাদে আমি এদের একটিকে অপরটির উপর শ্রেষ্ঠত্ব দিয়ে থাকি। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন বুদ্ধিমান লোকদের জন্য।

সূরা নাহল, ১৬ : ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৮০, ৮১

৩. আল্লাহ সৃষ্টি করেছেন আসমান ও যমীন যথাযথভাবে। ওরা যে শরীক স্থির করে তিনি তার অনেক উর্ধ্বে।
৪. তিনি সৃষ্টি করেছেন মানুষকে শুক্র থেকে, অথচ সে হয়েছে প্রকাশ্য বিতণ্ডাকারী।
৫. আর তিনি সৃষ্টি করেছেন চতুষ্পদ জন্তু, তাতে রয়েছে তোমাদের জন্য তাপের উপকরণ এবং বহুবিধ উপকার আর তার কতক তোমরা খাও।
৬. আর তোমাদের জন্য রয়েছে তাতে শোভাও, যখন তোমরা সন্ধ্যাবেলা এদেরকে চারণভূমি থেকে নিয়ে এসো এবং প্রভাতে যখন চারণভূমিতে নিয়ে যাও।

وَمِنْ كُلِّ الثَّمَرَاتِ جَعَلَ فِيهَا زَوْجَيْنِ
اِثْنَيْنِ يُغِشَّى اَيْلَ النَّهَارِ
اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ

৪- وَفِي الْاَرْضِ قِطْعٌ مُّتَجَوِّرَةٌ وَجَدْتُ
مِنْ اَعْنَابٍ وَزُرْعٌ وَنَخِيلٌ صِنَوَانٌ وَغَيْرُ
صِنَوَانٍ يُسْقٰى بِمَآءٍ وَّاحِدٍ
وَنُفِضْلُ بَعْضُهَا عَلٰى بَعْضٍ فِى الْاَكْلِ
اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ
لِّقَوْمٍ يَعْقِلُوْنَ

৩- خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ
تَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ
৪- خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ
فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ
৫- وَالْاَنْعَامَ خَلَقَهَا
لَكُمْ فِيْهَا دِفْءٌ وَمَنْٰفِعُ
وَمِنْهَا تَاْكُلُوْنَ
৬- وَلَكُمْ فِيْهَا جَمَالٌ
حِيْنَ تُرْجَعُوْنَ
وَحِيْنَ تَسْرَحُوْنَ

৭. আর এরা তোমাদের বোঝা বহন করে নিয়ে যায় এমন শহরে, যেখানে তোমরা পৌছতে পারতে না নিজেদেরকে ক্লান্ত-শ্রান্ত করা ব্যতিরেকে। নিশ্চয় তোমাদের রব অতিশয় মমতাময়, পরম দয়ালু।

৮. তিনি সৃষ্টি করেছেন ঘোড়া, খচ্চর ও গাধা, তাতে তোমাদের আরোহণের জন্য ও শোভার জন্য এবং তিনি সৃষ্টি করেন এমন কিছু, যা তোমরা জান না।

৯. আর সরল পথ আল্লাহ্ পর্যন্ত পৌছে, তবে কোন পথ বক্রও আছে। আর যদি আল্লাহ্ ইচ্ছা করেন, তবে তোমাদের সবাইকে সৎপথে পরিচালিত করতেন।

১০. তিনি বর্ষণ করেন পানি আসমান থেকে, তোমাদের জন্য রয়েছে তাতে পানীয় এবং তা থেকে উৎপন্ন হয় উদ্ভিদ, যাতে তোমরা পশু চারণ কর।

১১. তিনি উৎপন্ন করেন তোমাদের জন্য তা দিয়ে শস্য, যায়তুন, খেজুরের গাছ, আংগুর এবং নানা ধরনের ফল-ফলাদি। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন সে লোকদের জন্য যারা চিন্তা করে।

১২. আর তিনি নিয়োজিত করেছেন তোমাদের কল্যাণে রাত ও দিন, সূর্য ও চন্দ্রকে এবং নক্ষত্ররাজি নিয়ন্ত্রিত তাঁরই নির্দেশে। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন বুদ্ধিমান লোকদের জন্য।

১৩. আরো তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন বিভিন্ন ধরনের বস্তু, যা তোমাদের জন্য তিনি পৃথিবীতে সৃষ্টি করেছেন। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন সে লোকদের জন্য, যারা উপদেশ গ্রহণ করে।

۷- وَتَحْمِلُ أَثْقَالَكُمْ إِلَىٰ بَلَدٍ لَّمْ تَكُونُوا بَلِغِيهِ إِلَّا بِشِقِّ الْأَنْفُسِ ۚ إِنَّ رَبَّكُمْ لَرَّءُوفٌ رَّحِيمٌ ۝

۸- وَالْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيرَ لِتَرْكَبُوهَا وَزِينَةً ۚ وَيَخْلُقُ مَا لَا تَعْلَمُونَ

۹- وَعَلَى اللَّهِ قَصْدُ السَّبِيلِ وَمِنْهَا جَائِرٌ وَلَوْ شَاءَ لَهَدَاكُمْ أَجْمَعِينَ ۝

۱۰- هُوَ الَّذِي أَنْزَلَ مِنَ السَّمَاءِ مَاءً لَكُمْ مِنْهُ شَرَابٌ وَمِنْهُ شَجَرٌ فِيهِ تُسِيمُونَ ۝

۱۱- يَنْبُتُ لَكُمْ بِهِ الزَّرْعُ وَالزَّيْتُونَ وَالنَّخِيلُ وَالْأَعْنَابُ وَمِنْ كُلِّ الشَّجَرِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّقَوْمٍ يَتَفَكَّرُونَ ۝

۱۲- وَسَخَّرَ لَكُمْ الَّيْلَ وَالنَّهَارَ وَالشَّمْسَ وَالْقَمَرَ ۚ وَالنُّجُومَ مُسَخَّرَاتٍ بِأَمْرِهِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ يَعْقِلُونَ ۝

۱۳- وَمَا ذَرَأَكُمْ فِي الْأَرْضِ مُخْتَلِفًا أَلْوَانُهُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّقَوْمٍ يَذَّكَّرُونَ ۝

১৪. আর তিনি নিয়ন্ত্রিত করেছেন সমুদ্রকে, যাতে তোমরা খেতে পার তা থেকে তাজা মাছ এবং আহরণ করতে পার তা থেকে মণিযুক্তা, যা তোমরা অলংকাররূপে ব্যবহার কর। আর তোমরা দেখতে পাও, তার বুক চিরে নৌযান চলাচল করে, ইহা এজন্য যে, তোমরা যেন তাঁর অনুগ্রহ অনুসন্ধান করতে পার আর তোমরা যেন শোকর আদায় কর।

১৫. আর তিনি স্থাপন করেছেন যমীনে সুদৃঢ় পর্বতমালা, যাতে তা তোমাদের নিয়ে হেলে না পড়ে। আর তিনি সৃষ্টি করেছেন নদনদী ও নানা ধরনের পথ, যাতে তোমরা নিজ গন্তব্যস্থলে পৌঁছতে পার।

১৬. আর তিনি সৃষ্টি করেছেন পথনির্ণায়ক বহু চিহ্ন। আর নক্ষত্রের সাহায্যেও তারা পথের সন্ধান পায়।

১৭. অতএব তিনি সৃষ্টি করেন, তিনি কি তার মত যে সৃষ্টি করে না, তবুও তি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

১৮. আর যদি তোমরা আল্লাহর নিয়ামত গণনা কর, তবে তা গুণে শেষ করতে পারবে না। নিশ্চয় আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

৬৬. আর অবশ্যই তোমাদের জন্য রয়েছে গবাদি পশুর মধ্যে শিক্ষণীয় বিষয়। আমি তোমাদের পান করাই ওদের পেটে যে গোবর ও রক্ত রয়েছে তার মধ্যে থেকে খাঁটি দুধ, যা পানকারীদের জন্য সুস্বাদু।

৬৭. আর তোমরা খেজুর গাছের ফল ও আংগুর থেকে মাদক ও উত্তম খাদ্য গ্রহণ করে থাক। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন বুদ্ধিমান লোকদের জন্য।

১৪- وَهُوَ الَّذِي سَخَّرَ الْبَحْرَ لِيَأْكُلُوا مِنْهُ لَحْمًا طَرِيًّا وَتَسْتَخْرِجُوا مِنْهُ حِلْيَةً تَلْبَسُونَهَا وَتَرَى الْفُلَ الْفَلَكَ مَوَاجِرَ فِيهِ وَلِيَبْتَلُوا مِنْ فَضْلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ○

১৫- وَالْقُلُوبُ فِي الْأَرْضِ رَوَاسِيَ أَنْ تَمِيدَ بِكُمْ وَأَنْهَارًا وَسُبُلًا لَعَلَّكُمْ تَهْتَدُونَ ○

১৬- وَ عَلَّمَتْهُمُ الْاَلْاَنجُمُ هُمْ يَهْتَدُونَ ○

১৭- أَفَمَنْ يَخْلُقُ كَمَنْ لَا يَخْلُقُ ۚ أَفَلَا تَذَكَّرُونَ ○

১৮- وَإِنْ تَعُدُّوا نِعْمَةَ اللَّهِ لَا تُحْصُوهَا ۚ إِنَّ اللَّهَ لَغَفُورٌ رَحِيمٌ ○

৬৬- وَإِنْ لَكُمْ فِي الْأَنْعَامِ لَعِبْرَةٌ ۚ فُتِّقْتُمْ مِمَّا فِي بُطُونِهِ مِنْ بَيْنِ قَرْنٍ وَ دَمٍ لَبَنًا خَالِصًا سَائِغًا لِلشَّرِبِ بَيْنِ ○

৬৭- وَمِنْ ثَمَرَاتِ النَّخِيلِ وَالْأَعْنَابِ تَتَّخِذُونَ مِنْهُ سَكَرًا وَ رِزْقًا حَسَنًا ۚ إِنَّ فِي ذَلِكَ لَآيَةً لِقَوْمٍ يَعْقِلُونَ ○

৬৮. আর আপনার রব ইংগিতে বলেন
মৌমাছিকে যে, বানাও পাহাড়ে, গাছে
এবং মানুষ যা নির্মাণ করে তাতে।

৬৯. তারপর প্রত্যেক ফল থেকে খাও কিছু
কিছু, আর অনুসরণ কর তোমার রবের
পথসমূহ সহজভাবে, বের হয় তার পেট
থেকে পানীয় নানা বর্ণের, যাতে রয়েছে
শিফা মানুষের জন্য। অবশ্যই এতে
রয়েছে নিশ্চিত নিদর্শন চিত্তাশীল
লোকদের জন্য।

৮০. আর আল্লাহ তোমাদের জন্য তোমাদের
ঘরসমূহকে করেছেন আবাসস্থল এবং
তিনি তোমাদের জন্য পশুর চামড়া
থেকে তাবুর ব্যবস্থা করেছেন, যা
তোমরা সহজ ব্যবহারযোগ্য মনে কর
তোমাদের ভ্রমণকালে এবং তোমাদের
অবস্থানকালে আর এ সবের পশম,
লোম ও কেশ থেকে তিনি তোমাদের
জন্য ব্যবস্থা করেন আসবাবপত্র ও
ব্যবহার উপকরণের কিছু কালের জন্য।

৮১. আর আল্লাহ তোমাদের জন্য ব্যবস্থা
করেন ছায়ার, তিনি যা সৃষ্টি করেছেন তা
থেকে এবং তিনি তোমাদের জন্য
আবাসের ব্যবস্থা করেন পাহাড়ে, আর
তিনি তোমাদের জন্য ব্যবস্থা করেন
পরিধেয় বস্ত্রের, যা তোমাদের রক্ষা
করে তাপ থেকে এবং তিনি ব্যবস্থা
করেন বর্মের, যা তোমাদের রক্ষা করে
যুদ্ধে। এভাবে তিনি পরিপূর্ণ করেন তাঁর
নিয়ামত তোমাদের জন্য, যাতে তোমরা
অনুগত হও।

সূরা আশ্বিয়া, ২১ : ৩০, ৩১, ৩২, ৩৩

৩০. যারা কুফরী করে, তারা কি ভেবে
দেখেনি যে, আসমান ও যমীন
ওতঃপ্রোতভাবে মিশে ছিল, তারপর

৬৮- وَأَوْحَىٰ رَبُّكَ إِلَى النَّحْلِ
أَنِ اتَّخِذِي مِنَ الْجِبَالِ

بُيُوتًا وَمِنَ الشَّجَرِ وَمِمَّا يَعْرِشُونَ ○

৬৯- ثُمَّ كُلِّي مِنْ كُلِّ الثَّمَرَاتِ

فَاسْلُكِي سُبُلَ رَبِّكِ ذُلَالًا

يَخْرُجُ مِنْ بَطُونِهَا شَرَابٌ

مُخْتَلِفٌ أَلْوَانُهُ فِيهِ شِفَاءٌ لِلنَّاسِ ۚ

إِنَّ فِي ذَلِكَ لَآيَةً لِّقَوْمٍ يَتَفَكَّرُونَ ○

৮০- وَاللَّهُ جَعَلَ لَكُمْ مِنْ بُيُوتِكُمْ سَكَنًا

وَجَعَلَ لَكُمْ مِنْ جُلُودِ الْأَنْعَامِ

بُيُوتًا تَسْتَخِفُّونَهَا يَوْمَ ظَعْنِكُمْ

وَيَوْمَ إِقَامَتِكُمْ ۚ وَمِنْ أَصْوَابِهَا

وَأَوْبَارِهَا وَأَشْعَارُهَا أَثَاثًا

وَمَتَاعًا إِلَىٰ حِينٍ ○

৮১- وَاللَّهُ جَعَلَ لَكُمْ مِمَّا خَلَقَ ظِلَالًا

وَجَعَلَ لَكُمْ مِنَ الْجِبَالِ أَكْنَاثًا وَجَعَلَ

لَكُمْ سَرَابِيلَ تَقِيكُمُ

الْحَرَّ وَسَرَابِيلَ تَقِيكُمُ بَأْسَكُمْ ۚ كَذَلِكَ

يُتِمُّ نِعْمَتَهُ عَلَيْكُمْ

لَعَلَّكُمْ تَسْلِمُونَ ○

৩০- أَوَلَمْ يَرَ الَّذِينَ كَفَرُوا أَنَّ السَّمَوَاتِ

وَالْأَرْضَ كَانَتَا رَتْقًا فَفَتَقْنَاهُمَا ۚ

আমি উভয়কে পৃথক করে দেই। আর আমি সৃষ্টি করেছি পানি থেকে সব প্রাণবান বস্তু। তবুও তি তারা ঈমান আনবে না ?

৩১. আর আমি সৃষ্টি করেছি পৃথিবীতে সুদৃঢ় পর্বতমালা, যাতে পৃথিবী ওদের নিয়ে ঢলে না পড়ে আর আমি সেখানে স্থাপন করেছি নানা ধরনের প্রশস্ত পথ, যাতে তারা গন্তব্যে পৌছতে পারে।

৩২. আর আমি করেছি আসমানকে সুরক্ষিত ছাদ, অথচ তারা এর নিদর্শনাবলী থেকে মুখ ফিরিয়ে নেয়।

৩৩. আর আল্লাহ্‌ই সৃষ্টি করেছেন রাত ও দিন এবং সূর্য ও চন্দ্র, সবাই নিজ নিজ কক্ষপথে বিচরণ করে।

সূরা মু'মিনুন, ২৩ : ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২

১৭. আর আমি তো সৃষ্টি করেছি তোমাদের উপর সাত আসমান এবং আমি নই সৃষ্টি সম্বন্ধে গাফিল।

১৮. আর আমি বৃষ্টি বর্ষণ করি আসমান থেকে পরিমাণ মত, পরে তা আমি সংরক্ষণ করি যমীনে আর অবশ্যই তা অপসারিত করতেও আমি সক্ষম।

১৯. তারপর আমি সৃষ্টি করি তা দিয়ে তোমাদের জন্য খেজুর ও আংগুরের বাগান, যাতে রয়েছে তোমাদের জন্য প্রচুর ফল-ফলাদি এবং তোমরা তা থেকে খেয়ে থাক।

২০. আর সে পানির সাহায্যে আমি সৃষ্টি করি এক প্রকার বৃক্ষ, যা সিনাই পর্বতে জন্মায় এবং এতে উৎপন্ন হয় তেল ও ব্যঞ্জন ভক্ষণকারীদের জন্য।

وَجَعَلْنَا مِنَ الْمَاءِ كُلَّ شَيْءٍ حَيٍّ ۖ
أَفَلَا يُؤْمِنُونَ ۝

২১- وَجَعَلْنَا فِي الْأَرْضِ رَوَاسِيَ
أَنْ تَمِيدَ بِهِمْ ۖ
وَجَعَلْنَا فِيهَا فِجَاجًا سُبُلًا
لَّعَلَّهُمْ يَهْتَدُونَ ۝

২২- وَجَعَلْنَا السَّمَاءَ سَقْفًا مَحْفُوظًا ۖ
وَهُمْ عَنْ آيَاتِهَا مُعْرِضُونَ ۝
২৩- وَهُوَ الَّذِي خَلَقَ الْيَلَّ وَالنَّهَارَ
وَالشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ

১৭- وَلَقَدْ خَلَقْنَاكُمْ سَبْعَ طَرَائِقَ ۖ
وَمَا كُنَّا عَنِ الْخَلْقِ غَافِلِينَ ۝

১৮- وَأَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً بِقَدَرٍ
فَأَسْكَنْتَهُ فِي الْأَرْضِ ۝

وَاِنَّا عَلَى ذَهَابٍ بِهِ لَقَادِرُونَ ۝
১৯- فَأَنْشَأْنَا لَكُمْ بِهِ جَنَّاتٍ مِّنْ نَّخِيلٍ
وَاعْنَابٍ ۖ لَّكُمْ فِيهَا فَوَاكِهٌ كَثِيرَةٌ
وَمِنْهَا تَأْكُلُونَ ۝

২০- وَشَجَرَةً تَخْرُجُ مِنْ طُورِ سَيْنَاءَ
تَنْبُتُ بِالدُّهْنِ وَصِبْغٍ لِلْأَكْلِينَ ۝

২১. আর অবশ্যই তোমাদের জন্য রয়েছে চতুর্দ জন্তুর মধ্যে শিক্ষণীয় বিষয়। আমি তোমাদের পান করাই, তাদের উদরে যা রয়েছে তা থেকে এবং তোমাদের জন্য রয়েছে তাদের মাঝে অনেক উপকারিতা, আর তোমরা তাদের কতককে ভক্ষণ কর।

২২. আর তোমরা তাদের পিঠে ও নৌয়ানে আরোহণ করে চলাফেরা কর।

সূরা নূর, ২৪ : ৪৫

৪৫. আর আল্লাহ সৃষ্টি করেছেন সমস্ত জীব পানি থেকে, তাদের কতক চলে নিজের পেটে ভর দিয়ে, কতক চলে দুই পায়ে, আর কতক চলে চার পায়ে, আল্লাহ যা চান তাই সৃষ্টি করেন, নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান।

সূরা ফুরকান, ২৫ : ৫৩, ৫৯, ৬১, ৬২

৫৩. আর তিনিই দু'দরিয়াকে মিলিতভাবে প্রবাহিত করেছেন, এর একটি মিষ্টি, সুপেয়, আর অপরটি লোনা, তিক্ত আর এ দু'য়ের মধ্যে রেখে দিয়েছেন এক অন্তরায়, এক অনতিক্রম্য ব্যবধান।

৫৯. আল্লাহই সৃষ্টি করেছেন আসমান ও যমীন এবং এ দু'য়ের মধ্যবর্তী সব কিছু ছয় দিনে, তারপর তিনি সমাসীন হন আরশে। তিনিই রহমান, অতএব জিজ্ঞাসা কর তাঁর সম্পর্কে, যে জানে তাকে।

৬১. কত মহান তিনি, যিনি সৃষ্টি করেছেন নভোমণ্ডলে নক্ষত্রমণ্ডলী এবং স্থাপন করেছেন সেখানে প্রদীপ্ত সূর্য এবং জ্যোতির্ময় চন্দ্র।

৬২. আর তিনিই সৃষ্টি করেছেন রাত ও দিন একটি অপরটির অনুগামীরূপে তার

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৪৭

২১- وَإِنَّ لَكُمْ فِي الْأَنْعَامِ لَعِبْرَةً ۖ
نُسْقِيكُمْ مِمَّا فِي بُطُونِهَا
وَلَكُمْ فِيهَا مَنَافِعُ كَثِيرَةٌ
وَمِنْهَا تَأْكُلُونَ

২২- وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ تُحْمَلُونَ ۝

৫৫- وَاللَّهُ خَلَقَ كُلَّ دَابَّةٍ مِنْ مَّاءٍ ۚ
فَمِنْهُمْ مَنْ يَمْشِي عَلَى بَطْنِهِ ۚ وَمِنْهُمْ
مَنْ يَمْشِي عَلَى رِجْلَيْنِ ۚ وَمِنْهُمْ
مَنْ يَمْشِي عَلَى أَرْبَعٍ ۚ يَخْلُقُ اللَّهُ مَا يَشَاءُ ۚ
إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

৫৩- وَهُوَ الَّذِي مَرَجَ الْبَحْرَيْنِ
هَذَا عَذْبٌ فُرَاتٌ وَهَذَا مِلْحٌ أُجَاجٌ ۚ
وَجَعَلَ بَيْنَهُمَا بَرْزَخًا وَحِجْرًا مَحْجُورًا ۝

৫৯- الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ
وَمَا بَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَىٰ
عَلَى الْعَرْشِ ۚ الرَّحْمَنُ فَسْأَلُ بِهِ خَبِيرًا ۝

৬১- تَبَارَكَ الَّذِي جَعَلَ فِي السَّمَاءِ بُرُوجًا
وَجَعَلَ فِيهَا سِرَاجًا وَقَمَرًا مُنِيرًا ۝

৬২- وَهُوَ الَّذِي جَعَلَ
الَّيْلَ وَالنَّهَارَ خِلْفَةً

জন্য, যে উপদেশ গ্রহণ করতে ও
কৃতজ্ঞ হতে চায়।

সূরা আনকাবূত, ২৯ : ৪৪

৪৪. আল্লাহ সৃষ্টি করেছেন আসমান ও যমীন
যথাযথভাবে। অবশ্যই এতে রয়েছে
নিশ্চিত নিদর্শন মু'মিনদের জন্য।

সূরা রুম, ৩০ : ১১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬,
২৭

১১. আল্লাহই সৃষ্টির সূচনা করেন, তারপর
তিনিই তা পুনরায় সৃষ্টি করবেন।
অবশেষে তাঁরই কাছে তোমাদের
ফিরিয়ে নেয়া হবে।

২২. আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে
আসমান ও যমীনের সৃজন এবং
তোমাদের ভাষা ও বর্ণের বৈচিত্র।
অবশ্যই এতে রয়েছে নিশ্চিত নিদর্শন
জ্ঞানবানদের জন্য।

২৩. আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে
তোমাদের নিদ্রা রাতে ও দিনে এবং
তোমাদের অন্বেষণ করা তাঁর অনুগ্রহ।
অবশ্যই এতে রয়েছে নিশ্চিত নিদর্শন
সে লোকদের জন্য, যারা মনোযোগ
সহকারে শোনে।

২৪. আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে,
তিনি তোমাদের দেখিয়ে থাকেন
বিদ্যুৎতের চমক, যাতে ভয়ও থাকে
এবং আশাও থাকে। আর তিনি
আসমান থেকে পানি বর্ষণ করেন,
তারপর তা দিয়ে ভূমিকে এর মৃত্যুর
পর পুনরায় জীবিত করেন, অবশ্যই
এতে রয়েছে নিশ্চিত নিদর্শন সে
লোকদের জন্য, যারা বোধশক্তিসম্পন্ন।

২৫. আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে
যে, তাঁরই আদেশে আসমান ও যমীন

لَسَنَ أَرَادَ أَنْ يَذَّكَّرَ أَوْ أَرَادَ شُكُورًا ○

৪৪- خَلَقَ اللَّهُ السَّمَوَاتِ وَالْأَرْضَ
بِالْحَقِّ ۚ إِنَّ فِي ذَٰلِكَ
لَآيَةً لِّلْمُؤْمِنِينَ ○

১১- اللَّهُ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ
ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ○

২২- وَمِنْ آيَاتِهِ خَلْقُ السَّمَوَاتِ
وَالْأَرْضِ وَاخْتِلَافُ السِّنِّاتِ
وَالْوَاكِنُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ
لَآيَةً لِّلْعَالَمِينَ ○

২৩- وَمِنْ آيَاتِهِ مَنَامُكُمْ بِاللَّيْلِ
وَالنَّهَارِ وَابْتِغَاؤُكُمْ مِنْ
فَضْلِهِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ
لَآيَةً لِّلْقَوْمِ يَسْمَعُونَ ○

২৪- وَمِنْ آيَاتِهِ يُرِيكُمُ الْبَرْقَ
خَوْفًا وَطَمَعًا وَيُنْزِلُ مِنَ
السَّمَاءِ مَاءً فَيُخْرِجُ بِهِ
الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ
إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً
لِّلْقَوْمِ يَعْقِلُونَ ○

২৫- وَمِنْ آيَاتِهِ أَنْ تَقُومَ السَّمَاءُ

স্থির থাকে। আবার যখন তিনি তোমাদের ডাকবেন যমীন থেকে বেরিয়ে আসার জন্য, তখনই তোমরা বেরিয়ে আসবে।

২৬. আর আসমান ও যমীনে যা কিছু আছে, তা সবই তাঁর, সকলই তাঁর অনুগত।

২৭. আর তিনিই সৃষ্টির সূচনা করেন, তারপর তিনিই তা পুনরায় সৃষ্টি করবেন। এটা তাঁর জন্য খুবই সহজ। আর তাঁরই মর্যাদা সর্বত্র আসমান ও যমীনে, তিনিই পরাক্রমশালী, মহা-হিকমতওয়ালা।

সূরা লুকমান, ৩১ : ১০, ১১

১০. আল্লাহ সৃষ্টি করেছেন আসমান স্তম্ভ ব্যতিরেকে, যা তোমরা দেখছ এবং তিনি স্থাপন করেছেন পৃথিবীতে সুদৃঢ় পর্বতমালা, পাছে পৃথিবী তোমাদের নিয়ে ঢলে না পড়ে এবং তিনি এতে ছড়িয়ে দিয়েছেন সব ধরনের জীব-জন্তু। আর আমি বর্ষণ করি আসমান থেকে পানি, তারপর উৎপন্ন করি তাতে সবধরনের উত্তম উদ্ভিদ।

১১. এ হলো আল্লাহর সৃষ্টি। তোমরা আমাকে দেখাও, তিনি ছাড়া অন্যেরা কি কি সৃষ্টি করেছে? বরং যালিমরা তো রয়েছে স্পষ্ট গুমরাহীতে।

সূরা সাজ্জাদা, ৩২ : ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ২৭

৪. আল্লাহই সেই সত্তা, যিনি সৃষ্টি করেছেন আসমান ও যমীন এবং এ দু'য়ের মাঝে সব কিছু ছয় দিনে। তারপর তিনি আরশের উপর অধিষ্ঠিত হন। তিনি ছাড়া তোমাদের নেই কোন বন্ধু, আর না কোন সাহায্যকারী। তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

وَ الْأَرْضُ بِأَمْرِهٖ ۝

ثُمَّ إِذَا دَعَاكُمْ دَعْوَةً ۝

مِّنَ الْأَرْضِ ۝ إِذَا أَنْتُمْ تَخْرُجُونَ ۝

২৬- وَلَهُ مَن فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۝

كُلُّ لَهٗ قٰنُتُوْنَ ۝

২৭- وَهُوَ الَّذِي يَبْدُءُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ

وَهُوَ اَهْوَنُ عَلَيْهِ ۝

وَلَهُ الْمَثَلُ الْاَعْلٰى فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۝

وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝

১০- خَلَقَ السَّمٰوٰتِ بِغَيْرِ عَمَدٍ تَّرَوٰهَا

وَالْقٰى فِي الْاَرْضِ رَوَاسِي

اَنْ تُعِيْدَ بِكُمْ

وَبَثَّ فِيْهَا مِنْ كُلِّ دَابَّةٍ ۝

وَاَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَآءً فَاَنْبَتْنَا

فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍ كَرِيْمٍ ۝

১১- هٰذَا خَلَقَ اللّٰهُ

فَاَرَوْنٰى مَاذَا خَلَقَ الَّذِيْنَ مِنْ دُوْنِهٖ ۝

بَلِ الظَّالِمُوْنَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝

৪- اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ

وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ

ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۝

مَا لَكُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّلِيٍّ وَّلَا شَفِيْعٍ ۝

اَفَلَا تَتَذَكَّرُوْنَ ۝

৫. তিনি আসমান থেকে যমীন পর্যন্ত যাবতীয় বিষয় পরিচালনা করেন। অবশেষে তা তাঁর কাছে এমন একদিনে পৌঁছবে, যার পরিমাণ হবে তোমাদের গণনা অনুযায়ী হাজার বছরের সমান।
৬. তিনিই অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা, পরাক্রমশালী, পরম দয়ালু,
৭. তিনি অতি সুন্দররূপে তাঁর প্রত্যেকটি সৃষ্টিকে সৃজন করেছেন এবং তিনি মানব সৃষ্টির সূচনা করেছেন কাদামাটি দিয়ে।
৮. এরপর তিনি তাঁর বংশধর সৃষ্টি করেছেন নগণ্য পানির নির্যাস হতে।
৯. তারপর তিনি তাকে সুঠাম করেন এবং তাতে নিজের তরফ থেকে 'রুহ' ফুঁকে দেন আর তোমাদের দান করেন কান, চোখ ও হৃদয়। কিন্তু তোমরা খুব কমই শোকর কর।
২৭. তারা কি লক্ষ্য করেনি যে, আমি পানি প্রবাহিত করি শুষ্ক ও পতিত যমীনে, তারপর এর সাহায্যে শস্য উৎপন্ন করি, যা থেকে খায় তাদের চতুষ্পদ জন্তুরা এবং তারা নিজেরাও। তবুও কি তারা দেখে না ?

সূরা ফাতির, ৩৫ : ৯, ২৭, ৪১

৯. আর আল্লাহ্‌ই বায়ু প্রেরণ করেন, তারপর তা মেঘমালাকে সঞ্চালিত করে। এরপর আমি তা পরিচালিত করি মৃত ভূখণ্ডের দিকে, পরে আমি তা দিয়ে যমীনকে এর মৃত্যুর পর জীবিত করে দেই। একপেই মৃত্যুর পর পুনরায় জীবিত করে উঠানো হবে।
২৭. তুমি কি লক্ষ্য করনি, আল্লাহ্‌ই আসমান থেকে পানি বর্ষণ করেন ? তারপর

৫- يُدَبِّرُ الْأَمْرَ مِنَ السَّمَاءِ
إِلَى الْأَرْضِ ثُمَّ يُعْرِجُ إِلَيْهِ فِي يَوْمٍ كَانَ
مِقْدَارُهُ أَلْفَ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ ○

৬- ذَٰلِكَ عِلْمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزِ
الرَّحِيمِ ○

৭- الَّذِي أَحْسَنَ كُلَّ شَيْءٍ خَلَقَهُ
وَبَدَأَ خَلْقَ الْإِنْسَانِ مِنْ طِينٍ ○

৮- ثُمَّ جَعَلَ نَسْلَهُ مِنْ سُلَالَةٍ
مِّنْ مَّاءٍ مَّهِينٍ ○

৯- ثُمَّ سَوَّاهُ وَنَفَخَ فِيهِ مِنْ رُّوحِهِ
وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ
قَلِيلًا مَّا تَشْكُرُونَ ○

২৭- أَوَلَمْ يَرَوْا أَنَّا نَسُوقُ الْمَاءَ
إِلَى الْأَرْضِ الْجُرُزِ
فَنُخْرِجُ بِهِ زَرْعًا تَأْكُلُ مِنْهُ أَنْعَامُهُمْ
وَأَنْفُسُهُمْ ۖ أَفَلَا يُبْصِرُونَ ○

৯- وَاللَّهُ الَّذِي أَرْسَلَ الرِّيحَ
فَتُثِيرُ سَحَابًا فَسُقْنَهُ إِلَىٰ بَلَدٍ مَّيِّتٍ
فَاحْيِيْنَا بِهِ الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ
كَذَٰلِكَ النُّشُورُ ○

২৭- أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ أَنْزَلَ مِنَ السَّمَاءِ مَاءً ۚ

আমি তা দিয়ে নানা বর্ণের ফলমূল উৎপন্ন করি। আর পর্বতমালায়ও রয়েছে বিভিন্ন ধরনের গিরিপথ সাদা, লাল ও ঘোর কাল।

৪১. নিশ্চয় আল্লাহ আসমান ও যমীনকে স্থিরভাবে ধরে রাখেন, যাতে তারা স্থানচ্যুত না হয়। আর যদি এরা স্থানচ্যুত হয়, তবে তিনি ছাড়া কে এদের ধরে রাখবে? তিনি তো অতিশয় সহনশীল, পরম ক্ষমাশীল।

সূরা ইয়াসীন, ৩৬ : ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩,

৩৩. আর তাদের জন্য একটি নিদর্শন মৃত যমীন, আমি তাকে সঞ্জীবিত করি এবং তা থেকে উৎপন্ন করি শস্য, আর তা থেকে তারা খায়।

৩৪. আর আমি তাতে সৃষ্টি করি খেজুর ও আংগুরের বাগান এবং প্রবাহিত করি তাতে প্রসবণ,

৩৫. যেন তারা এর ফলমূল থেকে খেতে পারে। অথচ তাদের হাত এসব সৃষ্টি করেনি। তবুও কি তারা শোকর করবে না?

৩৬. পবিত্র মহান তিনি, যিনি জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছেন উদ্ভিদ, মানুষ এবং তারা যাদের জানে না তাদের সবাইকে।

৩৭. আর তাদের জন্য একটি নিদর্শন রাত, তা থেকে আমি দিনকে অপসারিত করি, ফলে তখনই তারা অন্ধকারে আচ্ছন্ন হয়ে পড়ে।

৩৮. আর সূর্য চলতে থাকে তার নির্দিষ্ট গন্তব্যের দিকে। এ হলো পরাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহর তরফ থেকে নিয়ন্ত্রণ।

فَاَخْرَجْنَا بِهٖ ثَمَرَاتٍ مُّخْتَلِفًا اَلْوَانُهَا ۚ
وَمِنَ الْجِبَالِ جُدَدٌ بَيَضٌ وَحُمْرٌ مُّخْتَلِفٌ
اَلْوَانُهَا وَغَرَابِيبُ سُودٌ ۝

৪১- اِنَّ اللّٰهَ يُمْسِكُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ
اَنْ تَزُوْلَا ۗ وَلَٰكِنْ زَالَتَا
اِنْ اَمْسَكَهُمَا مِنْ اَحَدٍ مِّنْۢ بَعْدِهَا ۗ
اِنَّهٗ كَانَ حَلِيْمًا غَفُوْرًا ۝

৩৩- وَاٰیةٌ لَهُمُ الْاَرْضُ الْمَيِّتَةُ ۚ
اَحْيٰیْنَهَا وَاَخْرَجْنَا مِنْهَا حَبًّا
فَمِنْهُ یَاْكُلُوْنَ ۝

৩৪- وَجَعَلْنَا فِیْهَا جَنَّٰتٍ مِّنْ نَّخِیْلِ
وَاعْنَابٍ ۖ وَفَجَّرْنَا فِیْهَا مِنَ الْعُیُوْنِ ۝

৩৫- لِّیَاْكُلُوْا مِنْ ثَمَرِهَا ۚ
وَمَا عَمِلَتْهُ اَیْدِیْهِمْ ۚ اَفَلَا یَشْكُرُوْنَ ۝

৩৬- سُبْحٰنَ الَّذِیْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا
مِمَّا تَنْثِیْتُ الْاَرْضُ وَمِنْۢ نَفْسِهِمْ
وَمِمَّا لَا یَعْلَمُوْنَ ۝

৩৭- وَاٰیةٌ لَهُمُ الْیَلُ ۚ نَسْلَخُ مِنْهُ النَّهَارَ
فَاِذَا هُمْ مُّظْلَمُوْنَ ۝

৩৮- وَالشَّمْسُ تَجْرِیْ لِمُسْتَقَرٍّ لَّهَا ۚ
ذٰلِكَ تَقْدِیْرُ الْعَزِیْزِ الْعَلِیْمِ ۝

৩৯. আর চাঁদ, আমি নির্ধারিত করে দিয়েছি তার জন্য বিভিন্ন মনখিল, এমনকি তা ভ্রমণ শেষে ক্ষীণ হয়ে খেজুরের পুরাতন ডালের মত হয়ে যায়।

৪০. সূর্যের পক্ষে সম্ভব নয় চাঁদকে ধরে ফেলা, আর না রাত অতিক্রম করতে পারে দিনকে। আর প্রত্যেকে নিজ নিজ কক্ষে সন্তরণ করে।

৮০. আল্লাহুই তোমাদের জন্য সৃষ্টি করেন সবুজ বৃক্ষ থেকে আগুন, তারপর তোমরা তা থেকে আরো আগুন জ্বালাও।

৮১. যিনি আসমান ও যমীন সৃষ্টি করেছেন, তিনি কি সক্ষম নন এদের অনুরূপ সৃষ্টি করতে? হ্যাঁ, অবশ্যই তিনি সক্ষম। আর তিনি মহান স্রষ্টা, সর্বজ্ঞ।

৮২. বস্তুত তাঁর সৃষ্টি কার্য তো এরূপ যে, যখন তিনি কোন কিছু সৃষ্টি করতে ইচ্ছা করেন, তখন তিনি তার উদ্দেশ্যে বলেন : 'হও', অমনি তা হয়ে যায়।

৮৩. অতএব পবিত্র মহান তিনি, যাঁর হাতে রয়েছে সর্ববিষয়ের সর্বময় ক্ষমতা। আর তাঁরই কাছে তোমাদের ফিরিয়ে নেয়া হবে।

সূরা সাফাত, ৩৭ : ৯৬

৯৬. আর আল্লাহুই তোমাদের সৃষ্টি করেছেন এবং তোমরা যা তৈরী কর তাও।

সূরা যুমার, ৩৯ : ৫

৫. আল্লাহুই সৃষ্টি করেছেন আসমান ও যমীন যথাযথভাবে। তিনি আচ্ছাদিত করেন রাত দিয়ে দিনকে এবং আচ্ছাদিত করেন দিন দিয়ে রাতকে। আর তিনি নিয়মাধীন করেছেন সূর্য ও চন্দ্রকে। প্রত্যেকেই চলতে থাকবে

৩৭- وَالْقَمَرَ قَدَرْنَاهُ مَنَازِلَ

حَتَّىٰ عَادَ كَالْعُرْجُونِ الْقَدِيمِ

৪০- لَا الشَّمْسُ يَنْبَغِي لَهَا أَنْ تُدْرِكَ

الْقَمَرَ وَلَا اللَّيْلُ سَابِقُ النَّهَارِ

وَكُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ

৮০- الَّذِي جَعَلَ لَكُمْ مِنَ الشَّجَرِ الْأَخْضَرِ نَارًا

فَإِذَا أَنْتُمْ مِنْهُ تُوقِدُونَ

৮১- أَوَلَيْسَ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ

بِقَدِيرٍ عَلَىٰ أَنْ يَخْلُقَ مِثْلَهُمْ

بَلَىٰ ۚ وَهُوَ الْخَلَّاقُ الْعَلِيمُ

৮২- إِنَّمَا أَمْرُهُ إِذَا أَرَادَ

شَيْئًا أَنْ يَقُولَ لَهُ كُنْ فَيَكُونُ

৮৩- فَسُبْحَنَ الَّذِي

بِيَدِهِ مَلَكُوتُ كُلِّ شَيْءٍ

وَالِيهِ تُرْجَعُونَ

৯৬- وَاللَّهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُونَ

৫- خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ

يَكْوَرُ اللَّيْلُ عَلَى النَّهَارِ وَيَكْوَرُ النَّهَارُ

عَلَى اللَّيْلِ وَسَخَرَ الشَّمْسُ وَالْقَمَرَ

كُلٌّ يَجْرِي لِأَجَلٍ مُّسَمًّى

নির্দিষ্ট সময় পর্যন্ত। জেনে রাখ, তিনি পরাক্রমশালী, পরম ক্ষমাশীল।

সূরা মু'মিন, ৪০ : ৫৭, ৬১, ৬২, ৬৩, ৬৪

৫৭. নিশ্চয় আসমান ও যমীনের সৃষ্টি মানুষ সৃষ্টির চাইতে কঠিনতর, কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না।

৬১. আল্লাহই সৃষ্টি করেছেন তোমাদের জন্য রাত, যাতে তোমরা বিশ্রাম নিতে পার তাতে আর দিনকে করেছেন আলোকোজ্জ্বল। নিশ্চয় আল্লাহ অতিশয় অনুগ্রহশীল মানুষের প্রতি। কিন্তু অধিকাংশ মানুষ শোকর করে না।

৬২. তিনিই আল্লাহ, তোমাদের রব, সব কিছুর স্রষ্টা, নেই কোন ইলাহ তিনি ছাড়া। অতএব তোমরা কোথায় ফিরে যাচ্ছ?

৬৩. এভাবেই বিভ্রান্ত হয়, যারা আল্লাহর নিদর্শনাবলীকে অস্বীকার করে।

৬৪. আল্লাহই তোমাদের জন্য পৃথিবীকে করেছেন বাসোপযোগী এবং আসমানকে করেছেন ছাদ এবং তিনি তোমাদের আকৃতি গঠন করেছেন এবং সুন্দর করেছেন তোমাদের আকৃতি। আর তিনি তোমাদের উত্তম পবিত্র রিয়ক দিয়েছেন। তিনিই আল্লাহ, তোমাদের রব। আর কত মহান আল্লাহ! যিনি রব সারা জাহানের।

সূরা হা-মীম আস্ সাজ্জাদা, ৪১ : ৯, ১০, ১১, ১২

৯. আপনি বলুন : তোমরা কি প্রত্যাখ্যান করছো তাঁকে, যিনি সৃষ্টি করেছেন পৃথিবী দু'দিনে এবং তোমরা কি স্থির করছ তাঁর জন্য সমকক্ষ? অথচ তিনি হলেন রব সারাজাহানের।

১০. আর তিনি স্থাপন করেছেন যমীনের এ উপরিভাগে সুদৃঢ় পর্বতমালা এবং

○ لَا هُوَ الْعَزِيزُ الْغَفَّارُ

৫৭- لَخَلَقُ السَّمَوَاتِ وَالْأَرْضِ أَكْبَرُ مِنْ خَلْقِ النَّاسِ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

৬১- اللَّهُ الَّذِي جَعَلَ لَكُمْ الَّيْلَ لِتَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا إِنَّ اللَّهَ لَذُو فَضْلٍ عَلَى النَّاسِ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُونَ

৬২- ذُكِّمُكُمْ اللَّهُ رَبَّكُمْ خَالِقُ كُلِّ شَيْءٍ م

○ لَا إِلَهَ إِلَّا هُوَ فَإِنِّي تَوَفَّكُونَ

৬৩- كَذَلِكَ يُؤْفَكُ الَّذِينَ كَانُوا بِآيَاتِ اللَّهِ يَجْحَدُونَ

৬৪- اللَّهُ الَّذِي جَعَلَ لَكُمْ الْأَرْضَ قَرَارًا وَالسَّمَاءَ بِنَاءً وَصَوَّرَكُمْ فَأَحْسَنَ صَوْرَكُمْ وَرَزَقَكُمْ مِنَ الطَّيِّبَاتِ ذُكِّمُكُمْ اللَّهُ رَبَّكُمْ

○ فَتَبَرَّكَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ

৯- قُلْ أَيْتَكُمْ لَتَكْفُرُونَ بِاللَّهِ خَلَقَ الْأَرْضَ فِي يَوْمَيْنِ وَتَجْعَلُونَ لَهُ أَندَادًا ذُكِّمُكُمْ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ

১০- وَجَعَلَ فِيهَا رَوَاسِيَ مِنْ فَوْقِهَا

রেখেছেন সেখানে বরকত আর তিনি ব্যবস্থা করে দিয়েছেন সেখানে খাদ্যের তার অধিবাসীদের জন্য চারদিনে। যা পরিপূর্ণ প্রশংসাকারীদের জন্য।

১১. তারপর তিনি মনোনিবেশ করলেন আসমানের দিকে, যা ছিল তখন ধূমপুঞ্জ। তখন তিনি তাকেও পৃথিবীকে বললেন : আসো তোমরা স্বেচ্ছায় বা অনিচ্ছায়। তারা বলল : আমরা আসলাম অনুগত হয়ে।

১২. তারপর তিনি আকাশমণ্ডলকে পরিণত করলেন সাত আসমানে দুইদিনে এবং জারী করলেন প্রত্যেক আসমানে এর বিধান। আর আমি সুশোভিত করলাম নিকটবর্তী আসমানকে প্রদীপমালা দিয়ে এবং তাকে করলাম সুরক্ষিত। এ হলো পরাক্রমশালী, সর্বজ্ঞ আল্লাহর ব্যবস্থাপনা।

সূরা শূরা, ৪২ : ১১, ২৯

১১. আল্লাহই স্রষ্টা আসমান ও যমীনের। তিনিই সৃষ্টি করেছেন তোমাদের জন্য তোমাদের মধ্য থেকে জোড়া এবং আন'আমের মধ্য থেকেও তাদের জোড়া। এভাবেই তিনি জোড়া সৃষ্টির মাধ্যমে তোমাদের বংশ বিস্তার করেন। কোন কিছুই নেই তাঁর সদৃশ আর তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।

২৯. আর তাঁর কুদ্রতের নিদর্শনাবলীর অন্যতম আসমান ও যমীনের সৃষ্টি এবং এ দুয়ের মাঝে যে সব জীবজন্তু তিনি ছড়িয়ে দিয়েছেন সে সব। আর তিনি যখনই ইচ্ছা এগুলোকে একত্র করতে সক্ষম।

সূরা যুখরুফ, ৪৩ : ৯, ১০, ১১, ১২

৯. আপনি যদি তাদের জিজ্ঞাসা করেন : কে সৃষ্টি করেছে আসমান ও যমীন ?

وَبَرَكَ فِيهَا وَقَدَّرَ فِيهَا أَقْوَاتَهَا
فِي أَرْبَعَةِ أَيَّامٍ سَوَاءً لِّلسَّائِلِينَ ○

۱۱- ثُمَّ اسْتَوَىٰ إِلَى السَّمَاءِ
وَهُيَ دُخَانٌ فَقَالَ لَهَا وَلِلْأَرْضِ
اِئْتِيَا طَوْعًا أَوْ كَرْهًا
قَالَتَا أَتَيْنَا طَائِعِينَ ○

۱۲- فَقَضَاهُنَّ سَبْعَ سَمَوَاتٍ
فِي يَوْمَيْنِ وَأَوْحَىٰ فِي كُلِّ
سَمَاءٍ أَمْرَهَا ۚ وَزَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا
بِمَصَافِيحَ ۚ وَحِفْظًا ۖ
ذَٰلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ ○

۱۱- فَاطِرُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۚ
جَعَلَ لَكُم مِّنْ أَنْفُسِكُمْ أَزْوَاجًا
وَمِنَ الْأَنْعَامِ أَزْوَاجًا ۚ
يَذَرُوكُمْ فِيهِ ۚ لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ ۚ
وَهُوَ السَّمِيعُ الْبَصِيرُ ○

۲۹- وَمِنْ آيَاتِهِ خَلْقُ السَّمَوَاتِ
وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا مِن دَابَّةٍ ۚ
وَهُوَ عَلَىٰ جَمْعِهِمْ إِذَا يَشَاءُ قَدِيرٌ ○

۹- وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضِ

তারা অবশ্যই বলবে : এ সব তো সৃষ্টি করেছেন পরাক্রমশালী, সর্বজ্ঞ আল্লাহ্,

১০. যিনি করেছেন তোমাদের জন্য যমীনকে বিছানা এবং করেছেন তোমাদের জন্য তাতে বিভিন্ন চলার পথ, যাতে তোমরা পথের দিশা পাব।

১১. আর যিনি বর্ষণ করেন আসমান থেকে পরিমিতভাবে পানি। তারপর আমি সঞ্জীবিত করি তা দিয়ে মৃত জনপদকে। এভাবেই তোমাদের বের করা হবে।

১২. আর যিনি সৃষ্টি করেছেন সব ধরনের জোড়া এবং সৃষ্টি করেছেন তোমাদের জন্য নৌযান ও চতুষ্পদ জন্তু যাতে তোমরা আরোহণ কর।

সূরা দুখান, ৪৪ : ৩৮, ৩৯

৩৮. আর আমি সৃষ্টি করিনি আসমান ও যমীন এবং এ দু'য়ের মাঝে কোন কিছু ক্রীড়াচ্ছলে।

৩৯. আর আমি সৃষ্টি করিনি এটি যথাযথ উদ্দেশ্য ব্যতিরেকে, কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

সূরা জাসিয়া, ৪৫ : ২২

২২. আর আল্লাহ্ সৃষ্টি করেছেন আসমান ও যমীন যথাযথভাবে এবং যাতে প্রত্যেক ব্যক্তিকে প্রতিদান দেয়া যায়, সে যা করেছে সে অনুযায়ী আর তাদের প্রতি যুলুম করা হবে না।

সূরা আহকাফ, ৪৬ : ৩, ৪

৩. আমি সৃষ্টি করেছি আসমান ও যমীন এবং এ দু'য়ের মধ্যবর্তী সবকিছু যথাযথভাবে এক নির্দিষ্ট কালের জন্য। কিন্তু যারা কুফরী করেছে তারা যে বিষয়ে তাদের সতর্ক করা হয়েছে, তা থেকে মুখ ফিরিয়ে নেয়।

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৪৮

لَيَقُولُنَّ خَلَقْنَاهُنَّ الْعَزِيزُ الْعَلِيمُ

১- الَّذِي جَعَلَ لَكُمْ الْأَرْضَ مَهْدًا

وَجَعَلَ لَكُمْ فِيهَا سُبُلًا

لَعَلَّكُمْ تَهْتَدُونَ

১১- وَالَّذِي نَزَّلَ مِنَ السَّمَاءِ مَاءً بِقَدَرٍ

فَأَنْشَرْنَا بِهِ بَلْدَةً مَيِّتًا

كَذَلِكَ تُخْرَجُونَ

১২- وَالَّذِي خَلَقَ الْأَزْوَاجَ

كُلَّهَا وَجَعَلَ لَكُمْ

مِنْ الْفُلْكِ وَالْأَنْعَامِ مَا تَرْكَبُونَ

৩৮- وَمَا خَلَقْنَا السَّمَوَاتِ وَالْأَرْضَ

وَمَا بَيْنَهُمَا لِعِبَادٍ

৩৯- مَا خَلَقْنَاهُمَا إِلَّا بِالْحَقِّ

وَلَكِنْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ

২২- وَخَلَقَ اللَّهُ السَّمَوَاتِ وَالْأَرْضَ

بِالْحَقِّ وَلِيُتَجَزَّى كُلُّ نَفْسٍ

بِمَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ

৩- مَا خَلَقْنَا السَّمَوَاتِ وَالْأَرْضَ

وَمَا بَيْنَهُمَا إِلَّا بِالْحَقِّ

وَاجِلٍ مُسَيِّءٍ وَالَّذِينَ كَفَرُوا

عَمَّا أَنْذَرُوا مُعْرِضُونَ

৪. আপনি বলুন : তোমরা ভেবে দেখেছ কি তাদের সম্পর্কে, যাদের তোমরা ডাক আল্লাহকে ছেড়ে? আমাকে দেখাও তারা কী সৃষ্টি করেছে পৃথিবীতে, অথবা আছে কী তাদের কোন অংশীদারিত্ব আসমানে? নিয়ে এসো আমার কাছে এর পূর্ববর্তী কোন কিতাব, অথবা পরস্পরাগত কোন জ্ঞান যদি তোমরা সত্যবাদী হও।

সূরা কাফ্, ৫০ : ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ৩৮

৬. তারা কি লক্ষ্য করেনি, তাদের উপরে স্থাপিত আসমানের দিকে, কিভাবে আমি তা তৈরী করেছি এবং তা সুশোভিত করেছি আর নেই তাতে কোন ছিদ্র!
৭. আর যমীন, তা তো আমি বিস্তৃত করেছি এবং স্থাপন করেছি তাতে সুদৃঢ় পর্বতমালা আর উৎপন্ন করেছি সেখানে নানা ধরনের নয়ন প্রীতিকর উদ্ভিদ,
৮. জ্ঞান আহরণ ও উপদেশ গ্রহণের উপকরণ স্বরূপ আল্লাহ্ অভিযুক্ত প্রত্যেক বান্দার জন্য।
৯. আর আমি বর্ষণ করি আসমান থেকে বরকতময় পানি আর উৎপন্ন করি তা দিয়ে বাগ-বাগিচা ও কৃষিজাত শস্য।
১০. আর লম্বালম্বা খেজুর গাছ, যাতে রয়েছে ঘনসন্নিবেশিত গুচ্ছ,
১১. আমার বান্দাদের রিয়িকের জন্য। আর আমি জীবিত করি তা দিয়ে মৃত জনপদকে। এভাবেই মৃতদের জীবিত করে উঠানো হবে।
৩৮. আর আমি অবশ্যই সৃষ্টি করেছি আসমান ও যমীন এবং এ দু'য়ের

۱- قُلْ أَرَأَيْتُمْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ أَرُونِي مَاذَا خَلَقُوا مِنَ الْأَرْضِ أَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمَوَاتِ ۚ إِيْتُونِي بِكِتَابٍ مِّن قَبْلِ هَذَا أَوْ أَثَرَةٍ مِّنْ عِلْمٍ إِن كُنْتُمْ صَادِقِينَ ۝

۶- أَفَلَمْ يَنْظُرُوا إِلَى السَّمَاءِ فَوْقَهُمْ كَيْفَ بَنَيْنَاهَا وَزَيَّنَّاهَا وَمَا لَهَا مِنْ فُرُوجٍ ۝

۷- وَالْأَرْضَ مَدَدْنَاهَا وَأَلْقَيْنَا فِيهَا رَوَاسِيَ وَأَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ زَوْجٍ بَهِيجٍ ۝

۸- تَبَصَّرَةٌ وَذِكْرَىٰ

۝ يَكُلُ عَبْدٌ مُّنِيبٌ ۝

۹- وَنَزَّلْنَا مِنَ السَّمَاءِ مَاءً مُّبَارَكًا فَأَنْبَتْنَا بِهِ جَنَّاتٍ وَحَبَّ الْحَصِيدِ ۝

۱۰- وَالنَّخْلَ بُسْقًى لَّهَا طَلْعٌ نَّضِيدٌ ۝

۱۱- رَزَقًا لِلْعِبَادِ ۚ

وَأَحْيَيْنَا بِهِ بَلْدَةً مَيِّتًا ۚ كَذَلِكَ الْخُرُوجُ ۝

۳۸- وَلَقَدْ خَلَقْنَا السَّمَوَاتِ وَالْأَرْضَ

মধ্যবর্তী সব কিছু ছয়দিনে আর আমাকে স্পর্শ করেনি কোন ক্রান্তি।

সূরা যারিয়াত, ৫১ : ৪৭, ৪৮, ৪৯

৪৭. আর আসমান, আর আমি সৃষ্টি করেছি তা নিজ ক্ষমতা বলে এবং আমি অবশ্যই মহা ক্ষমতালী।
৪৮. আর যমীন, আমি তা বিছিয়ে দিয়েছি, আর কত সুন্দরভাবে আমি বিছিয়েছি।
৪৯. আর আমি সৃষ্টি করেছি প্রত্যেক বস্তু জোড়ায় জোড়ায়, যাতে তোমরা উপদেশ গ্রহণ কর।

সূরা কামার, ৫৪ : ৪৯

৪৯. নিশ্চয় আমি প্রত্যেক বস্তু সৃষ্টি করেছি নির্ধারিত পরিমাপে।

সূরা আর রাহমান, ৫৫ : ১০, ১১, ১২

১০. আর যমীন, আল্লাহ তা স্থাপন করেছেন সৃষ্ট জীবের জন্য,,
১১. সেখানে রয়েছে নানা ধরনের ফলমূল এবং খোসায়ুক্ত খেজুরের গাছ।
১২. আর খোসা বিশিষ্ট শস্যদানা ও সুগন্ধি গুল্ম।

সূরা হাদীদ, ৫৭ : ৪, ৫, ৬

৪. আল্লাহই সৃষ্টি করেছেন আসমান ও যমীন ছয়দিনে, তারপর তিনি সমাসীন হন আরশে। তিনি জানেন যা কিছু প্রবেশ করে যমীনে এবং যা কিছু বের হয়ে আসে সেখান থেকে, আর যা কিছু নেমে আসে আসমান থেকে এবং যা কিছু উত্থিত হয় সেখানে আর তিনি তোমাদের সাথেই আছেন, সেখানেই তোমরা থাক না কেন। আর আল্লাহ সম্যক দ্রষ্টা যা তোমরা কর।

وَمَا بَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامٍ ۝

وَمَا مَسَّنَا مِنْ لُغُوبٍ ۝

٤٧- وَالسَّمَاءَ بَنَيْنَاهَا بِأَيْدٍ

وَأَنَّا لَمُوسِعُونَ ۝

٤٨- وَالْأَرْضَ فَرَشْنَاهَا

فَنِعْمَ الْمُهْدُونَ ۝

٤٩- وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ

لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ۝

٤٩- إِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ ۝

١٠- وَالْأَرْضَ وَضَعَهَا لِلْأَنَامِ ۝

١١- فِيهَا فَاكِهَةٌ ۝

وَالنَّخْلُ ذَاتُ الْأَكْمَامِ ۝

١٢- وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَالرَّيْحَانُ ۝

٤- هُوَ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ

وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَىٰ

عَلَى الْعَرْشِ ۚ يَعْلَمُ مَا يَلْبِغُ فِي الْأَرْضِ

وَمَا يَخْبِرُهُ مِنْهَا ۚ وَمَا يَنْزِلُ

مِنَ السَّمَاءِ وَمَا يَرْجُبُ فِيهَا ۚ

وَهُوَ مَعَكُمْ أَيْنَ مَا كُنْتُمْ ۚ

وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝

৫. তাঁরই সর্বময় কর্তৃত্ব আসমান ও যমীনের আর আল্লাহরই কাছে সমস্ত বিষয় প্রত্যাবর্তিত হবে।
৬. তিনি প্রবেশ করান রাতকে দিনে এবং প্রবেশ করান দিনকে রাতে আর তিনি অন্তর্যামী।

সূরা তাগাবুন, ৬৪ : ৩

৩. আল্লাহই সৃষ্টি করেছেন আসমান ও যমীন যথাযথভাবে এবং তিনি তোমাদের আকৃতি দান করেছেন আর তিনি সুন্দর করেছেন তোমাদের আকৃতি এবং তাঁরই কাছে ফিরে যেতে হবে।

সূরা তালাক, ৬৫ : ১২

১২. আল্লাহই সৃষ্টি করেছেন সাত আসমান এবং যমীন ও এর অনুরূপ। নেমে আসে এদের মাঝে তাঁর নির্দেশ, যাতে তোমরা জানতে পার যে, আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান এবং আল্লাহ সব কিছু পরিবেষ্টন করে আছেন স্বীয় জ্ঞানে।

সূরা মুল্ক, ৬৭ : ১, ২, ৩, ৪, ৫

১. বরকতময় তিনি, যাঁর হাতে রয়েছে সর্বময় কর্তৃত্ব আর তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।
২. যিনি সৃষ্টি করেছেন মৃত্যু ও জীবন, যাতে তিনি তোমাদের পরীক্ষা করেন যে, কে তোমাদের মাঝে কর্মে উত্তম? আর তিনি পরাক্রমশালী, পরম ক্ষমশীল।
৩. যিনি সৃষ্টি করেছেন সাত আসমান স্তরে স্তরে। তুমি দেখতে পাবে না পরম দয়াময় আল্লাহর সৃষ্টিতে কোন

৫-لَهُ مُلْكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۖ
وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ۝

৬-يُولِجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَيُؤَلِّجُ النَّهَارَ فِي اللَّيْلِ ۖ وَهُوَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ۝

৩-خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ
وَصَوَّرَكُمْ فَأَحْسَنَ صُورَكُمْ ۖ
وَإِلَيْهِ الْمَصِيرُ ۝

১২-اللَّهُ الَّذِي خَلَقَ سَبْعَ
سَمَوَاتٍ وَمِنَ الْأَرْضِ مِثْلَهُنَّ ۖ
يَتَنَزَّلُ الْأَمْرُ بَيْنَهُنَّ لِتَعْلَمُوا
أَنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۚ
وَأَنَّ اللَّهَ قَدْ أَحَاطَ
بِكُلِّ شَيْءٍ عِلْمًا ۝

১-تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ ۚ
وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

২-الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ
لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا ۖ
وَهُوَ الْعَزِيزُ الْغَفُورُ ۝

৩-الَّذِي خَلَقَ سَبْعَ سَمَوَاتٍ طِبَاقًا ۖ
مَا تَرَىٰ فِي خَلْقِ الرَّحْمَنِ مِن تَفَوُّتٍ ۖ

খুঁত। তারপর তুমি আবার দৃষ্টি ফিরাও, দেখতে পাও কি তুমি কোন ক্রটি ?

৪. তারপর তুমি বারবার দৃষ্টি ফিরাও, সে দৃষ্টি ফিরে আসবে তোমার দিকে ব্যর্থ ও ক্লান্ত-শ্রান্ত হয়ে।

৫. আর অবশ্যই আমি সুশোভিত করেছি নিকটবর্তী আসমানকে প্রদীপমালা দিয়ে এবং সেগুলোকে করেছি শয়তানের প্রতি নিক্ষেপের উপকরণ আর আমি প্রস্তুত করে রেখেছি তাদের জন্য জ্বলন্ত আগুনের শাস্তি।

সূরা নূহ, ৭১ : ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০

১৩. তোমাদের কী হয়েছে যে, তোমরা আল্লাহর মহত্বের আশা করছ না!

১৪. অথচ তিনিই তোমাদের সৃষ্টি করেছেন পর্যায়ক্রমে।

১৫. তোমরা কি লক্ষ্য করনি যে, কিভাবে আল্লাহ সৃষ্টি করেছেন সাত আসমান স্তরে স্তরে ?

১৬. আর তিনি সেথায় স্থাপন করেছেন চাঁদকে আলোরূপে এবং তিনি স্থাপন করেছেন সূর্যকে প্রদীপরূপে।

১৭. আর আল্লাহই তোমাদের উদ্গত করেন মাটি থেকে উত্তমরূপে,

১৮. তারপর তিনি তোমাদের ফিরিয়ে নিবেন সেখানে, এরপর তিনি তোমাদের বের করে আনবেন সেখান থেকে।

১৯. আর আল্লাহ তোমাদের জন্য করেছেন যমীনকে বিস্তৃত।

২০. যাতে তোমরা সেখানে চলাফেরা করতে পার বিভিন্ন প্রশস্ত পথে।

فَارْجِعِ الْبَصَرَ هَلْ تَرَى مِنْ فُطُورٍ ○

৫- ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ
إِلَيْكَ الْبَصَرُ خَاسِئًا وَهُوَ حَسِيرٌ ○

৫- وَلَقَدْ زَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا
بِمِصَابِيحٍ وَجَعَلْنَاهَا رُجُومًا لِلشَّيَاطِينِ
وَاعْتَدْنَا لَهُمْ عَذَابَ السَّعِيرِ ○

১৩- مَا لَكُمْ لَا تَرْجُونَ لِلَّهِ وَقَارًا ○

১৪- وَقَدْ خَلَقَكُمْ أَطْوَارًا ○

১৫- أَلَمْ تَرَوْا كَيْفَ خَلَقَ اللَّهُ
سَبْعَ سَمَوَاتٍ طِبَاقًا ○

১৬- وَجَعَلَ الْقَمَرَ فِيهِنَّ نُورًا
وَجَعَلَ الشَّمْسُ سِرَاجًا ○

১৭- وَاللَّهُ أَنْبَتَكُمْ مِنَ الْأَرْضِ نَبَاتًا ○

১৮- ثُمَّ يُعِيدُكُمْ فِيهَا
وَيُخْرِجُكُمْ إِخْرَاجًا ○

১৯- وَاللَّهُ جَعَلَ لَكُمْ الْأَرْضَ بِسَاطًا ○

২০- لِيَسْلُكُوا مِنْهَا سُبُلًا فِجَاجًا ○

সূরা মুরসালাত, ৭৭ : ২৫, ২৬, ২৭

২৫. আমি কি সৃষ্টি করিনি যমীনকে ধারণকারীরূপে,
২৬. জীবিত ও মৃতের জন্য ?
২৭. আর আমি স্থাপন করেছি সেখানে সুদৃঢ় উঁচু পর্বতমালা এবং তোমাদের পান করার জন্য দিয়েছি সুপেয় পানি।

সূরা নাবা, ৭৮ : ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬

৬. আমি কি করিনি যমীনকে বিছানাসদৃশ,
৭. এবং পাহাড়সমূহকে পেরেক স্বরূপ?
৮. আর আমি তোমাদের সৃষ্টি করেছি জোড়া-জোড়া,
৯. এবং আমি তোমাদের নিদ্রাকে করেছি আরামদায়ক,
১০. আর রাতকে করেছি আবরণ,
১১. এবং আমি করে দিয়েছি দিনকে জীবিকা অর্জনের সময়,
১২. আর আমিই নির্মাণ করেছি তোমাদের উপর সাতটি মজবুত আসমান,
১৩. এবং আমিই সৃষ্টি করেছি একটি দীপ্তিমান প্রদীপ।
১৪. আর আমি বর্ষণ করি পানিপূর্ণ মেঘমালা থেকে প্রচুর বৃষ্টির পানি,
১৫. যেন আমি তা দিয়ে উৎপন্ন করি শস্য ও উদ্ভিদ,
১৬. এবং ঘনগাছপালায় পরিপূর্ণ বাগানসমূহ।

২৫- أَلَمْ نَجْعَلِ الْأَرْضَ كِفَاتًا

২৬- أَحْيَاءٍ وَأَمْواتًا

২৭- وَجَعَلْنَا فِيهَا رَوَاسِيَ شِخْتٍ

وَأَسْقَيْنَكُم مَّاءً فُرَاتًا

৬- أَلَمْ نَجْعَلِ الْأَرْضَ مِهْدًا

৭- وَالْجِبَالِ أَوْتَادًا

৮- وَخَلَقْنَاهُ أَزْوَاجًا

৯- وَجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا

১০- وَجَعَلْنَا اللَّيْلَ لِبَاسًا

১১- وَجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا

১২- وَبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا

১৩- وَجَعَلْنَا سِرَاجًا وَهَّاجًا

১৪- وَأَنْزَلْنَا مِنَ الْمُعْصِرَاتِ مَاءً

ثَجَّاجًا

১৫- لِنَخْرِجَ بِهِ حَبًّا وَنَبَاتًا

১৬- وَجَنَّاتٍ أَلْفَافًا

- ২৭- ءَأَنْتُمْ أَشَدُّ خَلْقًا
 أَمِ السَّمَاءُ بَنَاهَا ○
- ২৮- رَفَعَ سَمَكَهَا فَسَوَّيَهَا ○
- ২৯- وَأَغْطَشَ لَيْلَهَا
 وَأَخْرَجَ ضُحَاهَا ○
- ৩০- وَالْأَرْضَ بَعْدَ ذَلِكَ دَحَاهَا ○
- ৩১- أَخْرَجَ مِنْهَا مَاءَهَا وَمَرْعَاهَا ○
- ৩২- وَالْجِبَالَ أَرْسَاهَا ○
- ৩৩- مَتَاعًا لَكُمْ وَلِأَنْعَامِكُمْ ○
- ২৪- فَلْيَنْظُرِ الْإِنْسَانُ إِلَى طَعَامِهِ ○
- ২৫- إِنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا ○
- ২৬- ثُمَّ شَقَقْنَا الْأَرْضَ شَقًّا ○
- ২৭- فَأَنْبَتْنَا فِيهَا حَبًّا ○
- ২৮- وَعَيْنًا وَقَضْبًا ○
- ২৯- وَزَيْتُونًا وَنَخْلًا ○
- ৩০- وَحَدَائِقَ غُلْبًا ○
- ৩১- وَفَاكِهَةً وَأَبًّا ○
- ৩২- مَتَاعًا لَكُمْ وَلِأَنْعَامِكُمْ ○

দ্বিতীয়

মানুষ ও

সূরা বাকারা, ২ : ২১, ২২, ৩০

২১. হে মানুষ! তোমরা ইবাদত কর তোমাদের রবের, যিনি সৃষ্টি করেছেন তোমাদের এবং তোমাদের পূর্ব-বর্তীদের, যাতে তোমরা মুত্তাকী হতে পার!

২২. তিনিই করেছেন তোমাদের জন্য যমীনকে বিছানা এবং আসমানকে ছাদ এবং তিনি বর্ষণ করেন আসমান থেকে পানি, আর তিনি উৎপন্ন করেন তা দিয়ে ফলমূল তোমাদের রিযিকের জন্য। অতএব তোমরা আল্লাহর সমকক্ষ দাঁড় করিও না জেনেশোনে।

৩০. আর স্মরণ কর, বলেছিলেন তোমার রব ফিরিশতাদের : আমি তো সৃষ্টি করতে যাচ্ছি পৃথিবীতে প্রতিনিধি। তারা বলেছিল : আপনি কি সৃষ্টি করবেন সেখানে এমন কাউকে যে ফাসাদ সৃষ্টি করবে সেথায় এবং রক্তপাত করবে ? অথচ আমরাই আপনার সপ্রশংস তাসবীহ পাঠ করছি ও পবিত্রতা ঘোষণা করছি। আল্লাহ বললেন : নিশ্চয় আমি জানি, যা তোমরা জান না।

সূরা আলে ইমরান, ৩ : ৪৫, ৪৬, ৪৭, ৫৯

৪৫. স্মরণ কর, যখন ফিরিশতাগণ বললেন : হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ সুসংবাদ দিচ্ছেন তোমাকে তাঁর তরফ থেকে

একটি কালেমার, তার নাম মাসীহু ঈসা ইব্ন মারইয়াম। সে সম্মানিত দুনিয়া ও আখিরাতে এবং সে নৈকট্যপ্রাপ্তদের অন্যতম।

৪৬. সে কথা বলবে মানুষের সাথে দোলনায় থাকাবস্থায় এবং প্রাপ্তবয়সেও আর সে হবে নেককারদের শামিল।

৪৭. মারইয়াম বলল : হে আমার রব! কেমন করে আমার সন্তান হবে, অথচ স্পর্শ করেনি আমাকে কোন মানুষ! আল্লাহ বললেন : এভাবেই, আল্লাহ সৃষ্টি করেন যা ইচ্ছা করেন। তিনি যখন কোন কাজ করতে চান, তখন তার উদ্দেশ্যে বলেন : হও, অমনি তা হয়ে যায়।

৫৯. নিশ্চয় আল্লাহর কাছে ঈসার দৃষ্টান্ত আদমের দৃষ্টান্তের মত। তিনি সৃষ্টি করেছেন আদমকে মাটি থেকে তারপর তিনি তার জন্য বললেন : হও, ফলে সে হয়ে গেল।

সূরা নিসা, ৪ : ১

১. হে মানুষ! তোমরা ভয় কর তোমাদের রবকে, যিনি সৃষ্টি করেছেন তোমাদের এক ব্যক্তি থেকে এবং তিনি সৃষ্টি করেছেন তাদের উভয় থেকে অনেক নর-নারী। তোমরা ভয় কর আল্লাহকে, যার নামে তোমরা একে অপরের কাছে চাও এবং সতর্ক থাক আত্মীয়তার বন্ধন সম্পর্কে। নিশ্চয় আল্লাহ তোমাদের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখেন।

সূরা আন'আম, ৬ : ২

২. আল্লাহই সৃষ্টি করেছেন তোমাদের মাটি থেকে, তারপর তিনি নির্দিষ্ট করেছেন একটি নির্ধারিত সময়, এ

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৪৯

اسْمُهُ الْمَسِيحُ عِيسَى ابْنُ مَرْيَمَ
وَجِيهًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ
وَمِنَ الْمُقَرَّبِينَ ○

৪৬- وَيَكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا
وَمِنَ الصَّالِحِينَ ○

৪৭- قَالَتْ رَبِّ اِنِّي يَكُوْنُ لِي وَلَدٌ
وَلَمْ يَمَسِّنِي بَشَرٌ
قَالَ كَذَلِكَ اللهُ يَخْلُقُ مَا يَشَاءُ
اِذَا قَضَىٰ اَمْرًا
فَاِنَّمَا يَقُولُ لَهُ كُنْ فَيَكُوْنُ ○

৫৯- اِنَّ مَثَلَ عِيسَىٰ عِنْدَ اللهِ
كَمَثَلِ اٰدَمَ ۚ خَلَقَهُ مِنْ تُرَابٍ
ثُمَّ قَالَ لَهُ كُنْ فَيَكُوْنُ ○

১- يٰۤاَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ
الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَّاحِدَةٍ
وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا
رِجَالًا كَثِيْرًا وَنِسَاءً
وَاتَّقُوا اللهَ الَّذِي تَسَاءَلُوْنَ بِهِ
وَالْاَرْحَامَ
اِنَّ اللهَ كَانَ عَلَيْكُمْ رَقِيْبًا ○

২- هُوَ الَّذِي خَلَقَكُمْ مِنْ طِيْنٍ
ثُمَّ قَضٰى اَجَلًا

হাড়াও তাঁর কাছে আছে একটি নির্ধারিত সময়। এতদসত্ত্বেও তোমরা সন্দেহ কর।

সূরা আ'রাফ, ৭ : ১১, ১২, ১৮৯

১১. আর আমিই তোমাদের সৃষ্টি করি, তারপর আমি তোমাদের আকৃতি দান করি, পরে আমি ফিরিশ্বতাদের বলি : সিজ্জাদা কর আদমকে। তখন সিজ্জাদা করল সকলেই, ইবলীস ছাড়া। সে সিজ্জাদাকারীদের অন্তর্ভুক্ত ছিল না।

১২. আল্লাহ বললেন : আমি যখন তোমাকে আদেশ দিলাম, তখন কী তোমাকে মানা করল যে, তুমি সিজ্জাদা করলে না? সে বলল : আমি তার চাইতে শ্রেষ্ঠ। আপনি আমাকে সৃষ্টি করেছেন আগুন থেকে এবং তাকে সৃষ্টি করেছেন মাটি থেকে।

৭. আল্লাহ সে বায়ুকে তাদের উপর চাপিয়ে রেখেছিল একাধারে সাত রাত ও আট দিন। আর তুমি তাদেরকে সেথায় দেখতে পেতে, যেন তারা খেজুর গাছের কাণ্ডের ন্যায় বিক্ষিপ্তভাবে ভূপাতিত হয়ে রয়েছে।

বিষয়ভিত্তিক আয়াত (২য় খণ্ড)—৫৯

بَلْ هُوَ كَذَّابٌ أَشِرُّ

২৬- سَيَعْلَمُونَ غَدًا مِّنَ الْكَذَّابِ الْأَشِرِّ

২৭- إِنَّا مُرْسِلُوا النَّاقَةِ فِتْنَةً لَهُمْ
فَارْتَقِبْهُمْ وَاصْطَبِرْ

২৮- وَنَبِّئُهُمْ أَنَّ الْمَاءَ قِسْمَةٌ بَيْنَهُمْ
كُلُّ شَرِبٍ مَّحْضَرٌ

২৯- فَنَادُوا صَاحِبَهُمْ فَتَعَاطَى فَعَقَرَ

৩০- فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذْرٍ

৩১- إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَاحِدَةً
فَكَانُوا كَهَشِيمِ الْمُحْتَظِرِ

৪- كَذَّبَتْ ثَمُودُ وَعَادٌ بِالْقَارِعَةِ

৫- فَاَمَّا ثَمُودُ فَاهْلِكُوا بِالطَّاغِيَةِ

৬- وَاَمَّا عَادٌ فَاهْلِكُوا بِرِيحٍ
صَّرَصَ عَلَيْهِ

৭- سَخَّرَهَا عَلَيْهِمْ سَبْعَ لَيَالٍ وَثَمَنِيَةً

أَيَّامٍ ۚ خُسُوفًا ۖ فَتَرَى الْقَوْمَ فِيهَا صَرْعَى

كَانَهُمْ أَعْجَازُ نَخْلٍ خَاوِيَةٍ

৮. সুতরাং তুমি তাদের কোন অস্তিত্ব দেখতে পাও কি ?

৮- فَهَلْ تَرَى لَهُمْ مِنْ بَاقِيَةٍ ○

কাওমে লূত

সূরা শু'আরা, ২৬ : ১৬০, ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ১৬৫, ১৬৬, ১৬৭, ১৬৮, ১৬৯, ১৭০, ১৭১, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৫,

১৬০. কাওমে লূত অস্বীকার করেছিল রাসূলদের ।

১৬১. স্মরণ করুন, তাদের বলেছিল তাদের ভাই লূত : তোমরা কি সাবধান হবে না ?

১৬২. আমি তো তোমাদের জন্য একজন বিষ্ণু রাসূল ।

১৬৩. অতএব তোমরা ভয় কর আল্লাহকে এবং আনুগত্য কর আমার ।

১৬৪. আর আমি চাই না তোমাদের কাছে এর জন্য কোন বিনিময় । আমার বিনিময় তো রাসূল আ'লামীনের কাছে ।

১৬৫. সারা জাহানের মানুষের মধ্যে তোমরা কি পুরুষদের সাথে উপগত হও ?

১৬৬. আর তোমরা বর্জন করছ তোমাদের রব তোমাদের জন্য যে স্ত্রীলোকদের সৃষ্টি করেছেন তাদের ? বরং তোমরা তো সীমালংঘনকারী সম্প্রদায় ।

১৬৭. তারা বলল : হে লূত! তুমি যদি বিরত না হও, তবে অবশ্যই তুমি বহিষ্কৃত হবে ।

১৬৮. লূত বলল : আমি তোমাদের একাজকে অত্যন্ত ঘৃণা করি!

১৬৯. হে আমার রব! আমাকে ও আমার পরিবারবর্গকে তারা যা করে, তা থেকে রক্ষা কর ।

১৭০. তারপর আমি রক্ষা করলাম তাকে ও তার পরিবারের সবাইকে-

১৬০- كَذَّبَتْ قَوْمُ لُوطٍ الْمُرْسَلِينَ ○

১৬১- إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ لُوطُ أَلَا تَتَّقُونَ ○

১৬২- إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ○

১৬৩- فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُوا ○

১৬৪- وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ○

إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى رَبِّ الْعَالَمِينَ ○

১৬৫- أَتَأْتُونَ الذَّكَرَانَ مِنَ الْعَالَمِينَ ○

১৬৬- وَتَذَرُونَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ

مِنْ أَنْفُسِكُمْ أَنْتُمْ قَوْمٌ عَادُونَ ○

১৬৭- قَالُوا لَيْنَ لَمْ تَنْتَهُ يَلُوطُ

لَتَكُونَنَّ مِنَ الْمُخْرَجِينَ ○

১৬৮- قَالَ إِنِّي لِعَمَلِكُمْ مِنَ الْقَالِينَ ○

১৬৯- رَبِّ نَجِّنِي وَاهْلِي مِمَّا يَعْمَلُونَ ○

১৭০- فَنَجَّيْنَاهُ وَاهْلَهُ أَجْمَعِينَ ○

১৭১. এক বুড়ি ছাড়া, সে ছিল আযাবে নিঃপতিত লোকদের শামিল।
১৭২. তারপর আমি অপর সকলকে ধ্বংস করে দিলাম।
১৭৩. তাদের উপর এক বিশেষ বৃষ্টি বর্ষণ করলাম, ভীতি প্রদর্শিতদের জন্য এ বৃষ্টি ছিল অতি নিকৃষ্ট।
১৭৪. অবশ্যই এতে রয়েছে নিশ্চিত নিদর্শন। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।
১৭৫. আর নিশ্চয় আপনার রব, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।
- সূরা কামার, ৫৪ : ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯
৩৩. লূতের কাওম ও সতর্ককারীদের অস্বীকার করেছিল।
৩৪. আমি তো তাদের উপর প্রেরণ করেছিলাম প্রস্তর বর্ষণকারী প্রচণ্ড ঝড়িকা, কিন্তু লূত পরিবারের উপর নয়। আমি তাদেরকে রাতের শেষভাগে রক্ষা করেছিলাম।
৩৫. আমার তরফ থেকে বিশেষ অনুগ্রহস্বরূপ। এভাবেই আমি পুরস্কৃত করি তাকে, যে শোকর করে।
৩৬. আর লূত তো তাদেরকে আমার পাকড়াও করার ভয় দেখিয়েছিল। কিন্তু তারা ভীতি প্রদর্শন সম্বন্ধে বিতণ্ডা করেছিল।
৩৭. তারা তো লূতের কাছ থেকে তার মেহমানদের নিয়ে যেতে চাইল, তখন আমি তাদের চোখ নষ্ট করে দিলাম এবং বললাম : আত্মদান কর আমার আযাব এবং আমার সতর্কবাণীর মজা।

○ ۱۷۱- إِلَّا عَجُوزًا فِي الْغَدِيرَيْنِ

○ ۱۷۲- ثُمَّ دَمَرْنَا الْآخَرِينَ

○ ۱۷৩- وَ أَمْطَرْنَا عَلَيْهِمْ مَطَرًا

○ ۱۷৪- فَسَاءَ مَطَرُ الْمُنْذَرِينَ

○ ۱۷৫- إِنَّ فِي ذَلِكَ لَآيَةً

○ وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُؤْمِنِينَ

○ ۱۷৬- وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ

○ ۳۳- كَذَّبَتْ قَوْمُ لُوطٍ بِالَّذِي

○ ۳৪- إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ حَاصِبًا إِلَّا آلَ لُوطٍ

○ نَجَّيْنَاهُمْ بِسَحَرٍ

○ ۳৫- نِعْمَةً مِّنْ عِنْدِنَا

○ كَذَلِكَ نَجْزِي مَنْ شَكَرَ

○ ৳৬- وَلَقَدْ أَنْذَرَهُمْ بَطْشَتَنَا

○ فَتَكَارَوْا بِاللَّذِي

○ ৳৭- وَلَقَدْ رَاوَدُوهُ عَنْ ضَيْفِهِ فَطَسَنَّا

○ أَعْيُنَهُمْ فَذُوقُوا عَذَابِي وَنُذْرٍ

৩৮. আর অতি ভোরে তাদের উপর আঘাত হানল বিরামহীন শাস্তি।
৩৯. বলা হল : আশ্বাদন কর আমার আযাব এবং আমার সতর্কবাণীর মজা।

۳۸- وَلَقَدْ صَبَّحَهُم
بُكْرَةً عَذَابٌ مُسْتَقَرٌّ

۳۹- فَذُوقُوا عَذَابِي وَنُذْرٍ

আয়কাবাসী

সূরা শু'আরা, ২৬ : ১৭৬, ১৭৭, ১৭৮,
১৭৯, ১৮০, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪,
১৮৫, ১৮৬, ১৮৭, ১৮৮, ১৮৯, ১৯০,
১৯১

১৭৬. আয়কাবাসীরা রাসূলগণকে অস্বীকার করেছিল,
১৭৭. স্মরণ করুন, যখন তাদের শু'আইব বলেছিল : তোমরা কি সাবধান হবে না?
১৭৮. নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।
১৭৯. অতএব তোমরা ভয় কর আল্লাহকে এবং আনুগত্য কর আমার।
১৮০. আর আমি চাই না এর জন্য তোমাদের কাছে কোন বিনিময়, আমার বিনিময় তো রাব্বুল আলামীনের কাছে।
১৮১. তোমরা মাপে পূর্ণমাত্রায় দিবে, আর যারা মাপে কম দেয় তাদের অন্তর্ভুক্ত হবে না।
১৮২. এবং ওয়ন করবে সঠিক দাঁড়িপাল্লায়।
১৮৩. আর মানুষকে তাদের প্রাপ্য দ্রব্যাদি কম দিবে না এবং পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে বেড়াবে না।
১৮৪. আর ভয় কর তাঁকে, যিনি সৃষ্টি করেছেন তোমাদের এবং তোমাদের পূর্ববর্তীদের জনগোষ্ঠিকে।
১৮৫. তারা বলল : তুমি তো যাদুগ্রন্থদের একজন,

۱۷۶- كَذَّبَ أَصْحَابُ الْمِرْثَلِ

۱۷۷- إِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ أَلَا تَتَّقُونَ

۱۷۸- إِيَّايَ لَكُمْ رَسُولٌ أَمِينٌ

۱۷۹- فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُوا

۱۸۰- وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ

۱۸۱- إِنْ أَجْرِي إِلَّا عَلَى رَبِّ الْعَالَمِينَ

۱۸۱- أَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُونُوا مِنَ

الْمُخْسِرِينَ

۱۸۲- وَزِنُوا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيمِ

۱۸۳- وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ

وَلَا تَعْتُوا فِي الْأَرْضِ مُفْسِدِينَ

۱۸৪- وَاتَّقُوا اللَّهَ الَّذِي خَلَقَكُمْ

وَالْجِبِلَّةَ الْأَوَّلِينَ

۱۸৫- قَالُوا إِنَّمَا أَنْتَ مِنَ الْمُسَحَّرِينَ

১৮৬. আর তুমি তো আমাদের মত মানুষ ছাড়া আর কিছু নও এবং আমরা মনে করি অবশ্যই তুমি মিথ্যাবাদীদের একজন।
১৮৭. অতএব আসমানের কোন একখণ্ড আমাদের উপর ফেলে দাও, যদি তুমি সত্যবাদী হও।
১৮৮. ও'আইব বলল : তোমরা যা কর, আমার রব তা খুবই ভাল জানেন।
১৮৯. তারপর তারা তাকে অস্বীকার করল, ফলে তাদের পাকড়াও করল মেঘাচ্ছন্ন দিনের আযাব। অবশ্য তা ছিল এক মহাদিবসের আযাব।
১৯০. অবশ্যই এতে রয়েছে নিশ্চিত নিদর্শন, কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।
১৯১. আর অবশ্যই আপনার রব, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।

১৮৬- وَمَا أَنْتَ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا
وَإِنْ تُظُنُّكَ لَيِّنَ الْكَاذِبِينَ

১৮৭- فَاسْقِطْ عَلَيْنَا كِسْفًا مِّنَ السَّمَاءِ
إِنْ كُنْتَ مِنَ الصَّادِقِينَ

১৮৮- قَالَ رَبِّيَّ أَعْلَمُ بِمَا تَعْمَلُونَ

১৮৯- فَكَذَّبُوهُ فَأَخَذَهُمْ عَذَابُ يَوْمِ
الظُّلَّةِ إِنَّهُ كَانَ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ
১৯০- إِنْ فِي ذَلِكَ لَآيَةٌ
وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُّؤْمِنِينَ

১৯১- وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ

রাণী বিল্কীস

- সূরা নাম্বল, ২৭ : ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪
২০. আর সুলায়মান পাখীদের খোঁজ-খবর নিল এবং বলল : ব্যাপার কি, হৃদহৃদকে দেখছি না কেন ? না কি সে গায়েব হলো ?
২১. অবশ্যই আমি তাকে কঠিন শাস্তি দিব, অথবা তাকে যবাই করব বা সে আমার কাছে উপযুক্ত কারণ পেশ করবে।
২২. একটু পরই হৃদহৃদ এসে বলল : এমন বিষয় আমি অবগত হয়েছি, যা আপনি অবগত নন এবং আমি আপনার কাছে

২০- وَتَقَفَّذَ الطَّيْرَ فَقَالَ مَا لِيَ لَا أَرَى
الْهُدُودَ أَأَمْرًا كَانَ مِنَ الْغَائِبِينَ

২১- لَأَعَذِّبَنَّكَ عَذَابًا شَدِيدًا أَوْ لَا أَذْجِبَنَّكَ
أَوْ لِيَأْتِيَنِّي بِسُلْطَنِ مُّبِينٍ

২২- فَمَكَثَ غَيْرَ بَعِيدٍ فَقَالَ
أَحْطْتُ بِمَا لَمْ تَحْطُ بِهِ

সাবা থেকে নিশ্চিত সংবাদ নিয়ে এসেছি।

২৩. আমি তো একজন স্ত্রীলোককে তাদের উপর রাজত্ব করতে দেখেছি এবং তাকে দেয়া হয়েছে সব কিছু, আর তার আছে এক বিরাট সিংহাসন।

২৪. আমি তাকে ও তার কাওমকে দেখেছি, তারা আল্লাহকে ছেড়ে সূর্যকে পূজা করছে এবং শয়তান তাদের কাজ-কর্মকে তাদের কাছে শোভন করে রেখেছে আর তাদেরকে সৎপথ থেকে বিরত রেখেছে, ফলে তারা সৎপথ পায় না,

২৫. যেন তারা আল্লাহকে সিজদা না করে, যিনি আসমান ও যমীনের সব গোপন বস্তুকে বের করে আনেন। আর তিনি জানেন, যা তোমরা গোপন কর এবং যা তোমরা প্রকাশ কর।

২৬. আল্লাহই এমন সত্তা, যিনি ছাড়া কোন উপাস্য নেই, তিনিই মহা আরশের অধিপতি।

২৭. সুলায়মান বলল : এখন আমি দেখব, তুমি কি সত্য বলছ, না তুমি মিথ্যাবাদীদের একজন ?

২৮. তুমি যাও আমার এ পত্র নিয়ে এবং তা তাদের কাছে নিক্ষেপ কর। তারপর তাদের থেকে একটু দূরে সরে থেক এবং লক্ষ্য কর তারা পরস্পর কি বলে।

২৯. সে নারী বলল : হে সভাসদবৃন্দ! আমার কাছে একটি সম্মানিত পত্র নিক্ষেপ করা হয়েছে,

৩০. এ পত্র সুলায়মানের তরফ থেকে এবং তাতে রয়েছে : “বিস্মিল্লাহির রাহমানির রাহীম”।

وَجِئْتُكَ مِنْ سَبَإٍ بِنَبَإٍ يَقِينٍ ○

২৩- إِنِّي وَجَدْتُ امْرَأَةً تَمْلِكُهُمْ وَأُوتِيَتْ مِنْ كُلِّ شَيْءٍ وَلَهَا عَرْشٌ عَظِيمٌ

২৪- وَجَدْتُهَا وَقَوْمَهَا يَسْجُدُونَ لِلشَّمْسِ مِنْ دُونِ اللَّهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ فَصَدَّاهُمْ عَنِ السَّبِيلِ فَهُمْ لَا يَهْتَدُونَ ○

২৫- أَلَا يَسْجُدُ لِلَّهِ الَّذِي يُخْرِجُ الْخَبْءَ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ وَيَعْلَمُ مَا تُخْفُونَ وَمَا تُعْلِنُونَ ○

২৬- اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ○

২৭- قَالَ سَنَنْظُرُ أَصَدَقْتَ أَمْ كُنْتَ مِنَ الْكَاذِبِينَ ○

২৮- إِذْهَبْ بِكِتَابِي هَذَا فَأَلْقِهْ إِلَيْهِمْ ثُمَّ تَوَلَّ عَنْهُمْ فَانْظُرْ مَاذَا يَرْجِعُونَ ○

২৯- قَالَتْ يَا أَيُّهَا الْمَلَأُ

إِنِّي أُلْقِيَ إِلَيْكِ كِتَابٌ كَرِيمٌ ○

৩০- إِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَإِنَّهُ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ○

৩১. তোমরা আমার মুকাবিলায় অহংকার
করো না এবং আনুগত্য স্বীকার করে
আমার কাছে চলে এসো।

৩১- أَلَا تَعْلَمُونَ عَلَىٰ
وَأَتُونِي مُسْلِمِينَ ○

৩২. সে নারী বলল : হে পারিষদবর্গ!
তোমরা আমাকে আমার এ ব্যাপারে
পরামর্শ দাও। আমি তো কোন ব্যাপারে
চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করি না, যে পর্যন্ত
না তোমরা আমার সামনে উপস্থিত
হও।

৩২- قَالَتْ يَا أَيُّهَا الْمَلَأُ أَفْتُونِي فِي أَمْرِي
مَا كُنْتُ قَاطِعَةً
أَمْرًا حَتَّى تَشْهَدُونِ ○

৩৩. তারা বলল : আমরা তো খুব শক্তিশালী
এবং যুদ্ধে খুব পারদর্শী, তবে সিদ্ধান্ত
তো আপনারই। অতএব আপনি স্থির
করুন, কি আদেশ করবেন।

৩৩- قَالُوا نَحْنُ أَوْلُوا قُوَّةً وَأَوْلُوا
بِأَسْ شَدِيدٍ وَالْأَمْرُ إِلَيْكِ
فَانظُرِي مَاذَا تَأْمُرِينَ ○

৩৪. সে বলল : রাজা-বাদশারা যখন কোন
জনপদে প্রবেশ করে, তখন তারা
জনপদকে ধ্বংস করে দেয় এবং
সেখানকার সম্মানিত অধিবাসীদের
অপদস্থ করে আর এরাও এরূপই
করবে।

৩৪- قَالَتْ إِنَّ الْمُلُوكَ إِذَا دَخَلُوا قَرْيَةً
أَفْسَدُوهَا وَجَعَلُوا أَعْرَظَ أَهْلِهَا آذِلَّةً
وَكَذَلِكَ يَفْعَلُونَ ○

৩৫. এখন আমি তাদের কাছে কিছু
উপঢৌকন পাঠাচ্ছি, তারপর দেখব
দূতেরা সেখান থেকে কি উত্তর নিয়ে
আসে।

৩৫- وَإِنِّي مُرْسِلَةٌ إِلَيْهِمْ بِهَدِيَّةٍ
فَنَنْظُرُهُمْ يَوْمَ يَرْجِعُ الْمُرْسَلُونَ ○

৩৬. যখন দূত সুলায়মানের কাছে উপস্থিত
হলো, তখন সে বলল : তোমরা কি
অর্থ সম্পদ দিয়ে আমাকে সাহায্য
করতে চাও? অথচ আল্লাহ আমাকে
যা দিয়েছেন তা তোমাদের যা
দিয়েছেন তার চাইতে উত্তম। বরং
তোমরা তোমাদের উপঢৌকন নিয়ে
খুশী থাক।

৩৬- فَلَمَّا جَاءَ سُلَيْمَانَ
قَالَ أَتُمِدُّوُنِي بِبَالٍ
فَمَا آتَىٰ اللَّهُ خَيْرٌ مِّمَّا آتَاكُمْ
بَلْ أَنْتُمْ بِهَدِيَّتِكُمْ تَفْرَحُونَ ○

৩৭. ফিরে যাও তাদের কাছে, আমি অবশ্যই
তাদের বিরুদ্ধে এমন এক সেনাবাহিনী
নিয়ে আসব, যার মুকাবিলা করার
ক্ষমতা তাদের নেই। আর আমি

৩৭- ارْجِعْ إِلَيْهِمْ فَلَنَأْتِيَنَّهُمْ
بِجُنُودٍ لَّا قِبَلَ لَهُمْ بِهَا وَلَنُخْرِجَنَّهُمْ مِّنْهَا

অবশ্যই তাদের সেখান থেকে অপদস্থ করে বের করে দিব এবং তারা হয়ে পড়বে অধীন।

৩৮. সুলায়মান আরো বলল : হে সভাসদবৃন্দ! তোমাদের মাঝে এমন কে আছে, যে তার সিংহাসনটি আমার কাছে নিয়ে আসবে তারা আত্মসমর্পণ করে আমার কাছে আসার আগে ?

৩৯. মহাবলিষ্ঠ এক জিন্ বলল : আমি তা আপনার কাছে এনে দিব, আপনি আপনার আসন ত্যাগ করার পূর্বেই এবং একাজ করতে আমি অবশ্যই ক্ষমতাবান, বিশ্বস্ত।

৪০. যার মাঝে কিতাবের জ্ঞান ছিল, সে বলল : আমি তা আপনার কাছে এনে দিব, আপনার চোখের পলক ফেলার আগেই। তারপর সুলায়মান যখন তা তার সামনে রক্ষিত অবস্থায় দেখল, তখন বলল : এতো আমার রবের একটি অনুগ্রহ, যাতে তিনি আমাকে পরীক্ষা করেন যে, আমি শোক্র করি, না না-শোক্রী করি। আর যে শোক্র করে, সে তো শোক্র করে নিজের কল্যাণের জন্য। আর যে না-শোক্রী করে, সে জেনে রাখুক, নিশ্চয় আমার রব অভাবমুক্ত, মহিমাময়।

৪১. সুলায়মান বলল : তার জন্য তার সিংহাসনের আকার-আকৃতি বদলিয়ে দাও, দেখি সে চিনতে পারে, নাকি যারা চিনতে পারে না তাদের শামিল হয় ?

৪২. তারপর যখন সে আসল ; তখন তাকে জিজ্ঞেস করা হল : এক্ষপই কি তোমার সিংহাসন ? সে বলল : হ্যাঁ, মনে হয় এটিই সেটি। আর আমরা তো পূর্বেই

أَزَلَّةٌ وَهُمْ صُغُرُونَ ○

৩৮- قَالَ يَا أَيُّهَا الْمَلَأُ أَيُّكُمْ يَأْتِينِي بِعَرْشِهَا قَبْلَ أَنْ يَأْتُونِي مُسْلِمِينَ ○

৩৯- قَالَ عِفْرِيتٌ مِنَ الْجِنِّ أَنَا آتِيكَ بِهِ قَبْلَ أَنْ تَقُومَ مِنْ مَقَامِكَ، وَإِنِّي عَلَيْهِ لَقَوِيٌّ أَمِينٌ ○

৪০- قَالَ الَّذِي عِنْدَهُ عِلْمٌ مِنَ الْكِتَابِ أَنَا آتِيكَ بِهِ قَبْلَ أَنْ يَرْتَدَّ إِلَيْكَ طَرْفُكَ، فَلَمَّا رَآهُ مُسْتَقِرًّا عِنْدَهُ قَالَ هَذَا مِنْ فَضْلِ رَبِّي لِيَبْلُوَنِي ءَأَشْكُرُ أَمْ أَكْفُرُ، وَمَنْ شَكَرَ فَإِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهِ، وَمَنْ كَفَرَ فَإِنَّ رَبِّي غَنِيٌّ كَرِيمٌ ○

৪১- قَالَ تَبَكَّرُوا لَهَا عَرْشَهَا نَنْظُرْ أَتَهْتَدُونَ ○

৪২- فَلَمَّا جَاءَتْ قِيلَ أَهَكَذَا عَرْشُكَ، قَالَتْ كَأَنَّهُ هُوَ، وَأُوتِينَا الْعِلْمَ

সব কিছু জেনে গেছি এবং আমরা
আত্মসমর্পণও করেছি।

৪৩. আর আল্লাহ্ ছাড়া যার পূজা সে করত,
তাই তাকে ঈমান আনা থেকে বিরত
রেখেছিল। অতএব সে ছিল কাফির
কাওমের শামিল।

৪৪. তাকে বলা হল : এ প্রাসাদে প্রবেশ
কর। যখন সে তা দেখল, তখন সে
তাকে একটা স্বচ্ছ গভীর জলাশয় মনে
করল এবং সে তার পায়ের উভয় গোছা
খুলে ফেলল। সুলায়মান বলল : এটা
তো একটা প্রাসাদ, যা স্বচ্ছ স্ফটিকে
নির্মিত। বিল্কীস বলল : হে আমার
রব! আমি তো আমার নিজের প্রতি
যুলুম করেছি। আর আমি সুলায়মানের
সাথে রাক্সুল আ'লামীনের কাছে
আত্মসমর্পণ করলাম।

○ مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِينَ

৪৩- وَصَدَّهَا مَا كَانَتْ تَعْبُدُ
مِنْ دُونِ اللَّهِ إِنَّهَا كَانَتْ
مِنْ قَوْمٍ كَافِرِينَ ○

৪৪- قِيلَ لَهَا ادْخُلِي الصَّرْحَ
فَلَمَّا رَأَتْهُ حَسِبَتْهُ
لُجَّةً وَكَشَفَتْ عَنْ سَاقَيْهَا
قَالَ إِنَّهُ صَرْحٌ مُّمَرَّدٌ مِنْ قَوَارِيرَ
قَالَتْ رَبِّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي وَأَسْلَمْتُ
مَعَ سُلَيْمَانَ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ○

দাঔতুল আরদ

সূরা নাম্বল, ২৭ : ৮২

৮২. আর যখন তাদের কাছে কিয়ামতের
ওয়াদা পূর্ণ হওয়ার সময় সমাগত হবে,
তখন আমি তাদের জন্য যমীন থেকে
একটি জীব 'দাঔতুল আরদ' বের
করব, সে তাদের সাথে কথা বলবে।
কারণ লোকেরা আমার নিদর্শনে বিশ্বাস
করত না।

৮২- وَإِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ
أَخْرَجْنَا لَهُمْ دَابَّةً مِّنَ الْأَرْضِ
تُكَلِّمُهُمْ أَنَّ النَّاسَ
كَانُوا بِآيَاتِنَا لَا يُوقِنُونَ ○

মাদইয়ানবাসী

সূরা আনকাবূত, ২৯ : ৩৬, ৩৭, ৩৮

৩৬. আর আমি মাদইয়ানবাসীদের কাছে
তাদের ভাই শু'আইবকে নবী করে
পাঠিয়েছিলাম। সে বলেছিল : হে
আমার কাওম! তোমরা ইবাদত কর
আল্লাহর এবং ভয় কর শেষ দিনকে,

৩৬- وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا
فَقَالَ يَقُومُوا عِبَادُوا اللَّهَ وَارْجُوا الْيَوْمَ
الْآخِرَ وَلَا تَعْتُوا

আর পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে বেড়িও না।

৩৭. কিন্তু তারা তাকে অস্বীকার করল, ফলে ভূমি তাদের পাকড়াও করল। আর তারা নিজ নিজ গৃহে উপুড় হয়ে পড়ে রইল।

৩৮. আর আমি আদ ও সামুদকেও ধ্বংস করেছিলাম। তাদের বাড়ীঘর থেকেই তোমাদের কাছে তা সুস্পষ্ট হয়ে গেছে। শয়তান তাদের কাজকে তাদের দৃষ্টিতে শোভন করেছিল এবং তাদের বিরত রেখেছিল সৎপথ থেকে, অথচ তারা ছিল জ্ঞানবান বিচক্ষণ লোক।

○ فِي الْأَرْضِ مُفْسِدِينَ

২৭- فَكَذَّبُوهُ فَأَخَذَتْهُمُ الرَّجْفَةُ

○ فَأَصْبَحُوا فِي دَارِهِمْ جُثَيِّينَ

৩৮- وَعَادًا وَثَوْدًا

وَقَدْ تَبَيَّنَ لَكُمْ مِنْ مَسْكِنِهِمْ تَدْرِيْنَ لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ فَصَدَّاهُمْ عَنِ السَّبِيلِ

○ وَكَانُوا مُسْتَبْصِرِينَ

রোম জাতি

সূরা রুম, ৩০ : ২, ৩, ৪, ৫

২. রোমকরা পরাজিত হয়েছে,
৩. এক নিকটবর্তী এলাকায়, কিন্তু তারা তাদের এ পরাজয়ের পর অতিসন্তর জয়লাভ করবে,
৪. তিন থেকে নয় বছরের মধ্যে। পূর্বের ও পরের ফয়সালা আল্লাহরই। আর সে দিন মু'মিনরা আনন্দিত হবে,
৫. আল্লাহর সাহায্যে, তিনি যাকে ইচ্ছা সাহায্য করেন। তিনি পরাক্রমশালী, পরম দয়ালু।

২- غَلِبَتِ الرُّومُ

৩- فِي أَدْنَى الْأَرْضِ

○ وَهُمْ مِنْ بَعْدِ غَلِبِهِمْ سَيَغْلِبُونَ

৪- فِي بَضْعِ سِنِينَ

لِلَّهِ الْأَمْرُ مِنْ قَبْلُ وَمِنْ بَعْدِ

○ وَيَوْمَئِذٍ يُفْرِغُ الْمُؤْمِنُونَ

৫- يَنْصُرُ اللَّهُ يَنْصُرُ مَنْ يَشَاءُ

○ وَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ

সাবাবাসী

সূরা সাবা, ৩৪ : ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১

১৫. সাবাবাসীদের জন্য তাদের বাসভূমিতে ছিল এক নিদর্শন দু'টি উদ্যান : একটি ডানদিকে, অপরটি বামদিকে। তাদের বলা হয়েছিল : তোমরা খাও তোমাদের

১৫- لَقَدْ كَانَ لِسَبَإٍ فِي مَسْكِنِهِمْ آيَةٌ

جَنَّاتٍ عَنْ يَمِينٍ وَشِمَالٍ

كُلُوا مِنْ رِزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوا لَهُ

রবের প্রদত্ত রিযিক এবং তাঁর শোকর আদায় কর। উত্তম এ শহর এবং পরম ক্ষমালীল রব।

১৬. পরে তারা আদেশ অমান্য করল। ফলে আমি তাদের উপর বাঁধভাঙ্গা প্লাবন প্রবাহিত করলাম এবং তাদের উদ্যানদ্বয়কে পরিবর্তন করে দিলাম, এমন দু'টি উদ্যানে যাতে রয়ে গেল বিশ্বাদযুক্ত ফলমূল, ঝাউ গাছ এবং কিছু কুল গাছ।

১৭. আমি এ শাস্তি তাদের দিয়েছিলাম, তাদের না-শোকরীর দরুণ। আর আমি এমন শাস্তি কেবল অতি অকৃতজ্ঞ লোকদের দিয়ে থাকি।

১৮. তাদের জনপদ এবং সে সব জনপদ যেথায় আমি বরকত দিয়ে রেখেছিলাম সেগুলোর মধ্যবর্তী স্থানে বহু দৃশ্যমান জনপদ আবাদ করে রেখেছিলাম এবং সে সব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করে রেখেছিলাম। তাদের বলেছিলাম : তোমরা এ সব জনপদে রাতে ও দিনে নিরাপদে ভ্রমণ কর।

১৯. কিন্তু তারা বলল : হে আমাদের রব! আমাদের সফরের পরিসর বাড়িয়ে দিন। আর তারা তো নিজেদের প্রতি যুলুম করেছিল। ফলে আমি তাদের কাহিনীতে পরিণত করে দিলাম এবং সম্পূর্ণরূপে ছিন্ন-ভিন্ন করে দিলাম। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন প্রত্যেক ধৈর্যশীল ব্যক্তির জন্য।

২০. আর ইবলীস বাস্তবিকই তাদের ব্যাপারে তার অনুমান সত্য প্রমাণ করল, ফলে মু'মিনদের একটি দল ছাড়া তাদের সবাই তার অনুসরণ করল।

بَلَدَهُ طَيِّبَةً وَ رَبُّ غَفُورٌ

১৬- فَأَعْرَضُوا فَأَرْسَلْنَا عَلَيْهِمْ سَيْلَ الْعَرِمِ وَ بَدَلْنَاهُم بِجَنَّتَيْهِمْ جَنَّتَيْنِ ذَوَاتِي أُكُلٍ خَطْبٍ وَ أَثْلٍ وَ شَيْءٍ مِّنْ سِدْرٍ قَلِيلٍ

১৭- ذَلِكَ جَزَيْنَهُمْ بِمَا كَفَرُوا وَ هَلْ نُجْزِي إِلَّا الْكَافِرَ

১৮- وَ جَعَلْنَا بَيْنَهُمْ وَ بَيْنَ الْقُرَى الَّتِي بَرَكْنَا فِيهَا قُرًى ظَاهِرَةً وَ قَدَرْنَا فِيهَا السَّيْرَ سَيْرُوا فِيهَا لَيْالِي وَ أَيَّامًا آمِنِينَ

১৯- فَقَالُوا رَبَّنَا بُعِدْ بَيْنَ أَسْفَارِنَا وَ ظَلَمُوا أَنْفُسَهُمْ وَ جَعَلْنَاهُمْ أَحَادِيثَ وَ مَرَّقْنَاهُمْ كُلَّ مَرْقٍ ۚ إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ

২০- وَ لَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ إِبْلِيسُ ظَنَّهُ فَاتَّبَعُوهُ إِلَّا فَرِيقًا مِّنَ الْمُؤْمِنِينَ

২১. আর তাদের উপর ইবলীসের কোন প্রভাব ছিল না। তবে কে আখিরাতে ঈমান রাখে এবং কে তাতে সন্দেহ পোষণ করে, তা প্রকাশ করাই ছিল আমার উদ্দেশ্য। আপনার রব সর্ববিষয়ে হিফায়তকারী।

২১- وَمَا كَانَ لَهُ عَلَيْهِمْ مِنْ سُلْطَانٍ إِلَّا لِنَعْلَمَ مَنْ يُوْمِنُ بِالْآخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِي شَكٍّ ۚ وَرَبُّكَ عَلَى كُلِّ شَيْءٍ حَفِيظٌ ۝

ফির'আওন

- সূরা মু'মিন, ৪০ : ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০

২৩. আর আমি তো পাঠিয়েছিলাম মূসাকে আমার স্পষ্ট নিদর্শন ও প্রকাশ্য প্রমাণসহ,

২৪. ফির'আওন, হামান ও কার্বনের কাছে। কিন্তু তারা বলেছিল : এ লোকটি তো যাদুকর, চরম মিথ্যাবাদী।

২৫. তারপর মূসা যখন আমার কাছ থেকে সত্যসহ তাদের কাছে গেল, তখন তারা বলল : যারা মূসার প্রতি ঈমান এনেছে তাদের পুত্রদের হত্যা কর এবং তাদের নারীদের জীবিত রেখে দাও। কিন্তু কাফিরদের চক্রান্ত তো ব্যর্থ হবারই।

২৬. আর ফির'আওন বলল : তোমরা আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করব আর সে তার রবকে ডাকুক। আমি তো আশংকা করি যে, পাছে সে তোমাদের ধর্মকে পরিবর্তন করে দেয়, কিম্বা দেশময় ফাসাদ সৃষ্টি করে।

২৭. আর মূসা বলল : আমি তো শরণাপন্ন হয়েছি আমার রবের ও তোমাদের রবের এমন সব অহংকারী লোকদের

২৩- وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا وَسُلْطَانٍ مُّبِينٍ ۝

২৪- إِلَىٰ فِرْعَوْنَ وَهَامَانَ وَكَارُونَ فَقَالُوا سِحْرٌ كَذَّابٌ ۝

২৫- فَلَمَّا جَاءَهُمْ بِالْحَقِّ مِنْ عِنْدِنَا قَالُوا اقْتُلُوا أَبْنَاءَ الَّذِينَ آمَنُوا مَعَهُ وَاسْتَحْيُوا نِسَاءَهُمْ ۚ وَمَا كَيْدُ الْكَافِرِينَ إِلَّا فِي ضَلَالٍ ۝

২৬- وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَىٰ وَلْيَدْعُ رَبَّهُ ۚ

إِنِّي أَخَافُ أَنْ يُبَدِّلَ دِينَكُمْ أَوْ أَنْ يُظْهِرَ فِي الْأَرْضِ الْفُسَادَ ۝

২৭- وَقَالَ مُوسَىٰ إِنِّي عُذْتُ بِرَبِّي وَرَبِّكُمْ مِنْ كُلِّ مُتَكَبِّرٍ

থেকে, যারা হিসাব-নিকাসের দিবসে ঈমান রাখে না।

২৮. আর ফির'আওনের বংশের এক ব্যক্তি যে মু'মিন ছিল এবং নিজের ঈমান গোপন রেখেছিল, সে বলল, তোমরা কি একজন লোককে শুধু এজন্য হত্যা করবে যে, সে বলে আমার রব আল্লাহ্। অথচ সে তো তোমাদের রবের তরফ থেকে স্পষ্ট প্রমাণ নিয়ে তোমাদের কাছে এসেছে। যদি সে মিথ্যাবাদী হয়, তবে সে তার মিথ্যার জন্য দায়ী হবে। আর যদি সে সত্যবাদী হয়, তবে তার কিছু না কিছু অবশ্যই তোমাদের উপর আপতিত হবে, যার ওয়াদা সে তোমাদের দিচ্ছে। নিশ্চয় আল্লাহ্ পথপ্রদর্শন করেন না সীমা-লংঘনকারী, অতিশয় মিথ্যাবাদীকে।

২৯. হে আমার কাওম! আজ তোমাদেরই রাজত্ব, এদেশে তোমরাই প্রবল। কিন্তু কে আমাদের সাহায্য করবে, যদি আমাদের উপর আল্লাহ্র আযাব এসে পড়ে? ফির'আওন বলল : আমি তো তোমাদের সে কথাই বলি যা আমি বুঝি, আর আমি তোমাদের কেবল মংগলের পথই দেখাই।

৩০. তারপর মু'মিন লোকটি বলল : হে আমার কাওম! আমি তোমাদের জন্য আশংকা করছি পূর্ববর্তী সম্প্রদায়সমূহের মত বিপজ্জনক দিনের,

৩১. যেমন কাওমে নূহ, আদ, সামূদ ও তাদের পূর্ববর্তীদের ক্ষেত্রে সংঘটিত হয়েছিল। আর আল্লাহ্ তো বান্দাদের প্রতি কোন যুলুম করতে চান না।

৩২. হে আমার কাওম! আমি তোমাদের জন্য আশংকা করি কিয়ামতের দিনের,

لَا يُؤْمِنُ بِيَوْمِ الْحِسَابِ

২৮- وَقَالَ رَجُلٌ مُّؤْمِنٌ مِّنْ آلِ فِرْعَوْنَ يَكْتُمُ إِيمَانَهُ أَتَقْتُلُونَ رَجُلًا أَنْ يَقُولَ رَبِّيَ اللَّهُ وَقَدْ جَاءَكُمْ بِالْبَيِّنَاتِ مِنْ رَبِّكُمْ ۚ وَإِنْ يَكْذِبْكَ فَاعْلَمِ كَذِبُكَ ۚ وَإِنْ يَكْذِبْكَ فَاعْلَمِ كَذِبُكَ ۚ وَإِنْ يَكْذِبْكَ فَاعْلَمِ كَذِبُكَ ۚ وَإِنْ يَكْذِبْكَ فَاعْلَمِ كَذِبُكَ ۚ وَإِنْ يَكْذِبْكَ فَاعْلَمِ كَذِبُكَ ۚ

২৯- يَقَوْمِ لَكُمْ الْمُلْكُ الْيَوْمَ ظَهَرْنَا فِي الْأَرْضِ ۚ

فَمَنْ يَنْصُرُنَا مِنْ بَأْسِ اللَّهِ إِنْ جَاءَنَا ۚ قَالَ فِرْعَوْنُ مَا أُرِيكُمْ إِلَّا مَا أَرَىٰ وَمَا أَهْدِيكُمْ إِلَّا سَبِيلَ الرَّشَادِ ۝

৩০- وَقَالَ الَّذِي آمَنَ يَوْمَئِذٍ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ مِثْلَ يَوْمِ الْأَحْزَابِ ۝

৩১- مِثْلَ دَابِ قَوْمِ نُوحٍ وَعَادٍ وَثَمُودَ وَالَّذِينَ مِنْ بَعْدِهِمْ ۚ وَمَا اللَّهُ يُرِيدُ ظُلْمًا لِّلْعِبَادِ ۝

৩২- وَيَقَوْمِ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ يَوْمَ التَّنَادِ ۝

৩৩. যেদিন তোমরা পেছনে ফিরে পালাবে, কিন্তু আল্লাহ্ থেকে তোমাদের রক্ষা করার কেউ থাকবে না। আর আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন, তার জন্য কোন পথপ্রদর্শক নেই।
৩৪. আর ইতিপূর্বে তোমাদের কাছে তো এসেছিল ইউসুফ স্পষ্ট নিদর্শন নিয়ে। কিন্তু সে যা নিয়ে এসেছিল, তোমরা তাতে সন্দেহপোষণ করে যাচ্ছিলে। এমনকি যখন সে মারা গেল, তখন তোমরা বলতে লাগলে : তারপরে আল্লাহ্ আর কখনো কোন রাসূল প্রেরণ করবেন না। এরূপে আল্লাহ্ ড্রাস্তির মধ্যে ফেলে রাখেন তাকে, যে সীমালংঘনকারী, সন্ধিগ্ধমনা,
৩৫. যারা আল্লাহ্র আয়াত সম্পর্কে বিতর্ক করে, তাদের কাছে কোন প্রমাণ না থাকলেও। তাদের এ কাজ আল্লাহ্ ও যারা ঈমান এনেছে, তাদের কাছে অত্যন্ত ঘৃণ্য। এরূপেই আল্লাহ্ মোহর মেরে দেন প্রত্যেক অহংকারী, স্বৈরাচারী ব্যক্তির অন্তরের উপর।
৩৬. ফির'আওন বলল : হে হামান! তুমি আমার জন্য একটি সুউচ্চ অট্টালিকা নির্মাণ কর, হয়ত আমি পেয়ে যাব অবলম্বন,
৩৭. আসমা'নে আরোহনের অবলম্বন, তারপর আমি সেখান থেকে মূসার খোদার দিকে অবশ্যই উঁকি মেরে দেখব। আর আমি তো তাকে মিথ্যাবাদীই মনে করি। আর এভাবেই ফির'আওনের কাছে তার অপকর্ম-গুলোকে শোভনীয় করা হয়েছিল এবং তাকে বিরত রাখা হয়েছিল সরল সঠিক পথ থেকে। আর ফির'আওনের চক্রান্ত তো ব্যর্থ হওয়ারই ছিল।

২২-يَوْمَ تَوَلَّوْنَ مُدْبِرِينَ
مَا لَكُمْ مِنَ اللَّهِ مِنْ عَاصِمٍ ۖ وَمَنْ
يُضِلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ۝

২৪-وَلَقَدْ جَاءَكُمْ يُوسُفُ مِنْ قَبْلُ
بِالْبَيِّنَاتِ فَمَا زِلْتُمْ فِي شَكٍّ
مِمَّا جَاءَكُمْ بِهِ ۖ

حَتَّىٰ إِذَا هَلَكَ قُلْتُمْ
لَنْ يَبْعَثَ اللَّهُ مِنْ بَعْدِهِ رَسُولًا ۚ كَذَلِكَ
يُضِلُّ اللَّهُ مَنْ هُوَ مُسْرِفٌ مُرْتَابٌ ۝

২৫-الَّذِينَ يُجَادِلُونَ فِي آيَاتِ اللَّهِ
بِغَيْرِ سُلْطَانٍ أَتَتْهُمْ كُتُبٌ مُقَاتِلًا
عِنْدَ اللَّهِ وَعِنْدَ الَّذِينَ آمَنُوا ۚ
كَذَلِكَ يَطْبَعُ اللَّهُ عَلَىٰ كُلِّ قَلْبٍ
مُتَكَبِّرٍ جَبَّارٍ ۝

২৬-وَقَالَ فِرْعَوْنُ يَهَأْأَمْنُ ابْنِي لِي
صَرْحًا لَعَلِّي أَبْلُغُ الْأَسْبَابَ ۝

২৭-أَسْبَابَ السَّمَوَاتِ

فَاطْلِعْ إِلَىٰ إِلَهِ مُوسَىٰ
وَإِنِّي لَأَظُنُّهُ كَاذِبًا ۚ
وَكَذَلِكَ زُيِّنَ لِفِرْعَوْنَ سُوءُ عَمَلِهِ
وَصَدَّ عَنِ السَّبِيلِ ۚ
وَمَا كَيْدُ فِرْعَوْنَ إِلَّا فِي تَبَابٍ ۝

৩৮. আর সে মু'মিন ব্যক্তিটি বলল : হে আমার কাওম! তোমরা আমার অনুসরণ কর, আমি তোমাদের সরল সঠিক পথে পরিচালিত করব।

৩৯. হে আমার কাওম! এ পার্থিব জীবন তো অল্প দিনের উপভোগ মাত্র, আর আখিরাতই হচ্ছে অনন্তকাল অবস্থানের জায়গা।

৪০. যে ব্যক্তি মন্দ কাজ করবে, সে কেবল অনুরূপ প্রতিফল পাবে। আর যে ব্যক্তি নেককাজ করবে, সে পুরুষ হোক বা নারী, যদি সে মু'মিন হয়, তবে এরূপ লোকেরাই জান্নাতে প্রবেশ করবে। তাদের সেখানে দেয়া হবে বে-হিসাব রিযিক।

৪১. হে আমার কাওম! এ কেমন কথা যে, আমি তোমাদের মুক্তির পথে আহ্বান করছি, আর তোমরা আমাকে জাহান্নামের দিকে ডাকছ!

৪২. তোমরা আমাকে ডাকছ যেন আমি আল্লাহর সাথে কুফরী করি এবং এমন বস্তুকে তাঁর শরীক করি, যার সম্পর্কে আমার কাছে কোন জ্ঞান নেই। আর আমি তোমাদের ডাকছি প্রবল পরাক্রম-শালী, পরম ক্ষমাশীল আল্লাহর দিকে।

৪৩. নিঃসন্দেহে তোমরা আমাকে যার দিকে ডাকছ দুনিয়া ও আখিরাতে কোথাও সে দাওয়াতের যোগ্য নয়। নিশ্চয় আমাদের সবাইকে আল্লাহর কাছে ফিরে যেতে হবে। আর সীমালংঘনকারীরা অবশ্যই দোষখবাসী হবে।

৪৪. অতএব আমি তোমাদের যা বলছি, ভবিষ্যতে তোমরা তা স্বরণ করবে এবং

২৮- وَقَالَ الَّذِي آمَنَ يٰقَوْمِ
تَّبِعُونِ اهْدِيْكُمْ سَبِيْلَ الرَّشَادِ ۝

২৯- يٰقَوْمِ اِنَّمَا هٰذِهِ الدُّنْيَا مَتَاعٌ
وَ اِنَّ الْاٰخِرَةَ هِيَ دَارُ الْقَرَارِ ۝

৪০- مَنْ عَمِلَ سَيِّئَةً فَلَا يُجْزَى اِلَّا مِثْلَهَا
وَمَنْ عَمِلَ صَالِحًا
مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ
فَاُولٰٓئِكَ يَدْخُلُوْنَ الْجَنَّةَ
يُرْزَقُوْنَ فِيْهَا بِغَيْرِ حِسَابٍ ۝

৪১- وَيٰقَوْمِ مَا لِيَ اَدْعُوْكُمْ اِلَى النَّجْوٰى
وَتَدْعُوْنِىْ اِلَى النَّارِ ۝

৪২- تَدْعُوْنِىْ اِلٰى كُفْرٍ بِاللّٰهِ وَ
اَشْرَكَ بِهِ مَا لَيْسَ لِيْ بِهِ عِلْمٌ
وَ اَنَا اَدْعُوْكُمْ اِلَى
الْعَزِيْزِ الْغَفَّارِ ۝

৪৩- لَا جَرَمَ اِنَّمَا تَدْعُوْنِىْ اِلَيْهِ
لَيْسَ لَهُ دَعْوَةٌ فِى الدُّنْيَا
وَلَا فِى الْاٰخِرَةِ وَاَنْ مَّرَدُّنَا اِلَى اللّٰهِ
وَ اَنْ الْمُسْرِفِيْنَ هُمْ اَصْحَابُ النَّارِ ۝

৪৪- فَسَتَذْكُرُوْنَ مَا اَقُوْلُ لَكُمْ ۝

আমি আমার ব্যাপার আল্লাহর উপর সোপর্দ করছি। নিশ্চয় আল্লাহ তাঁর বান্দাদের ব্যাপারে সবিশেষ দৃষ্টি রাখেন।

৪৫. তারপর আল্লাহ তাকে রক্ষা করলেন তাদের চক্রান্তের অনিষ্ট থেকে, আর ফির'আওনের লোকদেরকে পরিবেষ্টন করল কঠিন আযাব।

৪৬. তাদেরকে সকালে ও সন্ধ্যায় উপস্থিত করা হয় আগুনের সামনে আর যেদিন কিয়ামত অনুষ্ঠিত হবে সেদিন বলা হবে : ফির'আওনের লোকদেরকে দাখিল কর কঠিন আযাবে।

৪৭. স্মরণ কর, যখন তারা দোযখে পরস্পর ঝগড়া করবে, তখন নিচুস্তরের লোকেরা উঁচুস্তরের লোকদের বলবে : আমরা তো তোমাদেরই অনুসারী ছিলাম, এখন তোমরা আমাদের থেকে দোযখের আগুনের কিছু অংশ দূর করতে পার কি?

৪৮. উঁচুস্তরের লোকেরা বলবে : আমরা তো সবাই দোযখে আছি। নিশ্চয় আল্লাহ তো তাঁর বান্দাদের মাঝে ফয়সালা করে দিয়েছেন।

৪৯. যারা দোযখে থাকবে, তারা দোযখের প্রহরীদের বলবে : তোমরা তোমাদের রবের কাছে প্রার্থনা কর, যেন তিনি আমাদের থেকে একদিনের আযাব কমিয়ে দেন।

৫০. তারা বলবে : তোমাদের কাছে কি স্পষ্ট নিদর্শন নিয়ে তোমাদের রাসূলগণ আসতেন না? তারা বলবে : হ্যাঁ, অবশ্যই আসতেন। তখন প্রহরীরা বলবে : তবে এখন তোমরাই প্রার্থনা কর। আর কাফিরদের প্রার্থনা তো একেবারেই নিষ্ফল।

وَأَفْوُضْ أَمْرِي إِلَى اللَّهِ
إِنَّ اللَّهَ بِصِغِيرِ الْعِبَادِ

৫৫-فَوَقَّعَهُ اللَّهُ سَيِّئَاتِ مَا مَكَرُوا
وَحَاقَ بِآلِ فِرْعَوْنَ سُوءُ الْعَذَابِ

৫৬-النَّارُ يُعْرَضُونَ عَلَيْهَا
غُدُوًّا وَعَشِيًّا وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ
أَدْخِلُوا آلَ فِرْعَوْنَ أَشَدَّ الْعَذَابِ

৫৭-وَ إِذِ يَتَحَاوُونَ فِي النَّارِ
فَيَقُولُ الضُّعَفَاءُ لِلَّذِينَ اسْتَكْبَرُوا
إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ
مُعْنُونَ عَنَّا نَصِيْبًا مِّنَ النَّارِ

৫৮-قَالَ الَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُلٌّ فِيهَا
إِنَّ اللَّهَ قَدْ حَكَمَ بَيْنَ الْعِبَادِ

৫৯-وَقَالَ الَّذِينَ فِي النَّارِ لِخَزَنَةِ جَهَنَّمَ
ادْعُوا رَبَّكُمْ يُخَفِّفْ عَنَّا يَوْمًا
مِّنَ الْعَذَابِ

৫০-قَالُوا أَوَلَمْ تَكُ تَأْتِيكُمُ
رُسُلُكُمْ بِالْبَيِّنَاتِ قَالُوا بَلَىٰ
قَالُوا فَاذْعُوا وَمَا دُعَاؤُ
الْكٰفِرِيْنَ إِلَّا فِي ضَلٰلٍ

সূরা কামার, ৫৪ : ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫,
৪৬, ৪৭

৪১. আর ফির'আওন সম্প্রদায়ের কাছেও
সতর্ককারীগণ এসেছিল,

৪২. কিন্তু তারা আমার সকল নিদর্শন
প্রত্যাখ্যান করল। সুতরাং আমি তাদের
পাকড়াও করলাম পরাক্রমশালী, মহা-
শক্তিধরের পাকড়াও করার মত।

৪৩. তোমাদের যুগের কাফিররা কি
পূর্বযুগের কফিরদের চেয়ে শ্রেষ্ঠ? না
কি রয়েছে তোমাদের জন্য কোন মুক্তির
সনদ আসমানী কিতাবে?

৪৪. নাকি এরা বলে : আমরা এক
অপরাজেয় দল?

৪৫. অচিরেই এ দল পরাভূত হবে এবং পৃষ্ঠ
প্রদর্শন করবে।

৪৬. অধিকন্তু কিয়ামত তাদের শাস্তির
নির্ধারিত কাল এবং কিয়ামত বড়
কঠোর ও তিক্ততর।

৪৭. নিশ্চয় অপরাধীরা বিভ্রান্ত ও বিকারগ্রস্ত।

সূরা হাক্কা, ৬৯ : ৯, ১০, ১১, ১২

৯. আর ফির'আওন, তার পূর্ববর্তীরা এবং
উল্টে দেয়া জনপদ গুরুতর পাপে লিপ্ত
ছিল।

১০. তারা তাদের রবের রাসূলকে অস্বীকার
করেছিল, ফলে আল্লাহ তাদেরকে
পাকড়াও করেন অতি কঠোরভাবে।

১১. যখন জলোচ্ছ্বাস হয়েছিল, তখন আমি
তোমাদের নৌকায় আরোহন করিয়ে-
ছিলাম,

১২. যেন এ ঘটনাকে আমি তোমাদের জন্য
একটি স্মরণীয় ব্যাপার করি এবং
স্মরণকারীরা যেন তা স্মরণ রাখে।

৫১- وَلَقَدْ جَاءَ آلَ فِرْعَوْنَ النُّذُرُ ○

৫২- كَذَّبُوا بِآيَاتِنَا كُلِّهَا فَآخَذْنَاهُمْ أَخَذَ
عَزِيزٌ مُّقْتَدِرٌ ○

৫৩- أَكْفَارَكُمْ خَيْرٌ مِّنْ أَوَّلِكُمْ
أَمْ لَكُمْ بَرَاءَةٌ فِي الزُّبُرِ ○

৫৪- أَمْ يَقُولُونَ نَحْنُ جَمِيعٌ مُّنتَصِرٌ ○

৫৫- سَيَهْزِمُ الْجَمْعُ وَيُولُونَ الدُّبُرَ ○

৫৬- بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ
وَالسَّاعَةُ أَذْهَى وَأَمْرٌ ○

৫৭- إِنَّ الْمُجْرِمِينَ فِي ضَلَالٍ وَسُعُرٍ ○

৯- وَجَاءَ فِرْعَوْنُ وَمَنْ قَبْلَهُ

وَالْمُؤْتَفِكَةُ بِالْخَاطِئَةِ ○

১০- فَعَصَوْا رَسُولَ رَبِّهِمْ

فَآخَذَهُمْ أَخَذَةً رَّابِيَةً ○

১১- إِنَّا لَنَّا طَعَا الْمَاءَ حَمَلْنَاكُمْ

فِي الْجَارِيَةِ ○

১২- لِنَجْعَلَهَا لَكُمْ تَذْكِرَةً

وَتَعِيَهَا أُذُنٌ وَاعِيَةٌ ○

বিভিন্ন কাওম

সূরা নাজ্ম, ৫৩ : ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪

৫০. আর আল্লাহ্ ধ্বংস করেছেন প্রাচীন আদ সম্প্রদায়কে,
৫১. এবং সামূদ সম্প্রদায়কেও, কাউকেই তিনি ছাড়েননি।
৫২. আর তাদের পূর্বে নূহের কাওমকেও, তারা তো ছিল বড় যালিম ও অতিশয় অবাধ্য।
৫৩. আর তিনিই লূতের সম্প্রদায়ের উপড়ানো জনপদকে শূন্যে উত্তোলন করে নিষ্ক্ষেপ করেছেন,
৫৪. এপর সে জনপদকে আচ্ছন্ন করে ফেলে যা আচ্ছন্ন করার।

৫০-وَإِنَّكَ أَهْلَكَ عَادًا الْأُولَىٰ

৫১-وَنُوحًا فَمَا أَبْقَىٰ

৫২-وَقَوْمَ نُوحٍ مِّنْ قَبْلُ

إِنَّهُمْ كَانُوا هُمْ أَظْلَمَ وَأَطْغَىٰ

৫৩-وَالْمُؤْتَفِكَةَ أَهْوَىٰ

৫৪-فَغَشَّاهَا مَا عَشَّىٰ

ইয়াহুদী

সূরা জুমু'আ, ৬২ : ৬, ৭, ৮

৬. বলুন : হে ইয়াহুদীগণ! যদি তোমরা মনে কর যে, তোমরাই আল্লাহ্র বন্ধু, অন্যান্য মানুষ ব্যতিরেকে, তবে তোমরা মৃত্যু কামনা কর, যদি তোমরা সত্যবাদী হও।
৭. কিন্তু তারা কখন তা কামনা করবে না, যা তাদের হাত আগে প্রেরণ করেছে তার কারণে। আর আল্লাহ্ যালিমদের সম্পর্কে সম্যক অবহিত।
৮. বলুন : নিশ্চয় মৃত্যু থেকে তোমরা পালিয়ে বেড়াও, একদিন তা তোমাদের সাথে সাক্ষাৎ করলেই। এরপর তোমাদের ফিরিয়ে নেওয়া হবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা আল্লাহ্র নিকট, তখন তিনি তোমাদের জানিয়ে দিবেন, যা তোমরা করতে তা।

৬-قُلْ يَٰأَيُّهَا الَّذِينَ هَادُوا إِن زَعَمْتُمْ أَنكُمْ أَوْلِيَاءُ لِلّٰهِ مِن دُونِ النَّاسِ فَتَمَتُّوا الْمَوْتَ إِن كُنْتُمْ صَادِقِينَ

৭-وَلَا يَتَمَتُّونَ أَبَدًا

بِمَا قَدَّمْت أَيْدِيَهُمْ

وَاللّٰهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ

৮-قُلْ إِن الْمَوْتَ الَّذِي تَفِرُّونَ مِنْهُ فَإِنَّهُ مُلْقِيكُمْ

ثُمَّ تَرُدُّونَ إِلَىٰ عِلْمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ

নূহ, লূত ও ফির'আওনের স্ত্রী এবং মারইয়াম

সূরা তাহরীম, ৬৬ : ১০, ১১, ১২

১০. আল্লাহ্ কাফিরদের জন্য দৃষ্টান্ত পেশ করেছেন নূহের স্ত্রীর ও লূতের স্ত্রীর। তারা ছিল আমার নেকবান্দাদের মধ্যে দুই বান্দার অধীনে। কিন্তু তারা তাদের সাথে বিশ্বাসঘাতকতা করেছিল। ফলে নূহ ও লূত তাদেরকে আল্লাহ্র শাস্তি থেকে একটুও বাঁচাতে পারেনি, তাদেরকে বলা হল : জাহান্নামে প্রবেশকারীদের সাথে তোমরাও প্রবেশ কর।

১১. আর আল্লাহ্ মু'মিনদের জন্য দৃষ্টান্ত পেশ করেছেন ফির'আওনের স্ত্রীর, যখন সে প্রার্থনা করেছিল : হে আমার রব! আমার জন্য আপনার কাছে জান্নাতে একখানা ঘর নির্মাণ করুন, আমাকে রক্ষা করুন ফির'আওন ও তার দুষ্কর্ম থেকে এবং আমাকে নাজাত দিন যালিম থেকে।

১২. আল্লাহ্ আরো দৃষ্টান্ত পেশ করেছেন ইমরানের কন্যা মারইয়ামের, যে তার সতীত্ব রক্ষা করেছিল। ফলে আমি তার মধ্যে আমার তরফ থেকে রুহ ফুঁকে দিয়েছিলাম এবং সে তার রবের বাণী ও তাঁর কিতাবসমূহ সত্য বলে গ্রহণ করেছিল। আর সে ছিল বিনয়ী ইবাদতকারীর অন্তর্ভুক্ত।

সূরা জিন্, ৭২ : ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭

১. আপনি বলুন : আমার প্রতি ওহী প্রেরণ করা হয়েছে যে, জিন্দের একটি দল মনোযোগ সহকারে কুরআন শ্রবণ করেছে এবং বলেছে : আমরা তো শ্রবণ করেছি এক বিস্ময়কর কুরআন,

১-ضَرَبَ اللَّهُ مَثَلًا لِّلَّذِينَ كَفَرُوا امْرَأَتَ نُوحٍ وَامْرَأَتَ لُوطٍ ۚ كَانَتَا تَحْتَ عَبْدَيْنِ مِنْ عِبَادِنَا صَالِحَيْنِ فَخَانَتُهُمَا فَلَمْ يُغْنِ عَنْهُمَا مِنَ اللَّهِ شَيْئًا وَقِيلَ ادْخُلَا النَّارَ مَعَ الدَّٰخِلِينَ ۝

১১-وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِّلَّذِينَ آمَنُوا امْرَأَتَ فِرْعَوْنَ ۖ إِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِي عِنْدَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِي مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهِ وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ ۝

১২-وَمَرْيَمَ ابْنَتْ عِمْرَانَ الَّتِي أَحْصَانُتُ فَرْجَهَا فَنَفَخْنَا فِيهِ مِنْ رُّوحِنَا وَصَدَّقْتُ بِكَلِمَاتِ رَبِّهَا وَكُتِبَ عَلَيْهَا إِذْ وَقَعْتَ عَلَى مَرْيَمَ بِمَا نَفَخْنَا فِيهِ مِنْ رُّوحِنَا وَوَكَّلْنَاهَا بِرَبِّهَا وَقَدَّمْنَاهَا عَلَيْهِمْ لِقَاءً أُولَٰئِكَ الَّيْنَ كَانَتْ تُسَكِّنُ عَنْهُمُ إِذْ وَكَّلْنَاهَا بِرَبِّهَا وَقَدَّمْنَاهَا عَلَيْهِمْ لِقَاءً أُولَٰئِكَ الَّيْنَ كَانَتْ تُسَكِّنُ عَنْهُمُ إِذْ وَكَّلْنَاهَا بِرَبِّهَا وَقَدَّمْنَاهَا عَلَيْهِمْ لِقَاءً أُولَٰئِكَ الَّيْنَ كَانَتْ تُسَكِّنُ عَنْهُمُ إِذْ وَكَّلْنَاهَا بِرَبِّهَا ۝

১-قُلْ أُوحِيَ إِلَيَّ أَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوا إِنَّا سَمِعْنَا قُرْآنًا عَجَبًا ۝

২. যা সঠিক পথ দেখায়, অতএব আমরা তাতে ঈমান এনেছি। আর আমরা কখনো আমাদের রবের সাথে কাউকে শরীক করব না।
৩. আর অবশ্যই আমাদের রবের মর্যাদা অতিউচ্চ। তিনি কোন স্ত্রী গ্রহণ করেননি, আর না কোন সন্তান।
৪. আর আমাদের মধ্যকার নির্বোধরা আল্লাহ্ সম্বন্ধে অতি অবাস্তব কথা বলত।
৫. আর আমরা মনে করতাম যে, মানুষ ও জিন্ কখন আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা বলবে না।
৬. আর অনেক মানুষ অনেক জিনের আশ্রয় নিত, ফলে তারা জিনদের অহংকার বাড়িয়ে দিত।
৭. আর তারা ধারণা করত, যেমন তোমরা ধারণা কর যে, আল্লাহ্ কখন কাউকে পুনরুজ্জীবিত করবেন না।
৮. আর আমরা আসমানের সংবাদ সংগ্রহ করতে চেয়েছিলাম, কিন্তু দেখতে পেলাম তা পরিপূর্ণ কঠোর প্রহরী ও উচ্চাপিণ্ড দিয়ে,
৯. আর পূর্বে আমরা সংবাদ শোনার জন্য আসমানের বিভিন্ন ঘাঁটিতে গিয়ে বসতাম, কিন্তু এখন কেউ আসমানের সংবাদ শোনতে চাইলে, সে তার জন্য প্রস্তুত পায় এক জ্বলন্ত উচ্চাপিণ্ড।
১০. আর আমরা জানি না যে, পৃথিবীবাসীর অমঙ্গল কি উদ্দেশ্যে, না তাদের রব তাদের হিদায়েত চান।
১১. আমাদের মধ্যে কতক রয়েছে নেক্কার এবং কতক এর ব্যতিক্রমও। আমরা ছিলাম বিভিন্ন পথের অনুসারী।

- ২- يَهْدِي إِلَى الرُّشْدِ فَآمَنَّا بِهِ ۖ وَلَنْ نُشْرِكَ بِرَبِّنَا أَحَدًا ۝
- ৩- وَأَنَّهُ تَعَالَى جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً وَلَا وَلَدًا ۝
- ৪- وَأَنَّهُ كَانَ يَقُولُ سَفِيهُنَا عَلَى اللَّهِ شَطَطًا ۝
- ৫- وَ إِنَّا ظَنَنَّا أَن لَّنْ نَقُولَ الْإِنْسُ وَالْجِنُّ عَلَى اللَّهِ كَذِبًا ۝
- ৬- وَأَنَّهُ كَانَ رِجَالٌ مِنَ الْإِنْسِ يَعُوذُونَ بِرِجَالٍ مِنَ الْجِنِّ فَزَادُوهُمْ رَهَقًا ۝
- ৭- وَأَنَّهُمْ ظَنُّوا كَمَا ظَنَنْتُمْ أَن لَّنْ يَنْبُعْثَ اللَّهُ أَحَدًا ۝
- ৮- وَإِنَّا لَمَسْنَا السَّمَاءَ فَوَجَدْنَاهَا مُلْتَأَتٍ حَرَسًا شَدِيدًا وَ شُهْبًا ۝
- ৯- وَ إِنَّا كُنَّا نَقْعُدُ مِنْهَا مَقَاعِدَ لِلسَّمْعِ ۖ فَسَنُ يَسْمِعُ الْإِنَّ يَجِدُ لَهُ شُهَابًا رَّصَدًا ۝
- ১০- وَ إِنَّا لَا نَذَرُكَ أَشَرُّ أَرِيدَ بَيْنَ فِي الْأَرْضِ أَمْ أَرَادَ بِهِمْ رَبُّهُمْ رَشَدًا ۝
- ১১- وَإِنَّا مِنَّا الصَّالِحُونَ وَمِنَّا دُونَ ذَلِكَ ۖ كُنَّا طَرِيقَ قَدَدًا ۝

১২- وَأَنَا ظَنَنْتَ أَنَّ لَنُتَعِزَّ اللَّهُ
فِي الْأَرْضِ وَلَنُتَعِزَّهُ هَرَبًا ○

১৩- وَأَنَا لَمَّا سَبَعْنَا الْهُدَى
أَمْنًا بِهِ ۚ فَمَنْ يُؤْمِنُ بِرَبِّهِ
فَلَا يَخَافُ بَخْسًا وَلَا رَهَقًا ○

১৪- وَأَنَا مِنَّا السُّلُوبُونَ وَمِنَّا الْقُسِطُونَ ۚ
فَمَنْ أَسْلَمَ فَأُولَئِكَ تَحَرَّوْا رَشَدًا ○

১৫- وَأَمَّا الْقُسِطُونَ فَكَانُوا لِجَهَنَّمَ
حَطَبًا ○

১৬- وَأَنْ لَّوِ اسْتَقَامُوا عَلَى الطَّرِيقَةِ
لَأَسْقَيْنَهُمْ مَاءً غَدَقًا ○

১৭- لِنَفْتِنَهُمْ فِيهِ ۚ
وَمَنْ يُعْرِضْ عَنْ ذِكْرِ رَبِّهِ
يَسْلُكْهُ عَذَابًا صَعَدًا ○

ও সামুদ ইত্যাদি

৬- أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ○

৭- إِرْمَ ذَاتِ الْعِمَادِ ○

৮- الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ○

৯. আর সামুদের প্রতি যারা পাহাড়ের উপত্যকায় পাথর কেটে গৃহ নির্মাণ করেছিল?
১০. আর ফির'আওনের প্রতি, যে বহু সৈন্য শিবিরের অধিপতি?
১১. যারা দেশে সীমালংঘন করেছিল,
১২. আর সেখানে বহু ধরনের ফাসাদ সৃষ্টি করেছিল।
১৩. এরপর আপনার রব তাদের প্রতি শাস্তির কশাঘাত হানলেন।

কুরা

সূরা কুরাইশ, ১০৬ : ১, ২, ৩, ৪

১. যেহেতু কুরাইশদের আসক্তি আছে,
২. তাদের আসক্তি রয়েছে শীত ও গ্রীষ্মকালীন সফরের,
৩. অতএব তারা যেন ইবাদত করে এই ঘরের মালিকের,
৪. যিনি তাদেরকে ক্ষুধায় খাদ্য দিয়েছেন এবং ভয়ভীতি থেকে তাদেরকে নিরাপদ রেখেছেন।

আবু লাহাব

সূরা লাহাব, ১১১ : ১, ২, ৩, ৪, ৫,

১. ধ্বংস হোক আবু লাহাবের দুই হাত এবং সে ধ্বংস হোক নিজেও।
২. তার ধন-সম্পদ এবং সে যা উপার্জন করেছে, তা তার কোন কাজে আসেনি।
৩. অচিরেই সে দগ্ধ হবে লেলিহান আগুনে,
৪. এবং তার স্ত্রীও, যে কাঠের বোঝা বহন করে,
৫. তার গলায় থাকবে উত্তমরূপে পাকানো একটি রশি।

দ্বিতীয় পরিচ্ছেদ

দেব-দেবী

গো-বৎস

সূরা বাকারা : ২ : ৫১, ৫২, ৫৩, ৫৪, ৯২,
৯৩

৫১. আর যখন আমি ওয়াদা করেছিলাম মূসার সাথে চল্লিশ রাতের, তারপর তোমরা তার অনুপস্থিতিতে গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করেছিলে, আর তোমরা তো ছিলে যালিম।
৫২. এরপরও আমি তোমাদের ক্ষমা করেছি, যাতে তোমরা শোক্র কর।
৫৩. আর স্মরণ কর, আমি দিয়েছিলাম মূসাকে কিতাব ও ফুরকান, যাতে তোমরা হিদায়াতপ্রাপ্ত হও।
৫৪. আর মূসা যখন তার কাওমের লোকদের বলেছিল : হে আমার কাওম! নিশ্চয় তোমরা তোমাদের উপর যুলুম করেছ গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করে। সুতরাং তোমরা তোমাদের স্রষ্টার দিকে ফিরে যাও এবং নিজেদের হত্যা কর। এটাই কল্যাণকর তোমাদের জন্য তোমাদের স্রষ্টার কাছে। এরপর তিনি তোমাদের প্রতি ক্ষমাপরবশ হলেন। নিশ্চয় তিনি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।
৯২. আর এসেছিল মূসা তোমাদের কাছে স্পষ্ট নিদর্শন দিয়ে, এরপর তোমরা তার

৫১-وَإِذْ وُعِدْنَا مُوسَىٰ أَرْبَعِينَ لَيْلَةً ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِن بَعْدِهِ

وَأَنْتُمْ ظَالِمُونَ ○

৫২-ثُمَّ عَفَوْنَا عَنْكُم مِّن بَعْدِ ذَلِكَ

لَعَلَّكُمْ تَشْكُرُونَ ○

৫৩-وَإِذْ آتَيْنَا مُوسَىٰ الْكِتَابَ وَالْفُرْقَانَ

لَعَلَّكُمْ تَهْتَدُونَ ○

৫৪-وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ يُقَوْمِ إِنكُمْ

ظَلَمْتُمْ أَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوبُوا

إِلَىٰ بَارِيكُمْ فَاقْتُلُوا أَنْفُسَكُمْ ۖ

ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِيكُمْ ۖ

فَتَابَ عَلَيْكُمْ ۖ

إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ ○

৯২-وَلَقَدْ جَاءَكُمْ مُوسَىٰ بِالْبَيِّنَاتِ

অনুপস্থিতিতে গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করেছিল। আর তোমরা তো যালিম।

৯৩. আর স্মরণ কর, যখন আমি তোমাদের কাছ থেকে ওয়াদা নিয়েছিলাম এবং ত্বরকে তোমাদের উপর তুলে ধরে-ছিলাম, বলেছিলাম : দৃঢ়ভাবে ধর, যা আমি তোমাদের দিয়েছি এবং শোন। তারা বলেছিল : আমরা শোনলাম ও অমান্য কারলাম। কুফরীর কারণে তাদের হৃদয়ে গো-বৎস প্রীতি সিঞ্চিত হয়েছিল। আপনি বলে দিন : যদি তোমরা বিশ্বাসী হও, তাহলে তোমাদের বিশ্বাস যার আদেশ করে, তা কতই না মন্দ!

সূরা নিসা, ৪ : ১৫৩

১৫৩. আহ্লে কিতাব আপনার কাছে আবেদন করে, তাদের উপর আসমান থেকে কিতাব অবতীর্ণ করিয়ে দিতে। কিন্তু তারা তো মূসার কাছে এর চেয়েও বড় দাবি করেছিল। আর তারা বলেছিল : আমাদের দেখাও আল্লাহকে প্রকাশ্যে। ফলে তাদের পাকড়াও করল বজ্রপাত তাদের যুলুমের কারণে। এরপর তারা গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করেছিল তাদের কাছে স্পষ্ট প্রমাণ আসার পরও। আর আমি তা ক্ষমা করে দিয়েছিলাম এবং দিয়েছিলাম মূসাকে স্পষ্ট প্রমাণ।

সূরা আ'রাফ, ৭ : ১৪৮, ১৫২

১৪৮. আর মূসার কাওম তার অনুপস্থিতির সময় তাদের অলংকার দিয়ে বানিয়ে নিল একটি গো-বৎস, যার একটা দেহ ছিল, যা 'হাযা' রব করত। তারা কি দেখল না যে, সে গো-বৎস না তাদের

ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ
مِنْ بَعْدِهِ وَأَنْتُمْ ظَالِمُونَ ○

১৩- وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ
وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّورَ
خُذُوا مَا آتَيْنَكُمْ بِقُوَّةٍ وَاسْمَعُوا
قَالُوا سَمِعْنَا وَعَصَيْنَا
وَأَشْرَيْنَا فِي قُلُوبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ
قُلْ بِسْمَايَا مُرْكُم بِهِ إِيْمَانُكُمْ
إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ○

১৫৩- يَسْأَلُكَ أَهْلُ الْكِتَابِ أَنْ تُنَزِّلَ
عَلَيْهِمْ كِتَابًا مِنَ السَّمَاءِ فَقَدْ سَأَلُوا مُوسَى
أَكْبَرَ مِنْ ذَلِكَ فَقَالُوا أَرِنَا اللَّهَ جَهْرَةً
فَأَخَذَتْهُمُ الصَّعِقَةُ بِظُلْمِهِمْ
ثُمَّ اتَّخَذُوا الْعِجْلَ مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمْ
الْبَيِّنَاتُ فَعَفَوْنَا عَنْ ذَلِكَ
وَآتَيْنَا مُوسَى سُلْطَانًا مُبِينًا ○

১৪৮- وَاتَّخَذَ قَوْمُ مُوسَى
مِنْ بَعْدِهِ مِنْ حُلِيِّهِمْ
عِجْلًا جَسَدًا لَهُ خُورٌ
أَلَمْ يَرَوْا أَنَّهُ لَا يَكْلِمُهُمْ

সাথে কথা বলে, আর না তাদের পথ দেখায়? তারা সেটিকে উপাস্যরূপে গ্রহণ করল। আর তারা ছিল যালিম।

১৫২. অবশ্য যারা গো-বৎসকে মা'বুদ বানিয়ে নিয়েছে, তাদের উপর অচিরেই এ পার্থিব জীবনে তাদের রবের তরফ থেকে গযব ও অবমাননা আপতিত হবে। আর এভাবেই আমি শাস্তি দিয়ে থাকি মিথ্যা রচনাকারীদেরকে।

সূরা তো-হা, ২০ : ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭

৮৭. মূসার কাওমের লোকেরা বলল : আমরা আপনার সাথে কৃত ওয়াদা স্বেচ্ছায় ভঙ্গ করিনি, বরং আমাদের উপর চাপিয়ে দেয়া হয়েছিল লোকদের অলংকারের বোঝা এবং আমরা তা আগুনে নিক্ষেপ করেছি, তারপর সামিরী ও অনুরূপভাবে নিক্ষেপ করেছে।

৮৮. এরপর সামিরী তাদের জন্য একটি গো-বৎস বানালে, যার একটা দেহ ছিল এবং যা 'হান্বা' রব করত। কাওমের লোকেরা বলল : এটাই তোমাদের মা'বুদ এবং মূসারও মা'বুদ। কিন্তু মূসা তা ভুলে গেছে।

৮৯. তবে কি তারা এতটুকুও দেখে না যে, এটা তাদের কোন কথার উত্তর দেয় না এবং তাদের কোন ক্ষতি ও উপকার করার ক্ষমতা রাখে না?

৯০. আর হারুন তো পূর্বেই তাদেরকে বলেছিল : হে আমার কাওম! তোমাদের তো এ গো-বৎস দিয়ে পরীক্ষায় ফেলা হয়েছে। নিশ্চয় তোমাদের রব পরম দয়াময়। সুতরাং তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল।

وَلَا يَهْدِيهِمْ سَبِيلًا
اتَّخَذُوهُ وَكَانُوا ظَالِمِينَ ○

১৫২- إِنَّ الَّذِينَ اتَّخَذُوا الْعِجْلَ
سَيَنَالُهُمْ غَضَبٌ مِّن رَّبِّهِمْ
وَذِلَّةٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا
وَكَذَلِكَ نَجْزِي الْمُفْتَرِينَ ○

৮৭- قَالُوا مَا آخَلَفْنَا مَوْعِدَكَ بِمَلِكِنَا
وَلَكِنَّا حُمِلْنَا
أَوْزَارًا مِّن زِينَةِ الْقَوْمِ فَقَدْ تَفَنَّا
فَكَذَلِكَ أَلْقَى السَّامِرِيُّ ○

৮৮- فَأَخْرَجَ لَهُمْ عِجْلًا جَسَدًا آلِهَهُ خُورًا
فَقَالُوا هَذَا إِلَهُكُمْ
وَإِلَهُ مُوسَىٰ ه فَتَنَى ○

৮৯- أَفَلَا يَرَوْنَ إِلَّا يَرْجِعُ إِلَيْهِمْ قَوْلًا
وَلَا يَمْلِكُ
لَهُمْ ضَرًّا وَلَا نَفْعًا ○

৯০- وَلَقَدْ قَالَ لَهُمْ هَارُونُ مِن قَبْلُ
يَقَوْمِ إِنَّمَا فُتِنْتُمْ بِهِ وَإِنَّ رَبَّكُمُ
الرَّحْمَنُ فَاتَّبِعُونِي
وَاطِيعُوا أَمْرِي ○

৯১. তারা বলল : আমাদের কাছে মূসা ফিরে না আসা পর্যন্ত আমরা তো এরই উপাসনায় লেগে থাকব।
৯২. মূসা বলল হে হারুন! তুমি যখন দেখলে তারা পথভ্রষ্ট হয়ে গেছে, তখন তোমাকে কিসে নিবৃত্ত করল,
৯৩. আমার অনুসরণ করা হতে? তবে কি তুমি আমার আদেশ অমান্য করলে?
৯৪. হারুন বলল : হে আমার সহোদর! তুমি আমার দাড়ি ও আমার চুল ধরে টেনো না। আমি তো আশংকা করেছিলাম যে, তুমি বলবে : তুমি বনী ইসরাঈলের মধ্যে বিভেদ সৃষ্টি করেছ এবং আমার কথা রক্ষা করনি।
৯৫. মূসা বলল : হে সামিরী! তোমার বক্তব্য কি?
৯৬. সে বলল : আমি দেখেছিলাম এমন কিছু, যা অন্যেরা দেখেনি। তারপর আমি নিয়ে ছিলাম প্রেরিত দূতের পদচিহ্ন থেকে এক মুষ্টি মাটি এবং আমি তা নিক্ষেপ করেছিলাম। আমার মন আমাকে এরূপ করতে প্ররোচিত করেছিল।
৯৭. মূসা বলল : দূর হয়ে যা, তোর জন্য সারাজীবন এ শাস্তিই রইল যে, তুই বলবি : কেউ আমাকে স্পর্শ করো না এবং তোর জন্য আরো একটি ওয়াদা আছে, যা তোর বেলায় ব্যতিক্রম হবার নয়। আর তুই তোর ঐ মা'বুদের প্রতি লক্ষ্য কর, যার পূজায় তুই লেগে ছিলি। আমরা তা এখনই জ্বালিয়ে দিচ্ছি, তারপর তা সাগরে নিক্ষেপ করব।

লাত, উয্যা ও মানাত

সূরা নাজ্ম, ৫৩ : ১৯, ২০, ২১, ২২, ২৩

১৯. তোমরা কি ভেবে দেখেছ লাত ও উয্যা সম্বন্ধে,
২০. এবং তৃতীয় আরেকটি মানাত সম্বন্ধে ?
২১. তবে কি তোমাদের জন্য পুত্র সন্তান এবং তোমাদের রবের জন্য কন্যা সন্তান ?
২২. এ ধরনের বণ্টন তো খুবই অসংগত ।
২৩. এগুলো তো নিছক নাম মাত্র, যা তোমরা ও তোমাদের পূর্বপুরুষেরা রেখেছ, এর সমর্থনে আল্লাহ কোন দলীল নাযিল করেননি। তারা তো কেবল অনুসরণ করেছে ভিত্তিহীন অনুমানের এবং স্বীয় প্রবৃত্তির। অথচ তাদের কাছে তো এসেছে, তাদের রবের তরফ থেকে হিদায়েত।

১৯-أَفَرَأَيْتُ

২০-وَمَنَؤُا

২১-الْكُتُمُ

২২-تِلْكَ إِذْ أَسْمَعُ ضِيزِي

২৩-إِنْ هِيَ إِلَّا أَسْمَاءُ

سَمِيئُوهَا أَنْتُمْ وَأَبَاؤُكُمْ

مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ

إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْأَنْفُسُ

وَلَقَدْ جَاءَهُمْ مِنْ رَبِّهِمُ الْهُدَى

বা'আল

সূরা সাফ্ফাত, ৩৭ : ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭

১২৩. ইলিয়াসও ছিল রাসূলদের একজন।
১২৪. স্মরণ কর, সে তার কাওমকে বলেছিল : তোমরা কি সাবধান হবে না ?
১২৫. তোমরা কি বা'আল দেবতার পূজা করবে, আর সর্বশ্রেষ্ঠ সৃষ্টিকর্তাকে পরিত্যাগ করবে ?
১২৬. যিনি আল্লাহ তোমাদের রব এবং তোমাদের পূর্ববর্তী পিতৃপুরুষদেরও রব ?
১২৭. কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বলেছিল। সুতরাং তাদেরকে অবশ্যই শাস্তির জন্য হাযির করা হবে।

১২৩-وَإِنْ إِلْيَاسَ لَمِنَ الْمُرْسَلِينَ

১২৪-إِذْ قَالَ لِقَوْمِهِ إِلَّا تَتَّقُونَ

১২৫-أَتَدْعُونَ بَعْلًا وَتَذَرُونَ

أَحْسَنَ الْخَالِقِينَ

১২৬-اللَّهُ رَبُّكُمْ

وَرَبُّ آبَائِكُمُ الْأَوَّلِينَ

১২৭-فَكَذَّبُوهُ فَأْتَهُمُ لَحِضْرُونَ

ওয়াদ, সূওয়া'আ, ইয়া'উক, ইয়াগুস ও নাস্র

সূরা নূহ, ৭১ : ২৩, ২৪, ২৫

২৩. আর নূহের কাওম বলেছিল : তোমরা তোমাদের দেবতাদের কখনো ত্যাগ করো না এবং পরিত্যাগ করো না ওয়াদ, সূওয়া'আ, ইয়াগুস, ইয়া'উক ও নাস্রকে।
২৪. তারা তো অনেককে পথভ্রষ্ট করেছে। সুতরাং এ সব যালিমদের গুমরাহী আরো বাড়িয়ে দিন।
২৫. তাদের পাপের দরুন তাদেরকে নিমজ্জিত করে দেয়া হয়েছিল এবং পরে দোষখে দাখিল করা হয়েছিল। এরপর তারা কাউকে তাদের জন্য আল্লাহর মুকাবিলায় সাহায্যকারী পায়নি।

২৩- وَقَالُوا لَا تَذَرُنَّ آلِهَتَكُمْ
وَلَا تَذَرُنَّ وَدًّا وَلَا سُوَاعًا
وَلَا يَغُوثَ وَيَعُوقَ وَنَسْرًا ○

২৪- وَقَدْ أَضَلُّوا كَثِيرًا
وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا ضَلَالًا ○

২৫- مِمَّا خَطِيئَتِهِمْ أُغْرِقُوا
فَادْخُلُوا نَارًا ۚ فَلَمْ يَجِدُوا لَهُمْ
مِّنْ دُونِ اللَّهِ أَنْصَارًا ○